# মোটরচালিত কার্গো পরিবহণের সরঞ্জাম

차량계 하역운반기계 작업

কর্মক্ষেত্র অনুসারে 작업별

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다
2016-교육미디어-833

Bangladesh

মোটরচালিত কার্গো পরিবহণ সরঞ্জামের মধ্যে ফর্ক লিফ্ট, ঠেলাগাড়ী এবং মালবাহী গাড়ীগুলো অন্তর্ভুক্ত। এই ধরনের মোটরগাড়ীগুলিতে অসুরক্ষিত পথ এবং গতি বাড়ানোর ঘটনা জড়িত থাকে বলে অত্যন্ত বেশি হারে দুর্ঘটনা ঘটে।
차량계 하역운반기계는 지게차, 구내운반차, 화물자동차 등 주행 장치를 구비하고 있는 하역운반기계를 말하는 것으로, 통로 미확보, 과속 등 부딪힘 등에 의한 재해위험이 높다.

## » বড়মাপের নিরাপত্তা ঝুঁকিগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে: 주요 유해·위험 요인

- মেঝের অসমান তলের মত পরিবেশের কারণগুলোর দরুণ মোটরচালিত কার্গো সরঞ্জাম গড়িয়ে যাওয়া বা উল্টে যাওয়া
  차량계 하역운반기계 운행 중 노면 불량 등 작업장 조건에 따른 넘어짐 / 뒤집힘
- অনভিজ্ঞ ড্রাইভারের গাড়ী চালানো বা গতি বাড়ানোর জন্য ধাক্কা লাগা
  무자격자에 의한 운행 중 과속, 운전 미숙에 의한 부딪힘, 끼임
- কাজের স্থানে প্রবেশাধিকার নিয়ন্ত্রণ করতে না পারায় ধাক্কা লাগা বা পিষে দেওয়া
  작업반경 내 작업자 출입에 따른 부딪힘, 깔림
- বোঝার প্রস্তাবিত ওজনসীমা ছাড়িয়ে যাওয়ার ফলে ধাক্কা লাগা বা ক্রেন পড়ে যাওয়া
  허용하중 초과 적재·사용에 따른 맞음, 넘어짐




## ☑ সুরক্ষা তালিকা 안전점검 체크리스트

| পরিদর্শনের বিষয় 점검항목 | পরিদর্শনের ফলাফল 점검결과 | সতর্কতা 조치사항 |
|---|---|---|
| কর্মীরা কি কাজের স্থান, কাজের সূচী, পরিবহণের পথ, এবং চালনার পদ্ধতি সম্পর্কে অবগত?<br>작업장소 및 시간, 이동경로, 작업방법 등을 해당 근로자는 알고 있는가? | | |
| কাজের স্থানটি কি অপ্রয়োজনীয় বা অনুমোদিত কর্মী মুক্ত রয়েছে? প্রবেশ নিয়ন্ত্রণ করতে কি কাজের সমন্বয়কারী বা সঙ্কেতপ্রেরক নিয়োগ করা হয়েছে?<br>작업장소 주변에 다른 근로자가 없으며 접근을 통제하고 있는가?(작업지휘자 또는 유도자 배치) | | |
| পরিবহণ পথটি কি বসে যাওয়ার বা ধ্বসে যাওয়ার কোন ঝুঁকি রয়েছে?<br>작업경로에는 지반침하, 갓길 붕괴 등의 위험성이 없는가? | | |
| কাজের পরিবেশের মধ্যে কি কোন গতিসীমা ধার্য করা হয়েছে?<br>작업장 내 운행속도에 대한 제한은 있는가? | | |
| মাল বোঝাই করার সময় কি ভারসাম্য রক্ষা করা হয়েছে? মালটিকে কি পড়ে যাওয়া আটকাতে শক্তভাবে বাঁধা হয়েছে?<br>화물 적재 시 한쪽으로 치우치지 않도록 하고, 화물이 떨어지지 않도록 조치하였는가? | | |
| মোটরচালিত কার্গো সরঞ্জামটিকে কি শুধুমাত্র এটির লক্ষিত উদ্দেশ্যেই ব্যবহার করা হচ্ছে? যেমন, মাল বহনের কাজে<br>화물의 적재·하역 등 주된 용도에만 사용하는가? | | |
| মেরামত বা রক্ষণাবেক্ষণের জন্য কি অংশগুলোর জোড়া ও খোলার কর্মপন্থা প্রতিষ্ঠা করা হয়েছে? কাজের মধ্যে কি সমন্বয় সাধন করা হচ্ছে? সুরক্ষা ব্লক ব্যবহার করা হচ্ছে কি?<br>수리 또는 부속장치의 장착 및 해체작업을 하는 경우 작업순서를 결정하고 작업지휘하고, 안전블록 등을 사용하는가? | | |
| মাল তোলার জন্য ব্যবহৃত এই দড়িগুলোর কোনটি কি ক্ষয়িত বা ক্ষতিগ্রস্ত হয়ে রয়েছে?<br>손상, 부식 등 섬유로프 등의 짐걸이로 사용하지 않는가? | | |
| অতিরিক্ত বোঝাই করা হচ্ছে কি?<br>화물을 과적재하지 않는가? | | |
| বোঝাই করা মালের জন্য কি চালকের দৃষ্টির পাল্লা আটকে যাচ্ছে?<br>적재된 화물이 운전자의 시야를 가리지 않는가? | | |
| 100 কেজির থেকে বেশি ওজনবিশিষ্ট মাল বোঝাই ও খালাস করার জন্য কি কাজের সমন্বয়কারী নিয়োগ করা হয়েছে?<br>무게 100KG 이상인 화물 상 · 하차 작업 시 작업지휘자가 배치되어 있는가? | | |

산업재해예방 안전보건공단

# মোটরচালিত কার্গো সরঞ্জামের নিরাপদ ব্যবহার
차량계 하역운반기계 작업 일반 안전조치

## সাধারণ নিরাপত্তা বিধি 일반 준수사항

- কাজ শুরু করার আগে তত্ত্বাবধায়ককে নিম্নলিখিত পরীক্ষাগুলো অবশ্যই করতে হবে।
  작업을 시작하기 전에 관리감독자로 하여금 필요한 사항을 점검하도록 하여야 한다.

**মাল পরিবহণের কাজের জন্য একটি ফর্কলিফ্টের ব্যবহার**
지게차를 사용하여 작업을 하는 때

- ব্রেক, নিয়ন্ত্রক, মাল বোঝাইয়ের কার্যকারিতা এবং হাইড্রলিক ব্যবস্থা ভালো আছে কিনা দেখে নিন।
  제동장치 및 조종장치, 하역장치 및 유압장치 기능의 이상 유무
- চাকা, হেডলাইট/ টেললাইট, নির্দেশক এবং হর্ন ভালো আছে কিনা দেখে নিন।
  바퀴의 이상 유무, 전조등·후미등·방향지시기 및 경보장치 기능의 이상 유무

**মাল পরিবহণের কাজের জন্য একটি মোটরচালিত ঠেলাগাড়ী ব্যবহার করা**
구내 운반차를 사용하여 작업을 할 때

- ব্রেক, নিয়ন্ত্রক, মাল বোঝাইয়ের কার্যকারিতা এবং হাইড্রলিক ব্যবস্থা ভালো আছে কিনা দেখে নিন।
  제동장치 및 조종장치, 하역장치 및 유압장치 기능의 이상 유무
- চাকা, হেডলাইট/ টেললাইট, নির্দেশক এবং হর্ন ভালো আছে কিনা দেখে নিন।
  바퀴, 전조등·후미등·방향지시기 및 경음기 기능의 이상 유무
- চার্জ দেওয়ার ইউনিট এবং হোল্ডারগুলো ভালো আছে কিনা দেখে নিন।
  충전장치를 포함한 홀더 등의 결합상태의 이상 유무

**মাল পরিবহণের কাজের জন্য একটি মালবাহী**
화물자동차를 사용하는 작업을 하게 할 때

- ব্রেক, নিয়ন্ত্রক, মাল বোঝাইয়ের কার্যকারিতা এবং হাইড্রলিক ব্যবস্থা ভালো আছে কিনা দেখে নিন।
  제동장치 및 조종장치, 하역장치 및 유압장치의 기능
- চাকাগুলো ভালো আছে কিনা দেখে নিন।
  바퀴의 이상 유무

- ড্রাইভার ছাড়া অন্য যাত্রী পরিবহণ করতে আবশ্যিকভাবে মোটরচালিত কার্গো সরঞ্জাম ব্যবহার করা যাবে না। যদি সুরক্ষা বেড়া বসানো থাকে তাহলে এটির ব্যতিক্রম করা যেতে পারে
  승차석이 아닌 위치에 근로자를 탑승시켜서는 안되며, 화물자동차 적재함에 근로자를 탑승시켜서는 아니 된다. 단, 화물자동차에 울 등 추락 방지하는 조치를 한 경우에는 제외
- একটি উপযুক্ত গতিসীমা অবশ্যই ধার্য করতে হবে এবং মোটরচালিত কার্গো সরঞ্জামের ড্রাইভারকে সেটি অনুসরণও করতে হবে।
  작업장소에 적합한 제한속도를 정하고, 운전자로 하여금 준수하도록 하여야 한다.
- ড্রাইভারের গাড়ী চালানোর অবস্থা ছেড়ে আসার আগে নিম্নলিখিত নিয়মগুলোকে অবশ্যই পালন করতে হবে।
  운전자가 운전위치를 이탈하는 경우 다음 사항을 준수하도록 하여야 한다.

  – ফর্ক, বালতি বা ডিপারটিকে একদম নীচের স্থানে নামিয়ে দিন।
    포크, 버킷, 디퍼 등의 장치를 가장 낮은 위치 또는 지면에 내려 둘 것

  – ইঞ্জিন বন্ধ করুন এবং আচমকা চলা রোধ করতে ব্রেকগুলোকে চালু করে দিন।
    원동기를 정지시키고 브레이크를 확실히 거는 등 갑작스러운 주행이나 이탈을 방지하기 위한 조치를 할 것

  – ড্রাইভারের আসন ছেড়ে যাওয়ার আগে ইগনিশন থেকে চাবিটিকে বের করে নিন।
    운전석을 이탈하는 경우에는 시동키를 운전대에서 분리시킬 것

- মাল, অন্যান্য মোটরচালিত কার্গো সরঞ্জাম বা কর্মীদের সাথে ধাক্কা লাগার সম্ভাবনা আছে এমন স্থানে গাড়ীটি চালাবেন না।
  하역 또는 운반 중인 화물이나 그 차량계 하역운반기계에 접촉되어 근로자가 위험해질 우려가 있는 장소에는 출입시켜서는 아니 된다.
- মাল পরিবহণের কাজের জন্য শুধুমাত্র মোটরচালিত কার্গো সরঞ্জামই ব্যবহার করুন। নিরাপত্তার কোন বিপত্তি উপস্থিত না থাকলে সেখানে একটি ব্যতিক্রম করা যেতেই পারে।
  화물의 적재·하역 등 주된 용도에만 사용하여야 한다.
- অংশগুলি মেরামত, জোড়া বা খোলার আগে একজন কাজের সমন্বয়কারীকে নিয়োগ করুন এবং ধার্য পদ্ধতি অনুসারেই কাজটি সম্পাদন করুন। সুরক্ষা ঠেস বা সুরক্ষা ব্লকের ব্যবহার পরিদর্শন করুন।
  수리 또는 부속장치의 장착 및 해체작업을 하는 경우 지휘자를 지정하여 작업순서를 결정하고 작업을 지휘하고, 안전지주 또는 안전블록 등의 사용 상황 등을 점검하도록 한다.



কাজের আগের নিরাপত্তা পরিদর্শন
작업 전 안전점검

# বৈদ্যুতিক যন্ত্র এবং সরঞ্জাম

전기기계기구

কর্মক্ষেত্র অনুসারে 작업별

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다
2016-교육미디어-834

Bangladesh

বৈদ্যুতিক কেন্দ্রের সাথে যুক্ত বা একটি বৈদ্যুতিক কেন্দ্র গঠন করে এমন অংশ ও যন্ত্রপাতির সাধারণ পরিভাষাটি হল “বৈদ্যুতিক যন্ত্র এবং সরঞ্জাম”।
전기기계·기구라 함은 전기설비의 일부로 사용되거나 전기설비에 접속되는 피팅, 전기기구, 조명기구 등을 총칭하는 일반적인 용어를 말한다

**বড়মাপের নিরাপত্তা ঝুঁকিগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:** 주요 유해·위험 요인

- বৈদ্যুতিক যন্ত্র বা সরঞ্জাম থেকে বেরিয়ে থাকা বিদ্যুৎবাহী কোন অংশের সংস্পর্শে আসার ফলে তড়িতাহত হওয়া
  전기기계기구의 전기충전 노출부 접촉에 의한 감전
- বৈদ্যুতিক যন্ত্র বা সরঞ্জামের ক্ষতিগ্রস্ত অন্তরণ থেকে ছিদ্রপথে বিদ্যুৎ বেরোনোর ফলে তড়িতাহত হওয়া
  전기기계기구 절연파괴로 전기누전에 의한 감전
- বৈদ্যুতিক যন্ত্র বা সরঞ্জামের বাইরের বেষ্টনী মাটিতে স্থাপন করা না হলে তার ফলস্বরূপ তড়িতাহত হওয়ার ঘটনা ঘটতে পারে
  전기기계기구 외함 미접지로 인한 감전



## বৈদ্যুতিক নিরাপত্তা বিধি
전기 사용에 따른 안전 수칙

### সাধারণ নিরাপত্তা 일반사항

- বিদ্যুতের স্যুইচগুলো থেকে দাহ্য পদার্থ দূরে সরিয়ে রাখুন।
  전기 스위치 부근에 인화성, 가연성 물질 등을 놓아서는 안된다.
- অপ্রয়োজনীয় জিনিস প্যানেলবোর্ডের বাইরে রাখুন।
  스위치함(분전반) 내부에 불필요한 물건을 보관해서는 안된다.
- সব স্যুইচের উপরে ব্যবহারকারী দল ও তাদের নাম লিখে দিন।
  모든 스위치는 사용처, 이름을 명기해야 한다.
- মেরামত বা পরীক্ষা করা হচ্ছে এমন মেশিনারী বা সরঞ্জামকে “রক্ষণাবেক্ষণ চলছে” লিখে চিহ্নিত করে দিন, এবং সেই স্থানে অননুমোদিত কর্মীর প্রবেশ রোধ করুন।
  전기 수리 또는 점검할 때에는 “수리중”, “점검중” 표시를 하고 관계자 이외는 출입금지를 시켜야 한다.
- সব বৈদ্যুতিক যন্ত্র ও সরঞ্জামে সঠিক ধরনের গ্রাউন্ড বসান।
  모든 전기기계·기구에는 접지는 올바른 것을 확실하게 접속해야 한다.
- বিস্ফোরক পদার্থ স্যুইচ, প্যানেলবোর্ড এবং মোটর থেকে দূরে সরিয়ে রাখুন।
  스위치, 배전반, 전동기 등 전기기계·기구에 가연성 물질이 닿지 않도록 한다.
- সংযোগকারী স্থানের নিরাপত্তা যাচাই করে এবং নিরাপদ সংযোগ পাওয়ার পরেই স্যুইচ খুলুন এবং বন্ধ করুন
  스위치 개폐는 접속 부분의 안전을 확인하고 확실하게 접속한 다음 개폐해야 한다.
- অনুমতি ছাড়া বিদ্যুতের তার বসাবেন না।
  허가없이 임의로 전기 배선을 접속 사용하지 않는다.
- ত্রুটিপূর্ণ বৈদ্যুতিক যন্ত্র বা সরঞ্জাম ব্যবহার করবেন না।
  결함이 있거나 작동상태가 불량한 전기기계·기구는 사용하지 않는다
- একটি পাওয়ার প্লাগ খুলতে, প্লাগটিকেই ধরে টানুন। কেবলটি ধরে টানবেন না
  전원으로부터 플러그를 뽑을 때에는 선을 잡아 당기지 말고 플러그 전체를 잡아 당겨야 한다.

산업재해예방
안전보건공단

## বৈদ্যুতিক যন্ত্র এবং সরঞ্জামের দৈনিক পরীক্ষা 전기기계·기구의 일상 점검 요령




- আর্দ্র বা ভেজা স্থানে ব্যবহার করা বৈদ্যুতিক যন্ত্র ও সরঞ্জামকে আবশ্যিকভাবে মাটিতে স্থাপন করতে হবে। হাত এবং পা অবশ্যই ভেজা থাকা চলবে না।
  습기나 물기가 많은 곳에서 전기를 사용할 때에는 전기기계·기구에 접지 시설이 되어 있어야 하고 손과 발에 물기가 없어야 한다.
- বৈদ্যুতিক যন্ত্র ও সরঞ্জামের সাথে যুক্ত কর্ড এবং তার যাতে সঠিক মানেরই হয় তা নিশ্চিত করে নিন।
  전기기계·기구 사용을 위한 코드나 배선 기구는 용량과 규격에 맞는 것을 사용한다.
- ছিদ্রপথে বিদ্যুৎ বেরোনো থেকে তড়িতাহত হওয়া এবং আগুন লাগা রুখতে মাসে অন্ততঃ একবার করে গ্রাউন্ড লিকেজ ব্রেকারের স্বাভাবিক কার্যকলাপ পরীক্ষা করতে সেগুলোর টেস্ট বোতামটি ব্যবহার করুন।
  누전으로 인한 화재나 감전사고 예방의 기본 장치인 누전차단기는 월 1회 이상 시험 버튼으로 정상작동 여부를 확인한다.
- ছিদ্রপথে বিদ্যুৎ বেরোনো, শর্ট সার্কিট, বা তড়িতাহত হওয়ার ঘটনা রুখতে ত্রুটিপূর্ণ বলে চিহ্নিত বৈদ্যুতিক যন্ত্র বা সরঞ্জাম বদলান বা মেরামত করুন।
  이상이 감지된 전기기계·기구는 누전, 합선, 감전사고의 위험이 매우 높으므로 반드시 개·보수하여 사용한다.
- বৈদ্যুতিক কেন্দ্র সারানোর বা প্রতিস্থাপনের ভার কোন অনুপযুক্ত ব্যক্তিকে দেওয়া হলে তা থেকে মারাত্মক বিপদ ঘটতে পারে। এইরকম কাজ করানোর জন্য সর্বদাই কোন উপযুক্ত বিদ্যুৎ বিশেষজ্ঞকে রাখুন।
  무자격자에게 전기 설비의 개·보수를 의뢰하는 경우 더 위험한 결과를 불러올 수 있으므로 반드시 관계자(전기담당)에 의뢰한다.

## বৈদ্যুতিক কাজে নিরাপত্তা 전기 안전 작업 요령

- সরঞ্জাম পরীক্ষা করার আগে বিদ্যুতের সরবরাহ বিচ্ছিন্ন করে দিন এবং কোন পাওয়ার প্লাগ থাকলে তা খুলে দিন।
  장비를 점검하기 전에 전원 차단, 플러그가 있는 장비는 플러그를 뽑는다.
- বিদ্যুৎ সরবরাহ বন্ধ করার সময়, অন্তরিত দস্তানা পরুন এবং ডান হাত ব্যবহার করুন। স্যুইচ বক্সের থেকে আপনার মুখ সরিয়ে রেখে লিভারটি নীচে টানুন।
  전원차단 시 가급적 절연장갑을 착용하고 오른손을 사용하며 얼굴을 스위치 상자로 향하지 않게 하고 손잡이를 내린다.
- বৈদ্যুতিক কেন্দ্রে ব্যবহার্য যন্ত্রপাতির হাতলগুলো অন্তরিত থাকা উচিত।
  전기 설비를 작업할 때 공구나 비품의 손잡이는 절연체로 된 것을 사용한다.
- বৈদ্যুতিক যন্ত্র ও সরঞ্জামের যে অংশগুলোর মধ্যে দিয়ে বিদ্যুৎ প্রবাহিত হয় এমন বিদ্যুৎবাহী অংশকে অন্তরিত করুন।
  전기기계·기구의 충전부 전기가 흐르는 부분은 절연을 한다.
- অনুমতি ছাড়া বিদ্যুতের উৎসের সাথে যুক্ত সার্কিটের তার ঠিক করতে যাবেন না।
  전원에 연결된 회로배선은 임의로 변경하지 않는다.
- কাজের পরিবেশটি পরিচ্ছন্ন এবং সংগঠিত করে রাখুন।
  작업공간은 충분히 확보하고 항상 청결하게 유지한다.




- যদি সার্কিটটি নিরাপদে যুক্ত না থাকে, তাহলে বিদ্যুতের উৎসের মধ্যে পাওয়ার প্লাগ ঢোকাবেন না।
  회로가 확실하게 연결되어 있지 않으면 플러그를 전원에 꼽지 않는다.
- ভেজা হাতে বিদ্যুতের সার্কিট ছোঁবেন না।
  젖은 손이나 물건으로 회로에 접촉하면 안된다.
- কোন বিদ্যুৎ কেন্দ্রের সাথে যুক্ত গ্রাউন্ড তারের সংযোগ পরীক্ষা করে নিন।
  전기 설비에 연결된 접지선의 접속을 확인한다.
- এক্সটেনশন কর্ডগুলোকে যতটা পারা যায় ছোট করে রাখুন।
  전원 연장선은 최소한으로 가능한 짧게 사용한다.
- বৈদ্যুতিক কেন্দ্রের চারপাশে দাহ্য পদার্থ ব্যবহার করবেন না।
  전기 설비 근처에서는 가연성 용재를 사용하지 않는다.
- প্যানেলবোর্ডের চারপাশের স্থানটিকে বাধামুক্ত করে রাখুন।
  분전반의 진입로와 스위치 앞에는 장애물이 없도록 한다.

কাজের আগের নিরাপত্তা পরিদর্শন
작업 전 안전점검

# কোন আবদ্ধ স্থানে কাজ করা

밀폐공간 작업

কর্মক্ষেত্র অনুসারে 작업별

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다
2016-교육미디어-835

Bangladesh

আবদ্ধ স্থান হল এমন এক কাজের পরিবেশ যেখানে কাজ করার ক্ষেত্রে শ্বাসরোধ বা অক্সিজেন ঘাটতির বা ক্ষতিকর গ্যাসের উপস্থিতির দরুণ বিষক্রিয়া, বা দাহ্য পদার্থ থেকে আগুন লাগা বা বিস্ফোরণের ঝুঁকি জড়িত থাকে। আবদ্ধ স্থানের নিদর্শনের মধ্যে বিভিন্ন ধরনের ট্যাঙ্ক অন্তর্ভুক্ত রয়েছে। জীবাণুর বংশবৃদ্ধির ফলে কোন আবদ্ধ স্থানে অক্সিজেনের ঘাটতি হওয়ার প্রবণতা থাকে এবং হাইড্রোজেন সালফাইডের মত গ্যাসগুলোর উপস্থিতির দরুণ শ্বাসরোধের ঝুঁকি থাকে।

밀폐공간이란 근로자가 작업을 수행할 수 있는 공간으로 탱크·정화조·침전조 등 환기가 불충분한 상태에서 산소결핍, 유해가스로 인한 질식·중독과 인화성물질에 의한 화재·폭발 등의 위험이 있는 장소를 말하는 것으로, 밀폐공간내부는 미생물의 증식 및 부패작용으로 쉽게 산소 결핍상태가 되고 황화수소 등과 같은 질식작용을 일으키는 유해가스가 다량 발생한다.

**>> বড়মাপের নিরাপত্তা ঝুঁকিগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:** 주요 유해·위험 요인

- অক্সিজেন ঘাটতি বা ক্ষতিকর গ্যাস থেকে শ্বাসরোধ বা বিষক্রিয়া
  밀폐공간내 산소 결핍 또는 유해가스로 인한 질식·중독 재해
- বিকল্প গ্যাসের (নিষ্ক্রিয় গ্যাস) ব্যবহার থেকে শ্বাসরোধ
  불활성가스 등 치환용 가스 사용으로 인한 질식 재해
- জীবাণুর বংশবিস্তার এবং জৈব পচনের ফলে অক্সিজেনের ঘাটতি থাকা
  미생물 증식, 유기물 부패 등에 의한 산소결핍
- দাহ্য বাষ্প বা গ্যাস জ্বলে ওঠার ফলে আগুন লাগা বা বিস্ফোরণ
  인화성물질에 의한 증기 등 체류로 점화원에 의한 화재·폭발




## সুরক্ষা তালিকা 안전점검 체크리스트

| পরিদর্শনের বিষয় 점검항목 | পরিদর্শনের ফলাফল 점검결과 | সতর্কতা 조치사항 |
|---|---|---|
| আবদ্ধ স্থানে ঢোকার আগে কি অক্সিজেন এবং ক্ষতিকর গ্যাসের মাত্রা মেপে নেওয়া হয়েছে?<br>질식위험공간에 출입전 산소 및 유해가스 농도를 측정 하였는가? | | |
| পরিবেশটিকে নিরাপদ রাখার জন্য কি কাজের আগে এবং পরে বায়ু চলাচলের ব্যবস্থা করা হয়েছে?<br>적정공기 상태가 유지되도록 작업전·작업중 지속적인 환기를 실시하였는가? | | |
| আপৎকালীন ত্রাণের ঘটনায় কি কাছাকাছি স্থানে শ্বাসমুখোশের মত সুরক্ষামূলক সরঞ্জাম পাওয়া যাবে?<br>구조작업 시 공기호흡기 등 보호 장비를 착용할 수 있도록 작업장 주변에 비치하였는가? | | |
| কাজ শুরু করার আগে কি গ্যাসের বিষক্রিয়া, অক্সিজেনের ঘাটতি, আগুন বা বিস্ফোরণের ঝুঁকি শনাক্ত করতে কাজের পরিবেশের পরিদর্শন করা হয়েছে?<br>밀폐공간 유해가스, 산소결핍, 화재/폭발 위험 등에 대하여 사전 조사하는가? | | |
| কর্মচারীরা কি অক্সিজেন/ গ্যাসের মাত্রা মাপা, বায়ুচলাচলের পদ্ধতি, শ্বাসমুখোশ, গ্যাস মুখোশ, সুরক্ষা বন্ধনী এবং উদ্ধারের দড়ির মত সুরক্ষার সরঞ্জামগুলোর প্রস্তুতি, পরিদর্শন এবং ব্যবহারে প্রশিক্ষণ পেয়েছেন? 산소농도, 유해가스측정기, 환기팬, 공기호흡기와 송기마스크 등 호흡용 보호구, 안전대, 구명밧줄, 안전장비 등 사전에 필요한 장비준비/점검/사용법 숙지를 하였는가? | | |
| কাজ শুরু করার আগে যথাযথ কর্তৃপক্ষের কাছ থেকে আবদ্ধ স্থানে কাজ চালানোর অনুমোদন কি গ্রহণ করা হয়েছে?<br>밀폐공간작업을 위해 허가자에게 밀폐공간작업 허가를 받는가? | | |
| একজন তত্ত্বাবধায়ক কি স্বাস্থ্য এবং নিরাপত্তা ব্যবস্থাগুলোর সম্পাদন ও পরিদর্শন নিশ্চিত করতে সব আবদ্ধ স্থান পরীক্ষা করেছেন?<br>관리감독자가 밀폐공간 안전보건조치 사항을 지휘, 점검 등의 업무를 하는가? | | |
| রেডিওর মত সরঞ্জাম নিয়ে তৈরী আপৎকালীন যোগাযোগ ব্যবস্থা কি যথাস্থানে রয়েছে?<br>긴급 상황 대비 무전기 등 통신장비를 구비하여 연락체계를 갖추었는가? | | |
| আবদ্ধ স্থানে কর্মীদের দেখভালের জন্য কি নিরীক্ষক নিয়োজিত করা হয়েছে? নিরীক্ষক কি প্রয়োজনীয় সুরক্ষামূলক ও ত্রাণের সরঞ্জামের সাথে সজ্জিত রয়েছেন?<br>감시인은 작업자가 내부에 있을 때는 항상 정위치하며, 필요한 보호 장비와 구조장비를 갖추고 있는가? | | |
| অননুমোদিত কর্মীদের প্রবেশ কি কঠোরভাবে নিষিদ্ধ করা হয়েছে? কর্মস্থলে প্রবেশাধিকার সীমিত করার চিহ্নগুলো কি স্পষ্টভাবে দেখানো হয়েছে?<br>관계근로자가 아닌 사람의 출입을 금지하고, 그 내용을 보기 쉬운 장소에 게시하는가? | | |

산업재해예방
안전보건공단

# আবদ্ধ স্থানে কাজ করার জন্য সুরক্ষা প্রক্রিয়া

밀폐공간 작업 시 안전작업 절차

## নিরাপত্তা পদ্ধতি 안전작업 절차

### চিহ্ন বসিয়ে কর্মস্থলে প্রবেশ নিয়ন্ত্রণ, কাজ শুরুর আগে সুরক্ষার সরঞ্জাম লাগানো

출입구 출입금지표지판 설치,
출입 제한, 작업 전에 안전장비 구비

- সর্বদা প্রবেশাধিকার নিয়ন্ত্রণ করতে প্রবেশপথে “শুধুমাত্র অনুমোদিত কর্মী” -র চিহ্ন বসান।
  밀폐공간 출입구에 「관계자외 출입금지」 표지판 설치하여 항상 출입을 제한해야 한다.
- কাজ শুরু করার আগে নিম্নলিখিত সুরক্ষা সরঞ্জামগুলোকে অবশ্যই লাগাতে হবে।
  작업 전에는 다음의 안전장비를 구비해야 한다.
  - মাপার সরঞ্জাম, ভেন্টিলেশন ফ্যান, শ্বাসমুখোশ, রেডিও, ত্রাণের সরঞ্জাম
    측정장비, 환기팬, 공기호흡기, 무전기, 구조용 장비 등




শুধুমাত্র অনুমোদিত কর্মীরাই আবদ্ধ স্থান

### স্থানটিতে প্রত্যেকবার ঢোকার সময় অক্সিজেন এবং ক্ষতিকর গ্যাস পরিমাপ করা

밀폐공간에 들어갈 때마다
산소와 유해가스농도 측정

- পরিমিত গ্যাস, যথাযথ ঘনীভবনের মাত্রা
  측정가스 종류 및 적정 농도
  - অক্সিজেন: 18%–23.5% 산소 : 18% 이상, 23.5% 미만
  - হাইড্রোজেন সালফাইড: 10ppm–এর কম
    황화수소 : 10ppm 미만
  - দাহ্য গ্যাস (মিথেন):10%–এর কম
    가연성가스(메탄 등) : 10% 미만
  - কার্বন ডাই অক্সাইড: 1.5%–এর কম 탄산가스 : 1.5% 미만
  - কার্বন মনোক্সাইড: 30ppm–এর কম
    일산화탄소 : 30ppm 미만




### সুরক্ষিত পরিবেশ বজায় রাখতে আবদ্ধ কাজের স্থানের নিরন্তর বায়ু চলাচল

작업장소는 항상 환기를 실시하여
밀폐공간 내부의 공기 적정상태 유지

- কাজের আগে এবং কাজ চলাকালীন কাজের স্থানটি বায়ুপূর্ণ করুন।
  환기는 작업 전과 작업 중에 계속해서 실시한다.
- কাজ শুরুর আগে কাজের স্থানে পাঁচবার বায়ুচলাচল প্রক্রিয়া সম্পন্ন করুন।
  작업 전 최초 환기량은 기적의 5배 이상으로 환기한다.




### আবদ্ধ স্থানের ভিতরের কর্মীদের জন্য একটি মনিটর ও যোগাযোগ ব্যবস্থা করা এবং স্থানটিতে প্রবেশ ও বেরোনোর পরে কর্মীদের মাথা গণণা সম্পূর্ণ করা

작업 시 감시인 배치, 밀폐공간 내부
작업자와의 연락체제 구축, 작업 전후
출입인원 점검

- আবদ্ধ কাজের স্থানের বাইরে একটি মনিটর রাখুন। একটি রেডিও ব্যবহার করে ভিতরের কর্মীদের সাথে যোগাযোগ রক্ষা করুন।
  작업장소 외부에 감시인을 배치하고, 무전기 등으로 밀폐공간 작업자와의 연락을 유지한다.
- প্রত্যেক বার আবদ্ধ স্থানে ঢোকা ও বেরোনোর পরে কর্মীদের মাথা গণণা।
  밀폐공간 출입인원(성명, 인원수) 및 출입시간을 항상 확인한다.




## সুরক্ষার পরামর্শ এবং দুর্ঘটনা নিয়ন্ত্রণ 안전TIP | 재해발생 시 대처요령

- আবদ্ধ স্থানের মধ্যে শ্বাসরোধ হওয়া কর্মীকে উদ্ধার করার চেষ্টা করতে গেলে তা থেকে ত্রাণকারীর শ্বাসরোধ হতে পারে।
  밀폐공간에서는 작업자뿐만 아니라 재해자를 구조하러 밀폐공간 안으로 들어간 사람도 질식사고를 당할 수 있다.

যদি আপনি দেখেন যে কোন কর্মী আবদ্ধ স্থানে অজ্ঞান হয়ে পড়েছেন তাহলে অন্যদেরকে সতর্ক করে দিন এবং ত্রাণ পরিষেবায় ফোন (119) করুন।
밀폐공간에 쓰러진 작업자를 목격 할 경우
주변 동료작업자 또는 구조대(119)로 연락합니다.

যদি কর্মীটিকে অবিলম্বে উদ্ধার করতেই হয় তাহলে কর্মীকে উদ্ধারের আগে নিজে শ্বাসমুখোশ (যেমন গ্যাস মুখোশ) পরে নিন।
쓰러진 작업자를 구조하여야 한다면,
반드시 공기호흡기나 송기마스크 등의
호흡용보호구를 착용한 후 구조하세요.

উদ্ধার করা কর্মীর শ্বাসপ্রশ্বাস এবং নাড়ী পরীক্ষা করুন এবং প্রয়োজন হলে CPR করুন।
구조된 재해자에 대해서는 즉시 호흡과 맥박 여부를 확인하여 심폐소생술을 실시하도록 합니다.

OPEN 공공누리

산업재해예방 안전보건공단

কাজের আগের নিরাপত্তা পরিদর্শন
작업 전 안전점검

# গুরুতর রাসায়নিক বিষক্রিয়ার ঝুঁকি

급성중독 발생가능 작업

কর্মক্ষেত্র অনুসারে 작업별

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다

2016-교육미디어-836

Bangladesh

টলুইন, ট্রাইক্লোরোইথাইলিন, ডাইমিথাইলফর্মামাইড, মিথাইল ইথাইল কীটোন, জাইলিন এবং স্টাইরিনের মত বিষাক্ত রাসায়নিকগুলো তীব্র বিষক্রিয়ার কারণ এবং এমনকি মৃত্যুও ঘটাতে পারে যদি সেগুলো দীর্ঘক্ষণ ধরে ত্বক বা ফুসফুসের সংস্পর্শে আসে। পেশাগত রোগ দীর্ঘকাল ধরে গড়ে ওঠে এই বিশ্বাসের ঠিক উল্টোটাই হল তীব্র বিষক্রিয়া যা খুব স্বল্প সময় বিষাক্ত রাসায়নিকের সংস্পর্শে থাকা থেকেই তৈরী হতে পারে এবং মৃত্যু পর্যন্ত হতে পারে। ব্যবসার মালিক এবং সেরকম কর্মীদের অবশ্যই এই ধরনের বিষাক্ত রাসায়নিকের ব্যাপারে সচেতন হওয়া এবং বায়ু চলাচল ব্যবস্থা ও প্রতিরক্ষা সরঞ্জামের ব্যবহারের প্রতি বিশেষ নজর দেওয়া দরকার।
톨루엔, 트리클로로에틸렌, 디메틸포름아미드, 메틸에틸케톤, 크실렌, 스티렌 등 급성중독 유해화학물질은 호흡기나 피부 등을 통해 지속적으로 노출되거나 심할 경우 급성중독으로 사망에 까지 이르는 것으로 알려져 있다. 통상 직업병이 장기간 경과 후 발생한다는 인식과는 달리 단기간 급성중독 형태로 발생하여 사망에 이르는 등, 그 원인이 화학물질 유해성 인식부족, 국소배기장치 등 환기시설 미설치, 보호구 미착용 등 사업주 및 근로자의 각별한 주의와 관심이 필요하다.

## >> কাজের পরিবেশের নিরাপত্তা 작업환경 관리 대책

- ছোট ছোট শিফ্ট এবং বারংবার শিফ্ট পরিবর্তন করার মাধ্যমে প্রত্যেক কর্মীর বিষাক্ত রাসায়নিকের সংস্পর্শে আসা কমাতে পারে
  작업자의 노출을 줄이는 방법으로 작업시간 변경, 작업량 조절, 복수로 인원을 배치
- পরিচালন ব্যবস্থায় হস্তক্ষেপ; কর্মচারীদের প্রশিক্ষণ; শিফ্ট বদল; শারীরিক পরীক্ষা; সংগঠন; পরিষ্কার করা
  경영진의 참여, 근로자 교육 및 훈련, 순환배치, 의학적 검진, 정리정돈 및 청소 등
- ইঞ্জিনিয়ারিং সমাধান; পদার্থ, প্রক্রিয়া, সুবিধার বিকল্প; পদার্থ, প্রক্রিয়া, কর্মচারীদের পৃথক করে রাখা; সাধারণ এবং স্থানীয় বায়ু চলাচলের বন্দোবস্ত রাখা।
  공학적 대책 : (물질, 공정, 시설) 대치, (물질, 공정, 작업자) 격리, (전체, 국소배기)환기
- মুখোশ, সুরক্ষামূলক জামাকাপড়, গ্লাভস, বুটের মত প্রতিরক্ষা সরঞ্জামের ব্যবহার
  호흡용 보호구, 불침투성 보호복, 보호장갑, 보호장화 등 개인보호구의 착용 등




## সুরক্ষা তালিকা 안전점검 체크리스트

| পরিদর্শনের বিষয় 점검항목 | পরিদর্শনের ফলাফল 점검결과 | সতর্কতা 조치사항 |
|---|---|---|
| আপনি কি মুখ, ত্বক, শ্বসনতন্ত্রের মত চ্যানেলগুলোর ব্যাপারে সচেতন যার মাধ্যমে পরিচালনা করা রাসায়নিক তীব্র বিষক্রিয়া ঘটাতে পারে?<br>취급하는 화학물질이 어떤 경로(구강, 피부, 호흡기 등)를 통하여 급성독성을 일으키는지 알고 있는가? | | |
| সাধারণ এবং স্থানীয় বায়ু চলাচল ব্যবস্থা কি লাগানো এবং সঠিকভাবে চালনা করা হচ্ছে?<br>국소배기장치나 전체환기장치 등이 설치되어 정상적으로 가동되고 있는가? | | |
| গ্যাস মুখোশগুলোকে কি রাসায়নিকের বাষ্প থেকে দূরে স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণ করা হয়েছে?<br>방독마스크는 화학물질 증기에 노출되지 않고 위생적으로 보관되고 있는가? | | |
| কাজ সম্পন্ন করার জন্য কি সঠিক ধরনের গ্যাস মুখোশ (ফুল বা হাফ) ব্যবহার করা হচ্ছে?<br>작업에 적합한 형태(전면형 또는 반면형)의 방독마스크를 착용하고 있는가? | | |
| গ্যাস মুখোশের সাথে কি সঠিক সুরক্ষামূলক পোশাক (গ্লাভস এবং সুরক্ষামূলক জামাকাপড়) পরা হচ্ছে?<br>방독마스크외 개인보호구(보호장갑, 보호복 등)의 착용상태는 양호한가? | | |
| রাসায়নিকের পাত্রগুলোকে কি স্পষ্টভাবে সতর্কতার চিহ্ন দিয়ে চিহ্নিত করা রয়েছে?<br>화학물질 용기(소분용기 포함)에 경고표지가 부착되어 있는가? | | |
| কর্মচারীদেরকে কি রাসায়নিক সামলানোর জন্য MSDS প্রশিক্ষণ দেওয়া হয়েছে?<br>취급하는 화학물질에 대하여 취급 전 MSDS교육은 받았는가? | | |
| রাসায়নিক বাষ্প উবে যাওয়া রোধ করতে কি পাত্রগুলোকে শক্তভাবে সীল করে রাখা হয়েছে?<br>화학물질 증기가 공기중에 섞이지 않도록 용기뚜껑을 잘 닫아 놓았는가? | | |
| যে স্থানে রাসায়নিকগুলো নিয়ে পরিচালনা করা হচ্ছে সেখানে কি রাসায়নিকগুলো ন্যূনতম পরিমাণে সংরক্ষণ করা হয়েছে? 화학물질 취급 장소에 화학물질 보관량을 최소화하고 있는가? | | |

# রাসায়নিক পরিচালনকারীদের যে চারটি আত্ম-পরিচর্যার বিষয় অগ্রাধিকার দিয়ে দেখা উচিত 화학물질 취급자 4대 건강수칙

## 01 আপনার ব্যবহার করা পদার্থটির পরিচয় এবং সেটির বিষাক্ততা জানুন।
내가 사용하는 물질이 무엇이고, 어떤 독성이 있는지 제대로 알아야 한다.

- রাসায়নিক নিয়ে পরিচালনা করার আগে MSDS প্রশিক্ষণ গ্রহণ করুন।
  사용하는 화학물질에 대하여 취급하기 전에 MSDS 교육을 반드시 받는다.

  _ MSDS প্রশিক্ষণের মধ্যে বিভিন্ন রাসায়নিকের বিষাক্ততা, নিরাপদ পরিচালনা, প্রতিরক্ষা সরঞ্জাম এবং দুর্ঘটনা নিয়ন্ত্রণ অন্তর্ভুক্ত করা থাকে।
  교육내용 : 해당 화학물질의 유해성 위험성, 취급상의 주의사항, 적절한 보호구, 사고시 대처방법 등
- রাসায়নিক পদার্থের একটি অংশ কোন পাত্রে সংরক্ষণের সময় পাত্রটির গায়ে একটি সতর্কতা লাগান।
  화학물질을 소분용기에 덜어서 사용하는 경우 소분용기에 경고표지를 부착한다.
- প্রত্যেকটি কর্ম পদ্ধতির জন্য ধার্য করা নিরাপত্তার নির্দেশগুলো অনুসরণ করুন।
  작업공정별 관리요령을 준수하여 작업한다.
- রাসায়নিক পদার্থ পরিচালনা থেকে কোন স্বাস্থ্যের সমস্যা দেখা দিলে ব্যবসার মালিককে অবিলম্বে সেটি জানান।
  화학물질을 취급하기 전에 MSDS에서 제시한 적절한 개인보호구를 착용한다.
- রাসায়নিক পদার্থ পরিচালনা থেকে কোন স্বাস্থ্যের সমস্যা দেখা দিলে ব্যবসার মালিককে অবিলম্বে সেটি জানান।
  화학물질 취급으로 건강 이상이 발생되는 경우 사업주에게 즉시 보고하여 조치를 받는다.




## 02 রাসায়নিকের বাষ্প বায়ুতে উবে যাওয়া রোধ করতে পাত্রগুলো বন্ধ করে রাখুন।
공기 중에 화학물질이 섞이지 않도록 용기뚜껑을 잘 닫아야 한다.



## 03 কাজের স্থানের বায়ু পরিষ্কার রাখতে বায়ু চলাচলের ব্যবস্থা ব্যবহার করুন।
환기시설을 잘 가동하여 작업장의 공기가 깨끗하도록 해야 한다.



## 04 ব্যক্তিগত প্রতিরক্ষা সরঞ্জাম ব্যবহার করুন।
개인용 보호구를 잘 착용해야 한다.

- MSDS প্রশিক্ষণে নির্দিষ্ট করা কাজের পদ্ধতি এবং প্রতিরক্ষা সরঞ্জাম ব্যবহার করুন।
  MSDS 교육을 통해 안전한 작업방법 및 보호구를 착용하여 건강을 지킨다.



কাজের আগের নিরাপত্তা পরিদর্শন
작업 전 안전점검

# ফাউন্ডেশন পাইল বসানো

기초 파일작업

কর্মক্ষেত্র অনুসারে 작업별

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다
2016-교육미디어-837

Bangladesh

নরম জায়গার উপরে তৈরি কাঠামোর ভার বহন ক্ষমতা বাড়ানোর জন্য ফাউন্ডেশন পাইল বসানো হয়। এর ফাউন্ডেশন পাইলের ফলে যে সমস্ত দুর্ঘটনা ঘটে তা হল পাইল পড়ে যাওয়া, পাইলের ড্রাইভার পড়ে যাওয়া এবং পাইলের হাতুড়ি দিকভ্রান্ত হওয়া, এর ফলে মৃত্যু পর্যন্ত ঘটতে পারে।

기초 파일작업은 연약지반에 건축물을 축조할 때 기초의 지내력을 증대시키기 위해 지중에 파일을 박거나 구축하는 공사이다. 파일 작업 시에는 파일 인양 중 파일낙하, 파일 항타기의 넘어짐, 파일박기 해머에 근로자가 맞아 사망하는 등의 재해가 발생된다.

**বড়মাপের নিরাপত্তা ঝুঁকিগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:** 주요 유해·위험 요인

- পাইল ড্রাইভারের কাছে কাজ করার সময় সরঞ্জামগুলোর থেকে আঘাত পাওয়া
  항타기 주변에서 작업 중 파일 장비 등에 부딪침
- পাইল ড্রাইভারের বুম ও লিডার অসংযুক্ত হতে থাকলে, এর ফলে লিডার ভেঙ্গে পড়ে। 항타기 붐대와 리더의 연결부 탈락에 의한 리더의 넘어짐
- ঘূর্ণায়মান পাইল ড্রাইভারের পিছনের অংশ থেকে আঘাত লাগা
  항타기 회전 중 후면부에 근로자 부딪침
- গাদা করা পাইলের তলায় আটকে যাওয়া
  적재된 파일이 굴러 내리면서 끼임 재해 발생
- আউটট্রিগার না লাগালে, পাইল ড্রাইভার ভেঙ্গে পড়তে পারে
  항타 작업 중 아웃트리거 미설치에 의한 넘어짐 등에 의한 위험이 있다.



## সুরক্ষা তালিকা 안전점검 체크리스트

| পরিদর্শনের বিষয় 점검항목 | পরিদর্শনের ফলাফল 점검결과 | সতর্কতা 조치사항 |
|---|---|---|
| নিষ্পত্তি প্রতিরোধ করতে পাম্পিং যন্ত্রের নিচের অংশ কি নিরাপদ আছে?<br>천공기 하부에 침하방지 조치를 하였는가? | | |
| পাইল পোঁতার জন্য তারের দড়ি কি নিরাপদে লাগানো আছে? অপারেটিং রেঞ্জের ভিতরে ব্যক্তিগত অ্যাক্সেস কি নিষিদ্ধ?<br>파일세우기 시 와이어로프를 견고하게 체결하고, 위험반경내 근로자의 출입을 통제하였는가? | | |
| পাম্পিং মেশিন অপারেটর কি যোগ্যতাসম্পন্ন?<br>천공기 운전자는 유자격자 인가? | | |
| কোনো কর্মী কি উপরে তোলা পাইল ড্রাইভারের নিচে কাজ করছে?<br>해머를 인상시켜 놓고 근로자가 하부에서 파일점검 등 위험한 작업을 하지 않는가? | | |
| পাইল ড্রাইভারের বুম ও লিডার কি নিরাপদে সংযুক্ত?<br>항타기 붐대와 리더는 체결 상태가 견고한가? | | |
| পাইল ড্রাইভারের বুমটি কি ক্ষতি ছাড়া নিরাপদে রয়েছে?<br>항타기 붐대는 손상된 곳이 없고 견고한가? | | |
| পাইল ড্রাইভারের লিডারে কি উল্লম্ব নিরাপত্তা দড়ি লাগানো আছে?<br>항타기 리더부에 수직구명로프 설비가 설치되어 있는가? | | |
| পাইল ড্রাইভারের পিছনের দিকে কি "পরিষ্কার রাখুন" চিহ্ন লাগানো আছে?<br>항타기 후면부에는 접근금지 표지가 설치되어 있는가? | | |
| উল্টে যাওয়া প্রতিরোধ করতে কি পাইল ড্রাইভারের সঙ্গে আউটট্রিগার লাগানো আছে?<br>항타기에는 전도방지 아웃트리거를 설치하였는가? | | |
| পাইল ড্রাইভার নিয়ে কাজ করার সময় নির্দেশ ও নিরাপত্তার জন্য কি নির্দেশক আছে?<br>작업 중 유도자를 배치하여 작업을 지휘하고 장비를 안전하게 유도하고 있는가? | | |
| অপারেটররা কি সেফটি হেলমেটের মতো প্রতিরক্ষা সরঞ্জাম পরেছে?<br>근로자는 안전모 등 개인보호구를 착용하고 있는가? | | |
| পাইলগুলো গাদা করে যেখানে রাখা আছে সেখান থেকে যাতে পড়ে না যায় তা প্রতিরোধ করতে কি কীলক দেওয়া আছে? 적재된 파일에는 구름방지용 쐐기가 설치되어있는가? | | |
| কোথাও কি মাত্রারিক্ত পাইল গাদা করা আছে?<br>파일은 과적재하지 않았는가? | | |

# নিরাপত্তা পরীক্ষা! ফাউন্ডেশন পাইল লাগানোর সময় দুর্ঘটনা প্রতিরোধ
안전체크! 기초 파일작업 재해위험 및 예방대책

## মনুষ্য কারণ 사람요인

- প্রতিরক্ষা সরঞ্জাম যেমন সেফটি হেলমেট, নিরাপত্তা জুতো এবং নিরাপত্তা হার্নেস অবশ্যই পরিধান করতে হবে।
  근로자는 안전모, 안전화, 안전대 등 개인보호구 착용 철저
- পাইল ড্রাইভারের কাছাকাছি কাজ করার সময় প্রতিরক্ষা সরঞ্জাম যেমন সেফটি হেলমেট, নিরাপত্তা জুতো এবং নিরাপত্তা হার্নেস অবশ্যই পরিধান করতে হবে।
  항타기 주변에서 작업중인 근로자는 안전모, 안전화 등 개인보호구 착용

## যান্ত্রিক সরঞ্জাম 기계장비

- কাজ শুরুর আগে পাইল ড্রাইভারের বুম এবং লিডারের জয়েন্ট চেক করুন।
  항타기 붐대와 리더의 연결부 등 체결상태, 작업전 점검 실시
- বুমের শব্দ এবং পাইল ড্রাইভারের মেকানিক্যাল সরঞ্জাম চেক করতে থাকুন।
  항타기는 붐대 견고성, 기계장치의 이상 유무 등을 사전점검하고 작업 실시
- পাইল ড্রাইভারের পিছনের অংশে "পরিষ্কার রাখুন" এবং "বিপদ" চিহ্ন লাগান। শ্রমিকদের গাইড করতে মনোনীত ইন্ডিকেটর লাগান।
  항타기 후면부에 접근금지, 위험표지 설치, 신호수에 의한 근로자 유도

## কাজের পদ্ধতি 작업방법

- পাইল ড্রাইভ করার সময় সেটি নষ্ট হয়ে গেছে কিনা চেক করুন। পাইল নষ্ট হয়ে থাকলে কাজ থামিয়ে তা প্রতিস্থাপন করুন।
  파일항타 중 파일 파손여부를 관찰하고, 파일 파편 비산 위험이 있을 경우 작업중지, 파일교체

## শারীরিক সমস্যা 물적요인

- পাইলগুলো গাদা করে যেখানে রাখা আছে সেখান থেকে যাতে পড়ে না যায় তা প্রতিরোধ করতে কীলক দিয়ে নিরাপদ করুন।
  적재된 파일은 굴러내리지 않도록 쐐기 등으로 고정 조치
- ভেঙ্গে পড়া এড়াতে পাইলের গাদা নিরাপদ উচ্চতায় রাখুন।
  파일 적재시 자체 하중에 의해 붕괴되지 않도록 적정한 높이로 적재
- উপরে তোলা পাইল ড্রাইভার হাতুড়ির নিচে কাজ করবেন না। আগে থেকেই হাতুড়িটি সরিয়ে রাখুন।
  해머를 인상시켜 놓고 해머 하부에서 작업금지, 해머를 이동시키고 파일 상태 점검실시
- বসানো ছাড়াও পাইল ড্রাইভারের নিচে গ্রাউন্ড রাখুন।
  항타기 하부에는 침하 방지 조치
- কাজের সময় পাইল ড্রাইভার উল্টে যাওয়া প্রতিরোধ করতে আউটট্রিগার লাগান।
  항타 작업중 항타기 전도(넘어짐)방지를 위해 아웃트리거 설치
- পাইলের ক্ষতি প্রতিরোধ করতে নিরাপদ উচ্চতায় ও শক্তিতে ড্রাইভ করা বজায় রাখুন।
  해머의 항타고, 항타강도를 적정하게 유지하여 파일 파손 방지



কাজের আগের নিরাপত্তা পরিদর্শন
작업 전 안전점검

# ধারণকারী দেওয়ালে স্ট্রাট লাগানো

흙막이 지보공 작업

কর্মক্ষেত্র অনুসারে 작업별

조심조심 코리아
작업전 안전점검 당신의 생명을 지킵니다

2016-교육미디어-838

Bangladesh

সুড়ঙ্গ ধ্বসে যাওয়া রুখতে মাটির নিচের খনন কাজে ধারণকারী দেওয়াল তৈরী করা আবশ্যিক। এইরকম ধারণকারী দেওয়ালগুলোতে স্ট্রাট ইনস্টল করা হয়। ধারণকারী দেওয়ালে স্ট্রাট লাগানোর সাথে জড়িত সাধারণ দুর্ঘটনাগুলোর মধ্যে রয়েছে কোনো এইচ-পাইল পড়ে ও স্ট্রাট পড়ে আঘাত লাগা।
흙막이 지보공은 지하를 굴착할 때 토사가 붕괴되지 않도록 지중에 흙막이 벽체를 설치하는 작업이다. 흙막이 지보공 설치작업중 H-pile의 낙하(물체에 맞음), 흙막이 버팀보 상에서 추락(떨어짐) 등의 재해가 주로 발생된다.

**>> বড়মাপের নিরাপত্তা ঝুঁকিগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:** 주요 유해·위험 요인

- মোবাইল ক্রেনে হুক সেফটি ল্যাচ লাগানো না থাকায় ভার পরিবহণের সময় তারের দড়ি খুলে পড়ে যাওয়া
  이동식 크레인 훅 해지장치 미설치에 따라 자재 인양중 와이어로프 탈락
- সুরক্ষা বন্ধনী ছাড়া কাজ করার সময় একটি স্ট্রাটের উপর থেকে পড়ে যাওয়া
  흙막이 버팀대상에 안전대 걸이용 로프 미설치로 안전대 미체결하고 작업중 추락(떨어짐)
- ছবিতে যা আঁকা আছে তার থেকে আলাদাভাবে তৈরী করা ধারণকারী দেওয়ালের ধ্বসে যাওয়া
  흙막이 시공시 설계도서와 상이하게 시공하여 내력 강도에 의한 붕괴(무너짐)



## সুরক্ষা তালিকা 안전점검 체크리스트

| পরিদর্শনের বিষয় 점검항목 | পরিদর্শনের ফলাফল 점검결과 | সতর্কতা 조치사항 |
|---|---|---|
| একটি এইচ-বীমে কাজ করার সময় কি নোঙ্গরে যুক্ত করা সুরক্ষা বন্ধনীগুলো ব্যবহার করা হচ্ছে?<br>H-beam상에서 작업 시 안전대를 안전대걸이용 로프에 체결하고 작업을 하는가? | | |
| সুরক্ষা রেলিংগুলো কি ডেক প্লেটের প্রান্তে লাগানো আছে?<br>복공판 단부에는 안전난간대가 설치되어 있는가? | | |
| এইচ-বীমের জোড়ে কি বল্টুগুলোকে শক্তভাবে আটকানো হয়েছে?<br>H-beam 교차부에는 볼트가 누락되지 않고 견고하게 체결되고 있는가? | | |
| হুকটি কি হুক সেফটি ল্যাচের সাথে লাগানো আছে?<br>훅에는 해지장치가 설치되어 있는가? | | |
| ভারগুলোকে কি দু'বার বাঁধা হয়েছে এবং অনুভূমিকভাবে বহন করা হচ্ছে?<br>자재를 2줄걸이로 묶고 수평으로 인양하고 있는가? | | |
| ধারণকারী দেওয়ালের স্ট্রাটের মাথায় কি একটি সুরক্ষা বন্ধনীর নোঙ্গর লাগানো আছে?<br>흙막이 버팀대 상에는 안전대 걸이용 로프가 설치되어 있는가? | | |
| ঝালাইকারীরা কি কাজ শুরুর আগে তাদের সুরক্ষা বন্ধনীগুলো একটি সুরক্ষা বন্ধনীর নোঙ্গরের সাথে আটকে নেন? 용접 작업근로자는 안전대를 안전대 걸이용 로프에 체결하고 작업을 하는가? | | |
| ইলেকট্রোড ধারকের উপরের অন্তরক ঢাকাটি কি ক্ষয়ক্ষতি মুক্ত রয়েছে?<br>용접봉 홀더에는 절연커버가 파손되거나 탈락되어 있지 않는가? | | |
| সেখানে কি কোন কর্তব্যরত তত্ত্বাবধায়ক রয়েছেন?<br>관리감독자에 의해 지휘 감독이 이루어지고 있는가? | | |
| | | |
| | | |

산업재해예방 안전보건공단

# একবার নিরাপত্তা পরীক্ষা করে নিন!
# ধারণকারী দেওয়ালে স্ট্রাট ইনস্টল করায় নিরাপত্তা বিপত্তি এবং কীভাবে সেগুলো নিয়ন্ত্রণ করতে হয়
안전체크! 흙막이 지보공 작업 재해위험 및 예방대책

## মনুষ্য কারণ 사람요인

- ধারণকারী দেওয়ালে স্ট্রাট ইনস্টল করার সময় একটি সেফটি হেলমেট, সুরক্ষা জুতো, ও সুরক্ষা বন্ধনী পরে থাকুন।
  흙막이 지보공 설치 작업 중 안전모, 안전화, 안전대 등 개인보호구 착용 철저
- ধারণকারী দেওয়ালে স্ট্রাট ইনস্টল করা ও অপসারণের সময় একজন তত্ত্বাবধায়ক নিয়োগ করা।
  흙막이 지보공 설치·해체시에 관리감독자를 배치하여 지휘, 감독 실시

## যান্ত্রিক সরঞ্জাম 기계장비

- মোবাইল ক্রেনে একটি হুক সেফটি ল্যাচ বসান।
  이동식 크레인 훅에 해지장치 설치
- অন্তরিত ইলেকট্রোড ধারক ব্যবহার করুন।
  용접봉 홀더는 절연체가 부착된 안전한것 사용




## কাজের পদ্ধতি 작업방법

- ধারণকারী দেওয়ালের স্ট্রাটের একদম উপরে সুরক্ষা বন্ধনীর নোঙ্গর বসান।
  흙막이 버팀보 상에는 안전대 걸이용 로프 설치
- ছবিতে আঁকা অনুসারে স্ট্রাট ও এইচ-পাইলের মধ্যের ফাঁকা জায়গা বজায় রাখুন।
  흙막이 버팀대, H-pile 기둥 등은 설계도서에 적합하게 간격 준수
- ধারণকারী দেওয়ালের খুব কাছে মোবাইল ক্রেন, উপাদান বা অন্য কোন ভারী বস্তু ছাড়বেন না।
  이동식 크레인 자재 등 중량물은 흙막이에 인접하여 적재 금지
- স্ট্রাটের উপরে পড়তে পারে এমন কোন উপাদান বা যন্ত্রপাতি ছাড়বেন না।
  흙막이 버팀보 상에 낙하위험성이 있는 자재, 공구 등 적재 금지
- যে এইচ-বীমগুলো পরিবহণ করতে হবে সেগুলো দু'বার করে বেঁধে নিন। সেগুলোকে অনুভূমিকভাবে পরিবহণ করুন।
  H-beam 인양시 2줄 걸이로 견고하게 결속, 수평으로 인양
- এইচ-বীমের একদম উপরে ঝালাই বা বল্টু লাগানোর সময় সুরক্ষা বন্ধনীগুলো স্থিরভাবে আটকান।
  H-beam 상에서 용접, 볼트 작업중 안전대 걸이용 로프에 안전대 체결하고 작업
- যেরকম প্রয়োজন সেই অনুসারে এইচ-বীমের জোড়ে সব বল্টুগুলো লাগান।
  H-beam 교차부에 볼트 등을 누락없이 견고하게 체결

কাজের আগের নিরাপত্তা পরিদর্শন
작업 전 안전점검

# কংক্রিট তৈরি করা

콘크리트 타설 작업

কর্মক্ষেত্র অনুসারে 작업별

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다
2016-교육미디어-839

Bangladesh

স্টিল ও কংক্রিটের কাঠামো তৈরি করার জন্য স্টিলের তৈরি ছাঁচে কংক্রিট ঢালা হয়।
콘크리트 작업은 철근콘크리트 구조물에서 철근배근과 거푸집 설치작업을 완료하고 거푸집내에 콘크리트를 부어 넣어 철근콘크리트 구조물을 만드는 작업을 말한다.

**>> বড়মাপের নিরাপত্তা ঝুঁকিগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:** 주요 유해·위험 요인

– কংক্রিট বহনকারী গাড়ি থেকে পড়ে যাওয়া; কংক্রিট ঢালার জন্য ব্যবহৃত রাবার হোস হঠাৎ করে নড়ে যাওয়ার কারণে কর্মীর রাবার হোস থেকে আঘাত লাগতে পারে, কংক্রিট ঢালার সময় স্ল্যাবের মাঝে পড়ে যাওয়া।
콘크리트 운반차량에서의 떨어짐, 끼임 및 타설용 고무호스의 갑작스런 요동에 의한 근로자 부딪힘 및 넘어짐, 콘크리트 타설 중 슬라브 단부로 떨어짐



## সুরক্ষা তালিকা 안전점검 체크리스트

| পরিদর্শনের বিষয় 점검항목 | পরিদর্শনের ফলাফল 점검결과 | সতর্কতা 조치사항 |
|---|---|---|
| কংক্রিটের হোস কি নিরাপদে পাইপের সঙ্গে যুক্ত?<br>콘크리트 호스와 파이프사이의 연결은 견고하게 되어 있는가? | | |
| সেফটি হেলমেট, গ্লাভস এবং বুটের মতো নিরাপত্তা সরঞ্জাম কি পরিধান করা হয়?<br>콘크리트 타설 근로자는 안전모,보호장갑,안전장화 등을 착용하였는가? | | |
| ভাইব্রেটর ব্যবহারের সময় তড়িতাদাহ প্রতিরোধ করার জন্য কি নিরাপত্তা ব্যবস্থা আছে?<br>진동기의 감전예방 조치는 하였는가? | | |
| সরানো ও কাজ করার জন্য ব্যবহৃত স্টিলের ফ্রেমের উপরে কি পা রাখার জায়গা লাগানো আছে?<br>철근 배근 상부에는 이동에 필요한 작업발판이 설치되어 있는가? | | |
| কংক্রিট হোসে নিরাপদে কি হাতল লাগানো আছে?<br>콘크리트 호스의 조정을 위한 손잡이는 안전하게 설치되어 있는가? | | |
| কংক্রিটের পাইপের জয়েন্ট কি নিরাপদে সঠিক ক্লিপ দিয়ে বাঁধা আছে?<br>콘크리트 파이프의 연결부는 전용클립으로 견고하게 고정되어 있는가? | | |
| কংক্রিট ফিনিশারের রোটেটিং ইউনিটের সংস্পর্শ প্রতিরোধের জন্য কি নিরাপত্তা ব্যবস্থা আছে?<br>콘크리트 피니셔 회전부에 접촉되지 않토록 방호조치가 되어 있는가? | | |
| কংক্রিটের কাজ করার আগে, কাঠামোতে কোনো ত্রুটি আছে কিনা তার জন্য পরিদর্শন করা হয়? পৃষ্ঠদেশের কোনো অংশ বসে যাচ্ছে এমন জায়গা আছে নাকি?<br>작업 전 거푸집동바리의 변형 · 변위 및 지반의 침하 등 이상이 없는지 확인 하였는가? | | |
| কাঠামোতে কোনো ত্রুটি আছে কিনা এবং পৃষ্ঠদেশের কোনো অংশ বসে যাচ্ছে কিনা তা পরিদর্শন করার জন্য কোনো পর্যবেক্ষক নিয়োগ করা হয়েছে কি?<br>작업 중 거푸집동바리의 변형 · 변위 및 지반의 침하 등을 감시할 감시자를 배치 하였는가? | | |
| কংক্রিট সমানভাবে ঢেলে কি ভারসাম্যহীনতা প্রতিরোধ করা হয়?<br>콘크리트 타설 작업 시 편심이 발생하지 않도록 골고루 분산하여 타설하고 있는가? | | |
| | | |
| | | |

Safety Point

Bangladesh

# নিরাপত্তা পরীক্ষা! কংক্রিট ঢালা/আকার দেওয়ার নিরাপত্তা বিপত্তি এবং কীভাবে তা প্রতিরোধ করা যায়

안전체크! 콘크리트 타설 및 다짐 작업 재해위험 및 예방대책

## মনুষ্য কারণ 사람요인

- সেফটি হেলমেট, গ্লাভস ও বুট পড়ুন।
  안전모, 보호장갑, 보호의, 안전장화 등 보호구 착용

## শারীরিক সমস্যা 물적요인

- কংক্রিট হোস এবং পাইপের সঙ্গে নিরাপদে সংযুক্ত করুন।
  콘크리트 호스와 파이프 연결부를 견고하게 체결

## যান্ত্রিক সরঞ্জাম 기계장비

- ফিনিশারের রোটেটিং ইউনিটে নিরাপত্তা ব্যবস্থা লাগান।
  피니셔 회전부에 덮개 설치 철저
- নিরাপদে কংক্রিট হপারে তারের দড়ি সংযুক্ত করুন।
  타워크레인으로 콘크리트 호퍼 인양시 인양로프 체결 철저

## কাজের পদ্ধতি 작업방법

- খোলা জায়গার নিরাপত্তা আচ্ছাদন এবং স্ল্যাবের চারপাশে নিরাপত্তা রেলিং
  개구부에 덮개 및 슬라브 단부에 안전난간대 설치
- গ্রাউন্ড স্থাপন করুন এবং ভাইব্রেটরে গ্রাউন্ড লিকেজ ব্রেকার লাগান।
  진동기에 접지, 누전차단기 연결하여 사용
- স্টিল ফ্রেমের শীর্ষে মধ্যবর্তী পথে পা রাখার জায়গা স্থাপন করুন।
  철근 배근 상부에 통로용 작업발판 설치



কাজের আগের নিরাপত্তা পরিদর্শন
작업 전 안전점검

কর্মক্ষেত্র অনুসারে 작업별

# কাঠামোর সহায়তা লাগানো

거푸집 동바리 설치 작업

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다

2016-교육미디어-840

Bangladesh

কাঠামো লাগানো হল এমন একটি নির্মাণ কাজ যেটি চলাকালীন একটি স্টিল-কংক্রিটের বাড়ির কাঠামোর আকার তৈরী করা হয়। দৃঢ়করণের জিনিসগুলো একত্রিত করার পরে, কড়িকাঠ, থাম এবং দেওয়াল বসানোর জন্য প্যানেল ব্যবহার করা হয়।
거푸집 작업은 철근콘크리트 구조물의 형태를 구성하는 공사로서 철근 조립 후 패널 등을 이용하여 보, 기둥, 벽체 등의 형상을 만드는 공사를 말한다.

**বড়মাপের নিরাপত্তা ঝুঁকিগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:** 주요 유해·위험 요인

- খোলা ফাঁকে পড়ে যাওয়া, পাথরের খণ্ড পড়ে যাওয়া এবং কাঠামোর সহায়তা ধ্বসে যাওয়া
  개구부로의 추락(떨어짐), 슬라브 단부 떨어짐, 콘크리트 타설 거푸집 동바리 무너짐



## সুরক্ষা তালিকা 안전점검 체크리스트

| পরিদর্শনের বিষয় 점검항목 | পরিদর্শনের ফলাফল 점검결과 | সতর্কতা 조치사항 |
|---|---|---|
| কাঠামোর সহায়তাটি কি গঠন পর্যালোচনা ও একত্রীকরণের আঁকা ছবি অনুসারে লাগানো হয়েছে?<br>거푸집 동바리는 구조검토 및 조립도에 따라 설치되어 있는가? | | |
| কাঠামোর সহায়তাগুলো কি মনোনীত বন্ধনী দিয়ে যথাস্থানে আটকানো রয়েছে?<br>거푸집 동바리 연결부는 전용 클램프로 고정하였는가? | | |
| কাঠামোর সহায়তাগুলো সরে যাওয়া বা পড়ে যাওয়া রোধ করতে সেগুলো কি উপরে ও নিচে আটকানো রয়েছে?<br>거푸집 동바리는 넘어지거나 이동하지 않도록 상·하부를 고정하였는가? | | |
| আধা-একত্রিত পাথর এবং কড়িকাঠ সহায়তাদেওয়ার জোড়গুলো কি যথাস্থানে বাঁধা রয়েছে?<br>가조립된 슬라브판 보거푸집 등은 연결부가 탈락되지 않도록 고정시켰는가? | | |
| কর্মীরা কি হেলমেট ও বন্ধনীর মত প্রতিরক্ষা সরঞ্জাম পরেছেন?<br>작업자는 안전모, 안전대 등 개인보호구를 착용하고 있는가? | | |
| সুরক্ষা বন্ধনীগুলো কি একটি সুরক্ষা নোঙ্গরের সাথে হুকে আটকানো রয়েছে?<br>작업자는 안전대 고리를 안전대 부착설비에 체결하고 작업하고 있는가? | | |
| কাঠামো লাগানোর সময় কি বন্ধনীগুলো বিপজ্জনক স্থানে লাগানো হয়েছে যেখানে কড়িকাঠ ও পাথরগুলো পড়ে যেতে পারে?<br>거푸집 설치 작업중 보상부, 슬라브 단부 등 추락(떨어짐)위험 부위에 안전대 부착 설비를 설치하였는가? | | |
| অস্থিতিশীল দুটি স্তরের কাঠামোতে কি কোন কাঠামোর সহায়তা লাগানো হয়েছে?<br>거푸집 동바리 구조가 2단으로 설치되어 구조적으로 불안전하지는 않은가? | | |
| কাঠামোর উচ্চতা ঠিক করতে কি মনোনীত পিন ব্যবহার করা হয়েছে?<br>동바리 높이 조절용 핀은 전용 핀을 사용하는가? | | |
| কাঠামোর উপকরণ পুনরুদ্ধার করার সময় দড়ি যাতে যথাস্থানে থাকে তা নিশ্চিত করতে কি হুক-ছাড়ার যন্ত্র লাগানো হয়েছে?<br>거푸집 자재 인양시 후크 해지장치 설치하여 로프가 탈락되지 않도록 하고 있는가? | | |
| যদি একটি কাঠামো 3.5 মি-র থেকে বেশি উচ্চতার হয় তাহলে কি 2 মি-র ব্যবধানে উভয় দিক থেকে একটি অনুভূমিক আবদ্ধকারী লাগানো হয়েছে?<br>높이 3.5m 이상인 경우 수평 연결재를 2방향으로 2m 이내 마다 설치하고 있는가? | | |
| কাঠামোর সহায়তাগুলো কি প্রশংসিত প্রোডাক্ট দিয়ে তৈরী?<br>거푸집 동바리는 검정품을 사용하고 있는가? | | |

산업재해예방 안전보건공단

Safety Point

Bangladesh

# কাঠামোর সহায়তা একত্রীকরণে নিরাপত্তার ঝুঁকি এবং কিভাবে দুর্ঘটনা প্রতিরোধ করতে হয়

안전체크! 거푸집 동바리 조립 작업 재해위험 및 예방대책

## মনুষ্য কারণ 사람요인

- কাঠামোর সহায়তা লাগানোর সময়ে সর্বদা প্রতিরক্ষা সরঞ্জাম পরুন।
  거푸집 동바리 조립 작업시 안전모 등 개인보호구 착용 철저
- সুরক্ষা বন্ধনীগুলোকে একটি বন্ধনীর নোঙ্গরে আটকান।
  안전대를 안전대 부착설비에 체결하고 작업 실시

## শারীরিক সমস্যা 물적요인

- প্রশংসিত সহায়তার প্রোডাক্ট ব্যবহার করুন।
  거푸집 동바리는 검정품 사용
- সহায়তার উচ্চতা ঠিক করার জন্য মনোনীত পিন ব্যবহার করুন।
  동바리 높이 조절용 핀은 전용핀 사용

## যান্ত্রিক সরঞ্জাম 기계장비

- কাঠামোর উপকরণ পুনরুদ্ধার করতে ব্যবহৃত উত্তোলক মেশিনের হুকগুলোর উপরে একটি হুক-ছাড়ার যন্ত্র লাগান।
  양중기로 거푸집 자재 인양시 훅에 해지장치 설치하여 인양로프 탈락 방지

## কাজের পদ্ধতি 작업방법

- সুরক্ষা বন্ধনী বাঁধার জন্য কড়িকাঠের কাঠামোর উপরে একটি সুরক্ষা বন্ধনীর নোঙ্গর লাগান।
  보거푸집 상부에 안전대 부착설비를 설치하여 안전대를 체결하고 작업 실시
- অনুভূমিকভাবে কাঠামোকে বাঁধতে মনোনীত ক্ল্যাম্পই ব্যবহার করুন।
  동바리와 수평 연결재 연결부는 전용크램프로 견고하게 결속
- 6 মি বা তার বেশি উচ্চতায় দুই স্তর বিশিষ্ট কোন কাঠামো সহায়তা দেয় না।
  거푸집 동바리는 높이 6m 이상 시 2단 설치금지 시스템 동바리 사용
- কাঠামো পড়ে যাওয়া বা সরে যাওয়া আটকাতে সেগুলোর উপর এবং নিচের অংশ বেঁধে ফেলুন।
  동바리는 정위치에서 이동되거나 전도되지 않도록 상하부 고정
- 3.5 মি বা তার বেশি উচ্চতায় লাগানো হলে, সহায়তাগুলোকে মনোনীত ক্ল্যাম্প দিয়ে দু'দিক থেকেই 2 মি-র ফাঁক রেখে অনুভূমিকভাবে বাঁধুন।
  동바리는 높이 3.5m 이상 시 2방향으로 2m 이내마다 전용 클램프 이용 수평 연결재 설치
- কাঠামো পর্যালোচনা এবং একত্রীকরণের নকশা অনুসারেই সহায়তা নিখুঁতভাবে লাগান।
  동바리 간격은 구조검토, 조립도에 따라 정밀 시공 실시
- আধা-একত্রিত কড়িকাঠ এবং পাথরগুলোকে পতন ঠেকাতে বেঁধে ফেলুন।
  가조립된 보판, 슬라브판은 탈락되지 않도록 견고하게 고정



OPEN 공공누리

কর্মক্ষেত্র অনুসারে 작업별

কাজের আগের নিরাপত্তা পরিদর্শন
작업 전 안전점검

# রাজমিস্ত্রির কাজ, পলেস্তরার কাজ এবং পানি নিরোধ করা
조적·미장·방수 작업

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다
2016-교육미디어-841

Bangladesh

## রাজমিস্ত্রির কাজ 조적공사

### নিরাপত্তা ঝুঁকি 위험포인트

- ভাঙ্গবার সময় দেওয়াল ধ্বসে পড়া
  조적벽체 해체작업 중 벽체 무너짐 위험
- হাতে ঠেলা গাড়ী থেকে ইঁট পড়ে কোন ব্যক্তির গায়ে লাগাn
  리프트 탑승구에서 리어카로 벽돌운반 중 떨어짐 위험
- রাজমিস্ত্রির কাজের জন্য ভারায় ওঠার সময় কর্মীদের পড়ে যাওয়া
  조적작업을 위해 말비계에 오르던 중 떨어짐 위험
- কোন বাড়ীর ভিতরের দিকের দেওয়ালে কাজ করার সময় গর্তের মধ্যে দিয়ে গলে পড়ে যাওয়াg
  건물 내부벽체 조적작업 중 개구부에서 실족 위험



## সুরক্ষা তালিকা 안전점검 체크리스트

| পরিদর্শনের বিষয় 점검항목 | পরিদর্শনের ফলাফল 점검결과 | সতর্কতা 조치사항 |
|---|---|---|
| মাল পরিবহণের পদ্ধতিটি কি যথাযথ?<br>자재(벽돌, 블럭) 운반방법은 적정한가? | | |
| মাল পরিবহণের সময় কি কর্মীর বা মাল পড়ে যাওয়ার কোন ঝুঁকি রয়েছে?<br>– নির্মাণকাজের লিফ্টের তোলার মাচায় পতন রোধকারী ব্যবস্থা<br>– ইঁট পড়ে যাওয়া ঠেকাতে যথাযথ স্থানে নিরাপত্তা ব্যবস্থা<br>자재 운반시 근로자 및 자재 떨어짐 위험은 없는가?<br>– 건설용 리프트 승강구대에서 추락방지조치 – 벽돌, 블록의 낙하방지조치 | | |
| রাজমিস্ত্রির কাজের জন্য পাদানিটি কি যথেষ্ট নিরাপদ? –চলমান/স্থির ভারা<br>조적공사용 작업발판은 충분히 안전한가? – 이동식 비계 또는 말비계 | | |
| রাজমিস্ত্রির কাজ চলার সময় কি ইঁট বা কোন চাঙড় ধ্বসে পড়ার ঝুঁকি রয়েছে?<br>조적중인 벽돌이나 블록의 무너짐 위험은 없는가? | | |
| কাজের স্থানের বিপদক্ষেত্রগুলোতে প্রবেশাধিকার কি ভালোভাবে নিয়ন্ত্রণ করা হচ্ছে?<br>작업 반경 위험 구역 내 근로자 통제는 잘 이루어지고 있는가? | | |
| কর্মীরা কি যথাযথ সুরক্ষাকারী সরঞ্জাম পরেন?<br>근로자는 개인보호구를 올바르게 착용하고 있는가? | | |

## পলেস্তরার কাজ 미장공사

### নিরাপত্তা ঝুঁকি 위험포인트

- পলেস্তরার কাজ চলার সময় চলমান ভারা থেকে পড়ে যাওয়া
  이동식틀비계 위에서 미장작업 중 떨어짐 위험
- পলেস্তরা লেপার সময় একটি বারান্দা থেকে পড়ে যাওয়া
  발코니 단부에서 견출작업 중 떨어짐 위험
- পলেস্তরার কাজ শেষ করার পড়ে সিঁড়ি থেকে নামতে গিয়ে পড়ে যাওয়া
  미장작업을 마치고 계단을 내려오던 중 넘어짐 위험
- জানলার গোবরাটে কাজ করার সময় ভারা থেকে পড়ে যাওয়া
  외부 비계에서 창틀 미장작업 중 떨어짐 위험
- কাজের মাচা লাগানোর সময় ভারা থেকে পড়ে যাওয়া
  미장작업을 위해 비계 위에 작업발판 설치 작업 중 떨어짐 위험



## সুরক্ষা তালিকা 안전점검 체크리스트

| পরিদর্শনের বিষয় 점검항목 | পরিদর্শনের ফলাফল 점검결과 | সতর্কতা 조치사항 |
|---|---|---|
| পলেস্তরার স্থানটিতে যাওয়ার জন্য কি কোন নির্ধারিত পথ রয়েছে?<br>미장작업장소로 이동하기 위한 통로는 확보되어 있는가? | | |
| পলেস্তরার স্থানগুলোর চারপাশে কোন গর্ত থাকলে তা কি নিরাপদে আটকানো হয়েছে?<br>미장작업 장소 주변의 개구부 방호조치는 적정한가? | | |
| পলেস্তরার কাজের জন্য কি মাচাগুলো নিরাপদ?? - চলমান বা স্থির ভারা<br>미장공사용 작업발판은 충분히 안전한가? - 이동식 비계 또는 말비계<br>※ মই হল এমন একটি সরঞ্জাম যা উঁচু স্থানে যাওয়ার জন্য ব্যবহার করা হয়, এবং একটি মাচার বিকল্প হিসাবে এটির ব্যবহার করা নিষিদ্ধ।<br>※ 사다리는 높은 장소로 이동하기 위한 도구이므로, 가능한 작업발판 대용으로 사다리 위에서의 작업을 금함 | | |
| কর্মীরা কি যথাযথ সুরক্ষাকারী সরঞ্জাম পরে রয়েছেন?<br>근로자는 안전대, 안전모 등 개인보호구를 올바르게 착용하고 있는가? | | |
| অস্থায়ী বৈদ্যুতিক কেন্দ্র থেকে কি তড়িতাহত হওয়ার কোন ঝুঁকি রয়েছে?<br>작업장 주변의 가설전기에 감전될 위험은 없는가? | | |

## পানি নিরোধের কাজ করা 방수공사

### নিরাপত্তা ঝুঁকি 위험포인트

- একটি বহুতল বাড়ীর বাইরের দেওয়ালে সীল করার জিনিস প্রয়োগ করার সময় কর্মীর মই থেকে পড়ে যাওয়া
  이동식 사다리위에서 아파트 복도 창호 실란트 작업 중 복도외측으로 떨어짐 위험
- ছাদের জল/পানিনিরোধক ব্যবস্থায় সীল করার জিনিস লাগাতে গিয়ে কর্মীর বায়ু চলাচল ব্যবস্থার মধ্যে পড়ে যাওয়া
  지붕 방수시트(Sheet) 실란트 마무리작업 중 환기용 개구부로 떨어짐 위험
- সীল করার জিনিস লাগাতে গিয়ে মইয়ে দাঁড়িয়ে থাকাকালীন বিদ্যুৎবাহী লাইন থেকে তড়িতাহত হওয়া 사다리 위에서 실란트 작업 중 충전전로에 감전 위험
- একটি রিজার্ভারের ভিতরে সীল করার জিনিস লাগানোর পরে ঝালাই করার সময় দ্রাবকটির বিস্ফোরক ঘটা 저수조 내부 방수제 도포 후 용접 등 화기작업시 유기용제 폭발 위험
- রিজার্ভারের আবদ্ধ স্থানের ভিতরে সীল করার জিনিস লাগাতে গিয়ে দম বন্ধ হয়ে যাওয়া
  저수조 내부 등 밀폐된 공간 내 방수작업 중 질식 위험




## সুরক্ষা তালিকা 안전점검 체크리스트

| পরিদর্শনের বিষয় 점검항목 | পরিদর্শনের ফলাফল 점검결과 | সতর্কতা 조치사항 |
|---|---|---|
| পানি নিরোধের কাজ করার জন্য ব্যবহৃত মাচায় কি যথাযথ নিরাপত্তা ব্যবস্থা প্রয়োগ করা হয়েছে?<br>방수작업용 작업발판에는 안전조치가 적정하게 되어 있는가? | | |
| জল/পানি নিরোধের কাজ করার স্থানের চারপাশে গর্ত থাকলে তাতে কি যথাযথ নিরাপত্তা ব্যবস্থা প্রয়োগ করা হয়েছে?<br>방수작업 장소 주변의 개구부 방호조치는 적정한가? | | |
| কর্মীরা কি যথাযথ সুরক্ষাকারী সরঞ্জাম পরেছেন?<br>근로자는 개인보호구를 올바르게 착용하고 있는가? | | |
| কোন আবদ্ধ স্থানে জল/পানি নিরোধের কাজ করার সময় সেখানে কি দম বন্ধ হওয়ার ঝুঁকি রয়েছে?<br>정화조, 저수조 등 밀폐된 공간내에서 방수작업시 질식위험은 없는가? | | |
| জল/পানি নিরোধের কাজের জন্য কি সেখানে যথেষ্ট আলো রয়েছে?<br>방수작업장에 조명은 적정하게 확보되어 있는가? | | |
| কাজের জায়গার চারপাশের অস্থায়ী বৈদ্যুতিক কেন্দ্র থেকে কি তড়িতাহত হওয়ার কোন ঝুঁকি রয়েছে?<br>작업장 주변의 가설전기에 감전될 위험은 없는가? | | |
| অ্যাসফল্ট প্রাইমারের মত দাহ্য পদার্থ থেকে কি সেখানে আগুন লাগা বা বিস্ফোরণের কোন ঝুঁকি রয়েছে?<br>아스팔트 프라이머 등 휘발성 재료에 의한 화재·폭발 위험은 없는가? | | |
| পণ্য সংরক্ষণাগারটি কি ভালোভাবে বায়ুপূর্ণ এবং তাপের উৎস থেকে দূরে অবস্থিত?<br>자재 보관장소는 통풍이 잘되고 화기로부터 격리되어 있는가? | | |

# কাজের আগের নিরাপত্তা পরিদর্শন
작업 전 안전점검

# ব্যাচ পারমাণবিক চুল্লি
회분식 반응기

কেন্দ্র অনুসারে 설비별

조심조심 코리아
작업전 안전점검 당신의 생명을 지킵니다
2016-교육미디어-842

Bangladesh

কোনো ব্যাচ প্রক্রিয়ায় একটি উপাদান মেশিনে প্রবেশ করানো হয় এবং একটি নির্দিষ্ট সময় পর্যন্ত প্রক্রিয়া করা হয়। নির্দিষ্ট পরিমাণের উপাদান ও অনুঘটক ব্যাচ পারমাণবিক চুল্লিতে দেওয়া হয়; নির্দিষ্ট সময়ের বিক্রিয়ার পর পণ্য নিষ্কাশন করা হয়।
회분식 공정(BATCH PROCESS)이라 함은 일반적으로 원료를 투입하여 일정시간 혹은 일정공정을 거쳐 제품을 얻는 모든 공정을 말한다. 회분식 반응기는 반응기에 원료 및 촉매 등을 순서적으로 투입하여 일정시간 반응 후 생성물을 배출하는 방식으로 조작되는 반응기이다.

## ব্যাচ প্রক্রিয়ার বৈশিষ্ট্য 회분식 공정 특성

- প্রক্রিয়া একাধিক পর্যায়ে হয়ে থাকে।
  공정 운전이 여러단계로 구성
- পৃথক পৃথক ব্যাচে অনেকবার চালু আর বন্ধ করতে হয়।
  Batch별 Start-up, Shutdown 빈번함
- অবিচ্ছিন্ন প্রক্রিয়ায় যন্ত্রের ত্রুটি থাকার বোঝা খুব কষ্টকর।
  장치결함 예측이 연속공정보다 어려움
- গ্রেড পরিবর্তনের সঙ্গে সঙ্গে পরিচালনার অবস্থা পরিবর্তিত হয়।
  Grade 변경시 운전조건 변화
- হস্তচালিত কার্য পরিচালনা করার জন্য অনেক অপারেটরের প্রয়োজন।
  현장 작업자의 수동운전이 많음

- মানুষের ভুল হওয়ার সম্ভাবনা থাকে। 인적오류 가능성 높음
- যন্ত্রের ত্রুটি থাকার সম্ভাবনা থাকে।
  장치결함 가능성 높음
- যন্ত্রের ত্রুটি পূর্বানুমান করা কষ্টকর।
  장치결함 예측이 어려움
- কর্মীদের দুর্ঘটনা ঘটার সম্ভাবনা প্রবল।
  인적피해 가능성 높음
- গুরুতর দুর্ঘটনা ঘটতে পারে।
  인적피해 규모가 큼



## সুরক্ষা তালিকা 안전점검 체크리스트

| পরিদর্শনের বিষয় 점검항목 | পরিদর্শনের ফলাফল 점검결과 | সতর্কতা 조치사항 |
|---|---|---|
| থার্মোমিটার, ম্যানোমিটারের মতো পরিমাপের যন্ত্র লাগানো আছে? অভ্যন্তরীণ সমস্যার সতর্কতা জানানোর জন্য স্বয়ংক্রিয় অ্যালার্ম কি লাগানো আছে?<br>온도·압력계 등 계측장치가 설치되어 있고, 내부 이상상태를 조기 파악을 위한 자동경보장치가 설치되어 있는가? | | |
| কোনো জরুরি সমস্যার ক্ষেত্রে, উপাদান দেওয়া বন্ধ করে পণ্য দূরীভূতকরণ করা হয় এবং ঠান্ডা জল/পানি সরবরাহ করা হয়?<br>비상 시 원재료의 긴급차단, 제품 등의 방출, 냉각용수 등의 공급장치가 정상 작동되는가? | | |
| উপাদান এবং ইনিশিয়েটরগুলো কি সঠিক ক্রমে এবং পরিমাণে দেওয়া হয়েছিল? উপাদানের রেজিস্টার রাখা হয় কি?<br>원재료, 개시제 등의 투입량, 순서 등 운전절차를 숙지하고 원료 투입일지가 작성되고 있는가? | | |
| কন্ট্রোল রুমের সঙ্গে কি বেতার যোগাযোগ কার্যকরী ভাবে করা হয়? কর্মীদের মধ্যে কি কার্যকরী যোগাযোগ থাকে?<br>제어실과 무선연락이 잘 이루어지고, 작업자간 연락체계가 잘 유지되고 있는가? | | |
| উপাদানগুলোর দাহ্যতা ও বিষাক্ততা কি পরীক্ষা করা থাকে?<br>원재료가 인화성 물질 또는 독성물질인지 확인하였는가? | | |
| বিপজ্জনক পদার্থ নিয়ে কাজ করার সময় সুরক্ষার উপযুক্ত সরঞ্জাম কি ব্যবহার করা হয়?<br>취급물질에 따른 적절한 보호구를 착용하고 작업하고 있는가? | | |
| পারমাণবিক চুল্লির তাপ ও চাপ কি নির্দেশিকায় দেওয়া নির্দিষ্ট মান অনুসারে বজায় রাখা হয়?<br>반응기 온도 및 압력이 매뉴얼대로 유지되고 있는가? | | |
| পারমাণবিক চুল্লি ঠিক মতো কাজ না করলে থামানোর জরুরি ব্যবস্থা কি নেওয়া হয়?<br>반응기 비상정지절차 등 비정상상태일 때 조치사항을 숙지하고 있는가? | | |
| আগুন লাগলে কিভাবে তা জানাতে হবে তা সম্পর্কে কি অপারেটর অবহিত?<br>화재발생시 비상연락 등 대응조치 요령을 숙지하였는가? | | |

# ব্যাচ প্রক্রিয়ার নিরাপত্তা

회분식 공정 안전운전

## কাজের মান 작업표준

প্রতিটি প্রক্রিয়ার জন্য স্পষ্ট ও নির্দিষ্ট কাজের মান সেট করুন। এটি ত্রুটি যুক্ত কন্ট্রোল থেকে হওয়া দুর্ঘটনা থেকে রক্ষা করবে।
각각 공정마다 작업 포인트를 구체적이고 명확하게 작업표준을 만들어 오조작 등으로 인한 사고를 방지 한다.



- কর্মীকে কাজ করার আগে কাজের মান সম্পূর্ণভাবে বুঝতে হবে। কাজের মান অবশ্যই মেনে চলতে হবে।
  작업자는 작업표준을 충분히 이해한 후에 작업에 임하고 이를 철저하게 준수한다.
- আগের দুর্ঘটনা ও তার কারণ যেমন প্রক্রিয়ার বৈশিষ্ট্য, রাসায়নিক ব্যবহারের নিরাপত্তা বিপত্তি, অস্বাভাবিক বিক্রিয়ার মতো বিষয়গুলো পর্যালোচনা করে তার ভিত্তিতে কাজের মান তৈরি করুন।
  작업표준은 공정의 특성, 화학약품 취급 시 위험성, 이상반응 등으로 인한 재해사례 등을 참고하여 충분히 검토한 후에 작성한다.
- নিম্নলিখিত বিষয়গুলো অবশ্যই করতে হবে:
  특히 다음 사항은 명시되어야 한다.

1. ভালভ এবং কর্ক অপারেশন
   밸브, 코크의 조작
2. যন্ত্রের শীতল হওয়া, গরম হওয়া ও অস্বাভাবিক কাজ করার নিয়ন্ত্রণ
   냉각, 가열 및 교반장치의 조작
3. যন্ত্রের পরিমাপ ও নিয়ন্ত্রণের পর্যবেক্ষণ ও সামঞ্জস্যবিধান
   계측 및 제어장치의 감시 및 조정
4. সেফটি ভালভ, জরুরি স্টপ সিস্টেম ও অন্যান্য নিরাপদ যন্ত্রের স্বয়ংক্রিয় অ্যালার্মের ব্যবস্থার সামঞ্জস্য করুন
   안전밸브, 긴급차단장치 및 기타 안전장치 및 자동경보장치의 조정
5. ম্যানহোল, ফ্ল্যাঞ্জ, ভালভ ও কর্ক থেকে লিকের পরিদর্শন
   맨홀, 플랜지, 밸브 및 코크 등의 접합부에서 누출여부 점검
6. নমুনা সংগ্রহ
   시료의 채취
7. কাজের সাময়িক বা আংশিক বিরতি ও পুনরাম্ভের প্রক্রিয়াগুলো
   일시적 또는 부분적인 운전중단시의 작업방법 및 운전재개시 방법
8. পণ্য ও প্রক্রিয়ার পরিবর্তন অনুসারে কেন্দ্রের সংশোধন ও পাইপিংয়ের পুনঃব্যবস্থা
   가연물질의 이송, 인입설비 등의 정전기 제거를 위한 조치
9. জরুরি অবস্থার ব্যবস্থাপনা
   이상상태 발생 시의 응급조치

## কাজের পদ্ধতি 작업방법

- যখন দাহ্য তরল আছে এমন ট্যাঙ্কারে ইঞ্জেক্ট করা হয় তখন প্রবাহের গতিবেগ 1 মি/সেঃ বা কম করে অচলতড়িৎ প্রতিরোধ করা হয় এবং অন্তত 15 মিনিটের জন্য  তরলকে স্থির হতে দেওয়া হয়।
  인화성액체 등 위험물질을 탱크로리로 주입하는 경우에는 15분 이상의 정치시간을 두고 액체의 유속을 1m/sec 이하로 하는 등 정전기 발생을 방지하기 위한 조치를 취한다.
- কোনো ড্রাম থেকে পারমাণবিক চুল্লি বা ট্যাঙ্কে দাহ্য তরল স্থানান্তর করার আগে গ্রাউন্ডে ড্রাম লাগাতে হবে। একটি পরিবাহী নল এবং অগ্নি-প্রতিরোধক সরঞ্জাম ব্যবহার করুন।
  인화성액체 등 위험물질을 드럼으로부터 반응기나 탱크 등에 옮기는 경우는 드럼을 접지하고 전도성파이프를 사용하며 공구는 방폭형을 사용한다.
- বিস্ফোরণ বা আগুন লাগার সম্ভাবনা আছে এমন এলাকায় ঝালাই, কাটাই বা ইগনিশনের অন্য কোনো কাজ করা নিষিদ্ধ। আপনার কর্মীকে এমন কোনো আইটেম বহন করতে দিবেন না যেটি ইগনিশনের উৎস।
  폭발·화재위험이 있는 장소에서 용접, 용단 등의 작업, 착화원 가능성이 있는 기계기구를 사용하여서는 안되며, 착화원이 될 우려가 있는 물질을 휴대하지 않는다.



কাজের আগের নিরাপত্তা পরিদর্শন
작업 전 안전점검

# সংরক্ষণের ট্যাঙ্ক
저장탱크

কেন্দ্র অনুসারে 설비별

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다
2016-교육미디어-843

Bangladesh

সংরক্ষণের ট্যাঙ্ক হল রাসায়নিক পদার্থ সংরক্ষণে ব্যবহৃত পাত্র এবং তার মধ্যে একজন ব্যক্তি ঢুকে যাওয়ার মত পর্যাপ্ত বড় হয়। কার্যকর চাপের উপর নির্ভর করে, সংরক্ষণের ট্যাঙ্কগুলোকে তিন শ্রেণীতে ভাগ করা যায়: বায়ুমণ্ডলীয় চাপ, নিম্নচাপ এবং কৃত্রিম চাপের ট্যাঙ্ক।
내부에 화학물질을 저장할 수 있도록 제작된 용기중 그 내부에 작업자가 들어갈 수 있도록 된 구조의 것을 말하며, 운전압력에 의하여 대기압, 저압탱크, 압력 탱크 등으로 구별된다.

## বড়মাপের নিরাপত্তা ঝুঁকিগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে: 주요 유해·위험 요인

- ট্যাঙ্কের মধ্যে কাজ করার সময় শ্বাসরোধ, আগুন বা বিস্ফোরণের ঝুঁকি
  탱크내부 공간에서 작업 중 질식, 화재, 폭발 등의 위험
- একটি ট্যাঙ্কের উপরে বা ভিতরে কাজ করার সময় দাহ্য বাষ্প থেকে আগুন লাগা বা বিস্ফোরণ ঘটা
  탱크 정비 보수 작업 중 인화성 증기 등에 의한 화재, 폭발위험
- ট্যাঙ্কে থাকা বিপজ্জনক পদার্থ সম্বন্ধে অপর্যাপ্ত জ্ঞান থেকে ঘটা দুর্ঘটনা
  저장탱크 내부 위험물 정보 인식 미흡에 의한 재해위험
- ট্যাঙ্কের ভিতরে আগুনরোধী নয় এমন ইলেকট্রিক্যাল সরঞ্জামের ব্যবহার থেকে ঘটা দুর্ঘটনা
  저장탱크에서의 비방폭형 전기기계기구 등의 사용에 따른 재해위험



## সুরক্ষা তালিকা 안전점검 체크리스트

| পরিদর্শনের বিষয় 점검항목 | পরিদর্শনের ফলাফল 점검결과 | সতর্কতা 조치사항 |
|---|---|---|
| ভেন্টিলেটর, বিস্ফোরণের ছিদ্রপথ, এবং ফ্লেম অ্যারেস্টারের মত সুরক্ষার সরঞ্জামগুলি কি ইনস্টল করা আছে?<br>통기설비, 폭발방산구, 화염방지기 등의 방호설비가 적정하게 설치되어 있는가? | | |
| যেসব স্থানে দাহ্য পদার্থ ছিদ্রপথে বেরোনোর ঝুঁকি রয়েছে সেখানে কি গ্যাস সেন্সর, অ্যালার্ম, ইলেকট্রিক্যাল সরঞ্জাম ও আগুনরোধী কাঠামো ইনস্টল করা আছে?<br>인화성물질 누출이 우려되는 장소에는 방폭구조의 전기기계·기구, 가스검지 및·경보장치가 설치되어 있는가? | | |
| কাঁচা মালের ধরনগুলো কি ইনস্টল করা আছে? কাঁচা মাল ব্যবহার করে এমন কেন্দ্রগুলোর নাম কি নির্দেশ করা আছে? যেখানে দরকার সেখানে কি তেল ধরে রাখার দেওয়াল বসানো হয়েছে?<br>원재료의 종류, 원재료가 공급되는 설비명 등이 표시되고 방유제가 적정하게 설치되었는가? | | |
| প্রেসার গেজ, প্রবাহের গেজ, থার্মোমিটার এবং লেভেল গেজ কি সম্পূর্ণভাবে কাজ করছে?<br>압력계, 유량계, 온도계, 레벨게이지 등의 계기류는 정상적으로 동작하는가? | | |
| বিস্ফোরণ প্রবণ স্থানগুলোতে কি আগুনরোধী ইলেকট্রিক্যাল সরঞ্জাম ও মেশিনারী ব্যবহার করা হয়?<br>위험물을 저장 및 취급하는 경우 폭발위험장소에는 방폭형 전기기계·기구를 사용하는가? | | |
| বিপজ্জনক বস্তু পরিবহণ বা পরিচালনার আগে কি অচলতড়িৎ সরাতে বন্ডিং এবং গ্রাউন্ডিং করা হয়?<br>위험물 취급 및 이송 시 발생하는 정전기를 제거하기 위해 본딩 및 접지는 실시하는가? | | |
| সংরক্ষণ ট্যাঙ্কের বাইরের বা ভেতরের দেওয়ালে, জোড়গুলোতে, চাকার পাশগুলোতে, বা ভিতে কি ক্ষয় বা চিড় দেখা দিয়েছে? 저장탱크 내외면 및 이음매, 플랜지, 기초부 등에 부식 및 균열이 발생하였는가? | | |
| ট্যাঙ্ক ভর্তি করার আগে কি বিপজ্জনক পদার্থ এবং নিষ্ক্রিয় গ্যাসগুলোকে সরানো হয়? যথাযথভাবে বায়ুচলাচলের ব্যবস্থা করা হয় কি? 입조작업 전 위험물질방출 및 차단, 불활성가스 치환, 환기 등은 적절하게 이루어졌는가? | | |
| ট্যাঙ্ক ভর্তি করার আগে কি অক্সিজেন ও ক্ষতিকর গ্যাসগুলোর মাত্রা মেপে নেওয়া হয়?<br>입조작업 전 산소 및 유해가스농도는 측정하는가? | | |

산업재해예방 안전보건공단

# সংরক্ষণ ট্যাঙ্ক নিয়ে ঘটা দুর্ঘটনাগুলোর উদাহরণ
저장탱크 작업 중 재해사례

## উদাহরণ 1 재해사례 1 সংরক্ষণের ট্যাঙ্কে পাইপিং লাগানোর সময় তা কাটতে গিয়ে ঘটা বিস্ফোরণ
저장탱크에 배관 설치 용단작업 중 폭발

সংরক্ষণ ট্যাঙ্কে জোড়ার জন্য তিনজন কর্মচারী পাইপিং কাটছিলেন। পাইপিংটি সংরক্ষণের ট্যাঙ্কে জোড়ার সময়, ট্যাঙ্কের মধ্যে থাকা অবশিষ্ট দাহ্য বাষ্প জ্বলে উঠে বিস্ফোরণ ঘটায়, যাতে দুজন কর্মচারী মারা যান এবং একজন কর্মচারী আহত হন।
중고로 들어온 저장탱크 배관을 설치하기 위해 작업자 3명이 용단 작업을 하던 중 저장탱크 내 잔류하고 있던 벙커C유 인화성 증기에 용접. 불티가 점화되어 폭발(사망 2, 부상 1)



### প্রতিরোধ 예방대책

- আগে দাহ্য পদার্থ রাখতে ব্যবহার করা হত এমন সংরক্ষণ ট্যাঙ্কের উপর আগুন বা বিদ্যুৎচ্ছটা ব্যবহার করবেন না, যেহেতু এটি থেকে বিস্ফোরণ বা আগুন লাগতে পারে।
  벙커C유 등 인화성 물질이 있는 저장탱크는 폭발 또는 화재가 발생할 우려가 높으므로 불꽃 또는 아크를 발생하거나 화기작업을 금지
- বিপজ্জনক বা দাহ্য পদার্থের অবশিষ্টাংশ থাকতে পারে এমন ট্যাঙ্ক, পাইপিং বা ড্রামে আগুন প্রয়োগ করার আগে, পাত্রটি পরিষ্কার করে নিন এবং অবশিষ্ট বাষ্পটিকে নিষ্ক্রিয় করুন।
  위험물 또는 인화성 유류 등이 존재할 위험이 있는 탱크, 배관, 드럼 등의 용기에 화기작업을 실시할 때에는 인화성 물질 제거 후 세정작업 또는 불활성 가스로 치환하는 등의 안전조치를 실시

## উদাহরণ 2 재해사례 2 বিস্ফোরণ ঘটার পরে একটি সংরক্ষণ ট্যাঙ্কের মাথা থেকে পড়ে যাওয়া
인화성 물질 저장탱크 상부의 화재·폭발로 떨어짐

একজন কর্মচারী ট্যাঙ্কের মাথায় থাকা ম্যানহোলের মাধ্যমে দাহ্য পদার্থ থাকা 6মি-উঁচু একটি সংরক্ষণ ট্যাঙ্কের ভিতরের পদার্থ পরীক্ষা করতে লাইটার ব্যবহার করেছিলেন। আগুনের শিখায় ম্যানহোলের মধ্যে দিয়ে বেরোনো দাহ্য বাষ্প জ্বলে ওঠে এবং বিস্ফোরণ ঘটে, ট্যাঙ্ক থেকে কর্মচারীকে ছিটকে ফেলে দেয়।
높이 6미터의 인화성 물질 저장탱크 상부에서 맨홀을 통해 내부 유량을 점검하기 위해 라이터를 켜는 순간, 맨홀을 통해 증발한 인화성 증기에 점화되면서 화재·폭발이 발생하여 그 충격에 의해 지면으로 떨어짐



### প্রতিরোধ 예방대책

- এমন কোন স্থানে আগুন ব্যবহার করবেন না যেখানে দাহ্য বাষ্পের প্রজ্বলনের ফলে আগুন লাগতে বা বিস্ফোরণ ঘটতে পারে। পরিবর্তে একটি আগুনরোধী টর্চ ব্যবহার করুন।
  인화성 증기로 인한 화재·폭발 위험이 있는 장소에서는 직접 점화원이 될 수 있는 화기의 사용을 금지하고 부득이한 경우 방폭형 손전등을 사용
- মাপার যন্ত্রগুলিকে কার্যকর অবস্থায় রাখুন যাতে অনুমোদিত ব্যক্তিদের হস্তচালিতভাবে পরীক্ষা করার দরকার না পড়ে।
  자동 계측장치는 항상 그 기능을 유지토록 하여 근로자가 불필요하게 위험 장소에 접근하는 것을 방지

কাজের আগের নিরাপত্তা পরিদর্শন
작업 전 안전점검

# ওভারহেড ক্রেন
천장크레인

কেন্দ্র অনুসারে 설비별

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다
2016-교육미디어-844

Bangladesh

একটি ওভারহেড ক্রেন সংলগ্ন দু'টি দেওয়ালে লাগানো বেড়া এবং সেই বেড়ার সাথে উল্লম্বভাবে বসানো এবং কড়িকাঠ নিয়ে গঠিত, যে কড়িকাঠটি দেওয়ালগুলোর সাথে সাথে চলে। এই কড়িকাঠটি একটি ট্রলির সাথে ফিট করা থাকে যা বোঝা তোলা ও বহন করার জন্য একটি হুক ছাড়ে ও টেনে নেয়।
서로 마주보는 벽을 따라 레일을 부설하고, 이 레일에 직각으로 주행하는 빔(beam)을 걸친다. 이 빔에 권상 및 횡행장치를 갖는 트롤리(trolley)가 부설되어 트롤리로부터 훅(hook)를 내려서 중량물을 인양 운반하는 기계기구이다.

**বড়মাপের নিরাপত্তা ঝুঁকিগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:** 주요 유해·위험 요인

- তারের দড়ি বিচ্ছিন্ন হওয়ার ফলে বোঝা পড়ে যাওয়া
  와이어로프의 파단으로 중량물이 떨어짐
- হুক খুলে নেমে আসার ফলে বোঝা পড়ে যাওয়া
  훅에서 보조 달기구 이탈로 인하여 중량물 떨어짐
- পরিবহণ করার সময় কোন ব্যক্তির সাথে বোঝার ধাক্কা লাগা 중량물 운반 시 작업자와의 중량물의 부딪힘
  호퍼 내 원료 투입장소에 안전난간 설치상태(2m 이상 고소작업 장소)를 확인한다.
- ছাঁচের ভিতর পরিষ্কার করার জন্য চালু ইঞ্জেকশন মোল্ডিং মেশিনের কাছে যাবে না।
  운전 중인 상태에서 금형내부의 이물질을 제거하기 위해 접근하지 않는다.
- সব সুরক্ষা প্রক্রিয়া এবং নিয়ম মেনেই ছাঁচ লাগানো, অপসারণ এবং সামঞ্জস্য করুন। 금형의 부착, 해체 또는 조정 작업 시 안전작업절차에 따라 실시한다.
- পরিষ্কার বা রক্ষণাবেক্ষণের আগে, ইঞ্জেকশন মোল্ডিং মেশিনটিকে বন্ধ করুন এবং পাওয়ার স্যুইচের উপর "চালাবেন না" চিহ্ন বসান, অথবা চাবিটি সরিয়ে নিয়ে রেখে দিন।
  기계 정비 및 청소작업 시 운전정지 후 기동스위치에 조작금지 표찰부착 또는 Key를 분리하여 작업자가 직접 소지한다.

OPEN 공공누리

কাজের আগের নিরাপত্তা পরিদর্শন
작업 전 안전점검

# ডেস্কটপ গ্রাইন্ডার
탁상용 연삭기

কেন্দ্র অনুসারে 설비별

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다
2016-교육미디어-888

Bangladesh

ডেস্কটপ গ্রাইন্ডার হল ধাতু ও অন্যান্য বস্তু পেষাই করতে একটি শাণপাথর ঘোরানোর জন্য মোটরচালিত একটি মেশিন।
탁상용 연삭기는 연삭기 일종으로 전기모터를 이용하여 연삭숫돌을 회전시켜 금속 등의 가공물의 면을 연마하는 기계이다.

**>> বড়মাপের নিরাপত্তা ঝুঁকিগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:** 주요 유해·위험 요인

- ঘূর্ণায়মান শাণপাথরে কর্মীর জামাকাপড় বা শরীরের কোন অঙ্গ আটকে যাওয়া
  회전하는 연삭숫돌에 작업자 옷자락 및 신체 접촉에 의한 말림
- ভাঙ্গন বা ধাক্কা লাগার ফলে প্রক্রিয়াকরণের কাজ চলার সময় শাণপাথর ভেঙ্গে যাওয়া
  가공 작업 중 숫돌 균열 및 외부 충격으로 연삭숫돌 파손
- ক্ষতিগ্রস্ত অন্তরণের ফলে ছিদ্রপথে বিদ্যুৎ বেরোনো থেকে তড়িতাহত হওয়া
  본체 절연파괴 등 전기 누전 시 작업자 신체 접촉에 의한 감전
- ধুলো এবং আওয়াজের মত স্বাস্থ্যের বিপত্তি
  연삭 분진 및 소음에 의한 건강장해 위험 등이 있다.



## সুরক্ষা তালিকা 안전점검 체크리스트

| পরিদর্শনের বিষয় 점검항목 | পরিদর্শনের ফলাফল 점검결과 | সতর্কতা 조치사항 |
|---|---|---|
| শাণপাথর ভেঙ্গে যাওয়ার ক্ষেত্রে টুকরোগুলো ধরতে কি যথাস্থানে একটি সুরক্ষা গার্ড রয়েছে?<br>연삭숫돌 파괴로 인한 파편의 비산을 효과적으로 방지할 수 있는 방호덮개는 부착되어 있는가? | | |
| একটি ওয়ার্ক রেস্ট কি যথাস্থানে রয়েছে? এটি কি শাণপাথর থেকে 3 মিমি দূরত্বের মধ্যেই রয়েছে?<br>작업대(Work Rest)는 부착되어 있는가? (숫돌과의 간격 3mm이내) | | |
| শাণপাথরে কি কোন ভাঙ্গন দেখা দিয়েছে?<br>*যদি ভাঙ্গন থাকে তাহলে ধাক্কা লাগিয়ে আওয়াজ পরীক্ষা করায় একটি ইঙ্গিতবাহী আওয়াজ উৎপন্ন হবে।<br>연삭숫돌의 균열은 없는가? (타음 검사 실시, 균열시 "탁음" 발생) | | |
| চালানোর আগে কি পরীক্ষামূলকভাবে চালানো হয়েছে?<br>*একটি শাণপাথর পাল্টানোর অন্ততঃ তিন মিনিট পরে। চালানোর অন্তত এক মিনিট আগে।<br>사용 전 시운전을 실시하는가? (숫돌교체 후 3분 이상, 작업 시작 전 1분 이상) | | |
| কাঠামোটি কি যথাস্থানে সঠিকভাবে রয়েছে?<br>프레임은 견고하게 부착되어 있는가? | | |
| শাণপাথরের ধারগুলো কি অব্যবহৃত অবস্থায় রয়েছে?<br>연삭숫돌의 측면을 사용하지는 않는가? | | |
| তারের অন্তরণটি কি আওয়াজ করছে? একটি গ্রাউন্ড ও গ্রাউন্ড লিকেজ ব্রেকার কি যথাস্থানে রয়েছে?<br>전기배선 절연상태는 양호하고, 접지 및 누전차단기를 설치 사용하는가? | | |
| চালক কি ডাস্ট মাস্ক, গগলস, এবং অন্যান্য সুরক্ষাকারী সরঞ্জাম পরছেন?<br>작업자는 방진마스크와 보호안경 등 적절한 보호구를 착용하고, 작업복은 적절한가? | | |
| মুখ এবং চোখকে টুকরো ও ফুলকির হাত থেকে বাঁচাতে কি একটি স্বচ্ছ পর্দা যথাস্থানে রয়েছে?<br>연삭 시 발생하는 파편과 스파크로부터 얼굴, 눈 등을 보호하기 위한 투명 스크린이 설치되어 있는가? | | |
| চালানো শাণপাথরটিকে কি এটিতে নির্দেশ করা RPM-এর থেকে বেশি RPM-এ চালানো হচ্ছে ?<br>연삭숫돌을 숫돌에 표시된 것보다 높은 회전속도(RPM)로 작동시키지 않는가? | | |
| যেখানে পেষাইয়ের কাজ চলছে সেই জায়গাটি কি পর্যাপ্তভাবে আলোকিত?<br>연삭 또는 연마작업이 이루어지는 부위에서 적정한 조도가 이루어지고 있는가? | | |

# ডেস্কটপ গ্রাইন্ডারের নিরাপদ ব্যবহার
탁상용 연삭기 사용 안전작업

## চালানোর নিরাপত্তা 작업 안전수칙

- একটি সুরক্ষা গার্ডের সাথেই ডেস্কটপ গ্রাইন্ডার ব্যবহার করুন।
  연삭기는 방호덮개가 설치되어 있는 것을 사용한다.
- KCs চিহ্নসমেত একটি ডেস্কটপ গ্রাইন্ডার ব্যবহার করুন, যা নির্দেশ করে যে এটির পরিকল্পনা এবং গঠন নিরাপত্তার স্বার্থে যাচাই করে নেওয়া হয়েছে।
  연삭기는 주요 구조부 등의 안전성을 인증받은 자율안전확인신고를 받은 제품을 사용한다.
- ওয়ার্ক রেস্টটি যাতে শাণপাথরের থেকে 3 মিমির মধ্যেই থাকে তা ঠিক করে নিন।
  가동 전 작업대가 연삭숫돌과 3mm 이내에 안전하게 조정되었는지 확인한다.
- শাণপাথরটিতে ক্ষয়ক্ষতি হয়েছে কিনা দেখে নিন। শাণপাথরটি যেন অক্ষে সমানভাবে ঘোরে তা নিশ্চিত করুন।
  연삭숫돌을 점검하여 손상됐는지 유무와 축 위에서 균형을 유지하며 회전하는지 확인한다.
- বস্তু প্রক্রিয়াকরণের জন্য শাণপাথরের ধারটি ব্যবহার করবেন না।
  측면 연삭을 위해 설계되지 않은 연삭숫돌의 측면으로 연삭작업을 금지한다.
- যে জিনিসটির প্রক্রিয়াকরণ করতে হবে সেটি দিয়ে শাণপাথরে চাপ দেবেন না। ধীরে ধীরে এবং কোমলভাবে সংযোগ করান।
  가공물은 연삭숫돌에 충격을 가하지 말고 천천히 그리고 부드럽게 접촉한다.
- শাণপাথরটি ভালো আছে কিনা নিশ্চিত হতে কাজ শুরু করার আগে অন্তত এক মিনিট শাণপাথরটিকে নিষ্ক্রিয় অবস্থায় চালান।
  작업 전에 적어도 1분간 연삭숫돌을 공회전 시켜 숫돌 상태를 확인한다.
- যথাযথ সুরক্ষাকারী সরঞ্জাম পরুন। (যেমন, গগলস, সেফটি বুট, কানটুপি, ডাস্ট মাস্ক)
  보안경·안전화·귀마개·방진마스크 등 적절한 보호구를 착용한다.

## নিরাপত্তা পরিদর্শন এবং শাণপাথর প্রতিস্থাপন 연삭숫돌의 안전점검 및 교체

- কোন কাজ শুরু করার আগে শাণপাথরে ভাঙ্গন, কুচি উঠে আসা ও অতিরিক্ত ক্ষয় হয়েছে কিনা দেখে নিন।
  작업 전 숫돌의 갈라짐·균열·흠 등 이상 유무, 숫돌 마모 상태에 대한 검사를 한다.
- ভালো রয়েছে কিনা তা পরীক্ষা করতে একটি কাঠের মুগুড় দিয়ে শাণপাথরটিতে হালকা ঠোকা দিন। স্পষ্ট আওয়াজ হলে তা ভালো অবস্থাকে নির্দেশ করে; ভারী আওয়াজ হলে তা খারাপ অবস্থাকে নির্দেশ করে।
  숫돌을 목재 해머로 가볍게 두드려 소리로 이상 유무를 확인한다.(깨끗한 소리 : 정상, 둔탁한 소리 : 결함)
- ভালো রয়েছে কিনা তা পরীক্ষা করতে একটি কাঠের মুগুড় দিয়ে শাণপাথরটিতে হালকা ঠোকা দিন। স্পষ্ট আওয়াজ হলে তা ভালো অবস্থাকে নির্দেশ করে; ভারী আওয়াজ হলে তা খারাপ অবস্থাকে নির্দেশ করে।
  연삭숫돌을 고정시키는 플랜지의 직경 및 접촉 폭은 고정 측과 이동 측이 동일한 값을 가져야 하며 플랜지 직경의 1/3 이상이 되도록 한다.
- শাণপাথর বদলানোর পরে, কোন কাজ শুরুর আগে অন্তত তিন মিনিট নিষ্ক্রিয় অবস্থায় চালিয়ে দেখুন ও ভারসাম্য পরীক্ষা করুন।
  연삭숫돌 교체 부착 후 숫돌의 균형을 확인하고 3분 이상 시운전한다.






কাজের আগের নিরাপত্তা পরিদর্শন
작업 전 안전점검

# বহনীয় গ্রাইন্ডার
휴대용 연삭기

কেন্দ্র অনুসারে 설비별

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다
2016-교육미디어-887

Bangladesh

সহজগম্য নয় এমন স্থানগুলোতে পেষাইয়ের জন্য একটি বহনীয় গ্রাইন্ডারে বিভিন্ন আকারের পেষাইয়ের চাকা লাগানো যেতে পারে।
이동이 편리한 소형의 연삭기로 여러 모양의 숫돌차를 이용하여 좁은 부위의 평면·내면 등을 연삭할 수 있는 장점이 있다.

**>> বড়মাপের নিরাপত্তা ঝুঁকিগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:** 주요 유해·위험 요인

- কর্মচারীর শরীর বা জামাকাপড় একটি ঘূর্ণায়মান পেষাইয়ের চাকার সংস্পর্শে চলে আসা
  회전 연삭숫돌에 작업자 옷자락 및 신체 접촉
- প্রক্রিয়াকরণের সময় ভেঙ্গে যাওয়ার ফলে পেষাইয়ের চাকার খণ্ড বিক্ষিপ্ত হয়ে লাগা
  가공 중 숫돌 균열 및 외부 충격으로 파편 비산
- বহনীয় গ্রাইন্ডারের ক্ষতিগ্রস্ত অন্তরণ থেকে তড়িতাহত হওয়া
  본체 절연파괴 등 전기 누전에 의한 감전
- ধূলো, আওয়াজ এবং কম্পনসহ স্বাস্থ্যের ঝুঁকি
  연삭 분진 및 소음, 진동 등으로 인한 건강장해



## সুরক্ষা তালিকা 안전점검 체크리스트

| পরিদর্শনের বিষয় 점검항목 | পরিদর্শনের ফলাফল 점검결과 | সতর্কতা 조치사항 |
|---|---|---|
| পেষাইয়ের চাকার উপরে কি কোন সুরক্ষা আচ্ছাদন রয়েছে?<br>연삭기 숫돌 방호덮개는 부착하여 사용하고 있는가? | | |
| কাজ শুরু করার আগে কি নিরাপত্তা যাচাই করতে এক্সটেনশন কর্ড, তার এবং কানেক্টরের চাক্ষুষ পরীক্ষা করা হয়?<br>작업 시작 전 연장선, 배선, 접속기 등의 육안검사 등을 통해 안전을 확보하는가? | | |
| পেষাইয়ের চাকায় কি কোন চিড় বা অতিরিক্ত ক্ষয় দেখা দিয়েছে?<br>숫돌의 갈라짐, 잔금, 흠 등의 균열 및 마모는 없는가? | | |
| বিদ্যুতের প্লাগটি কি ক্ষয়মুক্ত রয়েছে?<br>전원 꽂음접속기가 파손되지 않았는가? | | |
| গ্রাউন্ড লিকেজ ব্রেকারটি কি যুক্ত রয়েছে? একটি ভিত বসানো হয়েছে কি?<br>누전차단기 접속 및 접지된 상태에서 사용하는가? | | |
| তারের সংযোগগুলিকে কি সঠিকভাবে অন্তরিত করা হয়েছে? অন্তরণ কি নিয়মিতভাবে পরীক্ষা করা হয়?<br>전기배선의 절연상태는 양호하고, 정기적인 검사를 실시하는가? | | |
| ব্যবহারের পরে কি প্লাগটিকে বিদ্যুতের নির্গমনপথ থেকে সরানো হয়?<br>사용 후에는 꽂음접속기에서 플러그를 제거하는가? | | |
| কাজের স্থান এবং তার পার্শ্ববর্তী স্থান কি বিস্ফোরক মুক্ত রয়েছে?<br>작업장소의 근처에 가연성 물질이 없는가? | | |
| যে জিনিসটিকে প্রক্রিয়াকরণ করতে হবে সেটি কি যথাস্থানে শক্তভাবে আটকানো রয়েছে?<br>가공물은 견고하게 고정되었는가? | | |
| কর্মচারী কি যথাযথ সুরক্ষামূলক সরঞ্জাম এবং কাজের পোশাক পরছেন?<br>작업자는 방진마스크, 보안경 등 보호구를 착용하고, 작업복 상태는 적정한가? | | |
| একটি প্রদত্ত পেষাইয়ের চাকার জন্য কি গতিসীমা অনুসরণ করা হয়? অত্যধিক বড় পেষাইয়ের চাকার ব্যবহার এড়ানো হচ্ছে কি?<br>숫돌에 명시된 속도를 초과하거나 매우 큰 숫돌을 장착하여 사용하지 않는가? | | |

# চলমান বা বহনীয় ইলেকট্রিক্যাল সরঞ্জাম ও মেশিনারীর নিরাপদ ব্যবহার
이동형 또는 휴대형 전기기계·기구 사용 안전수칙

## নিরাপত্তা বিধি 작업 안전수칙

- বহনীয় বৈদ্যুতিক সরঞ্জামটিকে শুধুমাত্র এর লক্ষিত উদ্দেশ্যেই ব্যবহার করুন। প্রথমে জল/পানিনিরোধ না করে অত্যন্ত আর্দ্র স্থানে বহনীয় বৈদ্যুতিক সরঞ্জাম ব্যবহার করবেন না।
  휴대형 전기기기는 설계된 목적 및 조건에 맞게 사용한다. 특히, 방수기능이 없는 휴대형 전기기기를 습기가 많은 장소에서 사용해서는 안 된다.
- প্লাগটি যুক্ত করার আছে স্যুইচ বন্ধ আছে কিনা দেখে নিন।
  플러그를 꽂기 전에 스위치가 꺼져 있는지 확인한다.
- কর্ডটি টেনে প্লাগ খুলবেন না। বিদ্যুতের কর্ডটি তাপ, তেল, ধারালো প্রান্ত, ও চলমান ইউনিটের থেকে পর্যাপ্ত দূরত্বে রাখুন।
  전선을 잡아당겨 플러그를 뽑지 않도록 하며, 전선은 열, 기름, 날카로운 모서리, 가동부 등과 적정한 간격을 유지하도록 한다.
- যদি স্যুইচটি স্বাভাবিকভাবে কাজ না করে, তাহলে অবিলম্বে কাজ করা বন্ধ করুন এবং সরঞ্জামটি পরীক্ষা করুন।
  스위치가 정상적으로 작동하지 않으면 즉시 작업을 중지하고 점검을 한다.
- উড়ন্ত জঞ্জালের চারপাশে থাকাকালীন সুরক্ষামূলক গগলস পরুন।
  비산물이 있는 경우 보호안경을 착용한다.






## তড়িতাহত হওয়া প্রতিরোধ করা 감전예방을 위한 안전조치

- অত্যন্ত বেশি আর্দ্রতা, উচ্চ তাপপরিবাহী বা অস্থায়ী বৈদ্যুতিক সার্কিট থাকা স্থানে 150V ছাড়িয়ে যায় এমন ভোল্টেজ নিয়ে কোন বহনীয় বৈদ্যুতিক যন্ত্র ব্যবহারের সময় একটি গ্রাউন্ড লীকেজ ব্রেকার বসান।
  대지전압이 150V를 초과하는 휴대형 전기기기를 습윤 장소, 도전성이 높은 장소, 임시배선의 전로가 설치되는 장소에서 사용할 경우 적정한 감전방지용 누전차단기를 접속한다.
- ভিন্ন ভোল্টেজের আরেকটি বিদ্যুতের প্লাগের সাথে একটি বহনীয় বৈদ্যুতিক যন্ত্রের বিদ্যুতের প্লাগ প্রতিস্থাপন করবেন না।
  휴대형 전기기기의 플러그를 상이한 전압용의 플러그로 변경하지 않는다.
- বহনীয় বৈদ্যুতিক যন্ত্রের কোন অংশ পাল্টানোর আগে স্যুইচ বন্ধ করে বিদ্যুতের সরবরাহ বিচ্ছিন্ন করে দিন।
  휴대형 전기기기의 부속품 교체 시 스위치를 끄고 전원을 차단한 후 작업을 수행한다.
- বাইরে বহনীয় বৈদ্যুতিক যন্ত্র ব্যবহার করার সময়, বাইরের ব্যবহারের জন্য ডিজাইন করা একটি বিদ্যুতের কর্ড ব্যবহার করুন।
  휴대형 전기기기를 옥외에서 사용할 때에는 옥외환경에 적합한 확장 리드선을 사용한다.
- বৃষ্টিতে বা আর্দ্র জায়গায় বহনীয় বৈদ্যুতিক সরঞ্জাম ছেড়ে রেখে যাবেন না।
  휴대형 전기기기를 빗속이나 습기가 있는 곳에서 보관하지 않는다.




- বিস্ফোরণের সম্ভাবনা আছে এমন দাহ্য পদার্থ, বিস্ফোরক বা ধূলো থাকা স্থানে আগুনরোধী নয় এমন বহনীয় বৈদ্যুতিক সরঞ্জাম ব্যবহার করবেন না।
  인화성 물질이나 가연성 가스 또는 분진이 있는 폭발위험장소에서는 방폭형이 아닌 일반형의 휴대형 전기기기를 사용해서는 안 된다.

কাজের আগের নিরাপত্তা পরিদর্শন
작업 전 안전점검

# গোলাকার করাত
목재가공용 둥근톱

কেন্দ্র অনুসারে 설비별

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다
2016-교육미디어-886

Bangladesh

গোলাকার করাত হল একটি বৈদ্যুতিক মেশিন যেটিতে রয়েছে একটি গোলাকার করাত যার ডায়ামিটার 300-400 মিমি। এটি একটি মোটরের সঙ্গে সংযুক্ত রয়েছে। সমান্তরাল ভাবে কাঠ কাটতে করাতটি উচ্চ গতিতে ঘুরতে থাকে। ইচ্ছামতো প্রস্থে পর পর একাধিক টুকরোতে কাঠ কাটতে অপারেটর
목재가공용 둥근톱은 전기를 동력으로 하는 기계로써, 지름이 300~400mm의 둥근톱에 전동기를 연결하고, 고속으로 회전시켜서 목재를 직선으로 자르기 위한 장비이다. 테이블의 목재가이드를 조정하여 작업자가 원하는 너비의 목재를 연속적으로 자를 수 있다. 주요 구조부에는 톱날구동축, 테이블, 칼럼이 있다.

**বড়মাপের নিরাপত্তা ঝুঁকিগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:** 주요 유해·위험 요인

- করাতে আঙুল/হাত কেটে যাওয়া বা ছিন্ন হয়ে যাওয়া
  목재 투입 시 톱날 접촉으로 베임 · 절단 사고
- মেশিন থেকে কাটা টুকরো ছিটকে গিয়ে আঘাত লাগা
  절단 시 목재의 반발로 목재에 맞음
- গগলসের মতো প্রতিরক্ষা সরঞ্জামের অভাবে দুর্ঘটনা ঘটা
  보안경 등 보호구 미착용으로 인한 사고
- অতিরিক্ত ধূলা ও শব্দের কারণে ভয়ানক অবস্থা হওয়া
  목 분진, 소음 등에 의한 건강장해 위험



## সুরক্ষা তালিকা 안전점검 체크리스트

| পরিদর্শনের বিষয় 점검항목 | পরিদর্শনের ফলাফল 점검결과 | সতর্কতা 조치사항 |
|---|---|---|
| করাত কি ভালো অবস্থায় আছে এবং সেগুলোর নাট নিরাপদে লাগানো আছে?<br>톱날은 양호하고 조임 너트는 완전히 조였는가? | | |
| ব্লেড গার্ড ও স্টকের মধ্যে 12 মিমির কম ব্যবধান আছে?<br>분할날과 톱날 원주면과의 거리는 12㎜이내가 되고 있는가? | | |
| পিছনের ব্লেডের থেকে গার্ড কভার দুই তৃতীয়াংশ বড়?<br>분할날의 톱 뒷날의 2/3이상을 덮고 있는가? | | |
| খোলা যাবে বা যাবে না এমন ব্লেড গিয়ার সঠিকভাবে লাগানো আছে?<br>가동식 또는 고정식 톱날접촉예방장치가 설치되어 있는가? | | |
| বেল্ট বা মোটর ইউনিটের কপিকলের চারিদিকে নিরাপত্তা কভার বা কাঁটাতারের বেড়া সঠিকভাবে লাগানো আছে?<br>동력전달부의 벨트, 풀리 등에 울, 덮개 등의 방호 조치가 되어 있는가? | | |
| ধাক্কা প্রতিরোধক যন্ত্র ভালোভাবে লাগানো আছে?<br>가공재 반발 방지를 위한 반발예방장치가 설치되었는가? | | |
| করাত থেকে নিজেদের হাত সুরক্ষিত রাখতে কর্মীরা কি গ্লাভস পড়ে?<br>톱니에 말려들 위험이 없는 장갑을 착용하였는가? | | |
| কাঠের ছোট ছোট টুকরো কাটার সময় কি পুশ-স্টিক ব্যবহার করা হয়?<br>소형의 목재 가공 시에는 푸시스틱 등 작업 보조기구를 사용하는가? | | |
| শক্তি বিচ্ছিন্নের 10 সেকেন্ডের মধ্যে করাতের ঘোরা থামিয়ে দেয় এমন ব্রেক সিস্টেম কি সঠিকভাবে লাগানো আছে?<br>동력차단 후 10초 이내에 톱날의 회전을 정지시킬 수 있는 성능의 브레이크가 설치되어 있는가? | | |
| তড়িতাহত প্রতিরোধের ব্যবস্থা (যেমন ইলেক্ট্রিক্যাল ওয়্যারিং, স্থাপন করা বাইরের বেষ্টনি, সার্কিট ব্রেকার ইত্যাদি) কি সঠিকভাবে লাগানো আছে?<br>전기배선, 외함접지, 누전차단기 등 전기감전예방조치가 되어 있는가? | | |
| নিরাপদে করাত ব্লেড প্রতিস্থাপনের জন্য অক্ষ লক সঠিকভবে স্থাপন করা আছে?<br>톱날 교체 시 톱날 축의 회전에 의한 위험방지를 위한 축 고정 장치가 설치되어 있는가? | | |
| শ্রমিকরা কি গগলস, ডাস্ট মাস্ক এবং ইয়ারপ্ল্যাগ পড়ে?<br>보안경, 방진마스크 및 청력보호구 등을 착용하는가? | | |

# গোলাকার করাতের নিরাপদ ব্যবহার

목재가공용 둥근톱 안전작업

## নিরাপত্তা বিধি 작업 안전수칙



পুশ-স্টিক ব্যবহার করা
푸시스틱 사용 예

- মেঝেতে গোলাকার করাত যন্ত্র যে সঠিকভাবে সেট করা আছে এবং ব্লেড নিরাপদ আছে তা নিশ্চিত করান।
  둥근톱기계의 고정상태가 견고한지 확인한다.(바닥 면과의 지지 및 톱날고정 상태 등)
- ঘোরার সর্বোচ্চ গতিবেগ ছাড়িয়ে যাবেন না।
  둥근톱의 최대 원주 속도를 준수한다.
- এমন গ্লাভস পড়বেন না যা সহজে করাতের ব্লেডে আটকে যায়।
  톱니에 말려들 위험이 있는 장갑은 착용하지 않는다.
- বাঁকা কাঠ কাটার চেষ্টা করবেন না কেননা এগুলো ছিটকে যেতে পারে এবং এর ফলে অপারেটরের হাত করাতের ব্লেডের সংস্পর্শে চলে আসার সম্ভাবনা বেশী থাকে।
  반발 또는 가공 중 톱날 노출 우려가 있는 구부러진 목재는 켜지 않는다.
- করাতের ব্লেডের থেকে নিরাপদ দূরত্ব বজায় রাখুন। পুশ-স্টিকের নিরাপদ অংশটি ধরে থাকুন।
  톱날에서 충분히 이격된 위치를 잡는다. (단, 나무껍질 등 분리될 수 있는 부분을 잡지 않는다)
- করাতের ব্লেড ঠিক মতো না ঘুরলে কাঠ সরিয়ে নিন।
  톱날이 정상적으로 회전하지 않을 때는 일단 가공물을 후퇴시킨다.
- করাতের ব্লেডের উচ্চতা সামঞ্জস্য করুন যাতে কাঠ কাটার থেকে এটির শীর্ষস্থানের উচ্চতা 5 মিমির বেশী না হয়।
  톱날 높이는 가공물 상부 면보다 보다 5mm 이상 올라오지 않게 조정한다.
- কাঠের যে কোনো গিট আস্তে আস্তে কাটুন। 옹이부분은 서서히 켠다.
- কাঠ কাটার সময় সেটিকে মোচড়ে এবং হেঁচকা টান দেবেন না। 목재를 켜고 있는 동안에는 재료를 비틀지 않는다.
- টেবিল থেকে কাঠ তোলা প্রতিরোধ করতে কাঠ কাটার আগে লম্বা ও চওড়া আকারের কাঠের টুকরো নিরাপদে রাখুন। প্রয়োজন হলে আরেকটি টেবিল লাগান।
  긴 목재나 폭이 큰 목재를 켤 경우에는 들뜸을 방지하기 위해 먼저 고정시키거나 또는 보조 테이블을 설치한다.
- সর্বদা গগলস, সেফটি বুট ও ডাস্ট মাস্ক পড়বেন।
  보안경, 안전화, 방진마스크 등 보호구를 착용한다.
- কাঠের ছোট ছোট টুকরো কাটার সময় সর্বদা পুশ-স্টিক ব্যবহার করুন।
  소형의 목재 가공 시에는 푸시스틱 등 작업보조기구를 사용한다.
- করাত থেকে পাওয়ার বিচ্ছিন্ন করার পর সেটির ঘোরা থামাতে পাশে টিপবেন না।
  전원 차단 시 회전하는 톱날을 정지시키기 위해 톱날을 옆에서 눌러 정지시키지 않도록 한다.




OPEN
산업재해예방 안전보건공단

কাজের আগের নিরাপত্তা পরিদর্শন
작업 전 안전점검

# ইন্ডাস্ট্রিয়াল রোবট
산업용 로봇

কেন্দ্র অনুসারে 설비별

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다
2016-교육미디어-885

Bangladesh

একটি ইন্ডাস্ট্রিয়াল রোবট তিন বা ততোধিক কুঠার, একটি অ্যাকচুয়েটর, একটি শিক্ষণ পেন্ড্যান্টের সাথে কন্ট্রোলার ও যোগাযোগের ইন্টারফেস দিয়ে তৈরী ম্যানিপুলেটর দিয়ে সজ্জিত স্থির বা গতিশীল যন্ত্র। ইন্ডাস্ট্রিয়াল রোবট হয় স্বয়ংক্রিয়ভাবে নিয়ন্ত্রিত হয় বা একটি প্রোগ্রাম ব্যবহারের মাধ্যমে নিয়ন্ত্রিত হয়। মূল কাঠামোর উপাদান একটি ম্যানিপুলেটর, পাওয়ার ইউনিট এবং ঘূর্ণনশীল ড্রাইভিং ইউনিট নিয়ে গঠিত।
산업용 로봇이란 3축 이상의 매니퓰레이터(엑츄에이터, 교시 펜던터를 포함한 제어기 및 통신 인터페이스를 포함)를 구비하고 프로그램 및 자동제어가 가능한 고정식 또는 이동식 장치를 말하며, 주요 구조부에는 매니퓰레이터, 전기, 유압 및 공압 동력 공급설비(power unit), 본체 회전용 구동부가 있다.

**বড়মাপের নিরাপত্তা ঝুঁকিগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:** 주요 유해·위험 요인

- রোবটের কাজের সীমানার মধ্যে একজন কর্মী ঢুকে পড়ে
  로봇 작동 범위 내 작업자 임의 출입 시 로봇과 부딪힘
- উৎপাদ প্রক্রিয়া চলাকালীন রোবট খারাপ হয়ে যাওয়া
  작업 완료 후 제품 취출 과정에서 로봇 오작동으로 부딪힘
- ইলেকট্রিক্যাল লিকেজের মাধ্যমে
  전기누전에 의한 감전사고 위험



## সুরক্ষা তালিকা 안전점검 체크리스트

| পরিদর্শনের বিষয় 점검항목 | পরিদর্শনের ফলাফল 점검결과 | সতর্কতা 조치사항 |
|---|---|---|
| রোবটের কাজের সীমা থেকে মানুষজনকে বাইরে রাখার জন্য কি অন্তত: 1.8m উঁচু একটি বেড়া রয়েছে? (আলাদা আলাদা রোবটের কাজের সীমা অনুসারে উচ্চতা সামঞ্জস্য করা যেতে পারে।)<br>로봇의 위험점에 작업자의 신체 일부가 접근 불가능하도록 높이 1.8m이상의 방책을 설치하였는가? (로봇의 가동범위 등을 고려하여 높이 조절) | | |
| যদি কেউ উৎপাটনের ইউনিট বা ঝালাইয়ের সাঁড়াশির দিকে এগোয় তাহলে কি রোবটের কাজ বন্ধ করার জন্য যথাস্থানে একটি ফটোইলেকট্রিক সেন্সর রয়েছে? একটি সুরক্ষা ম্যাট কি নিরাপদে যথাস্থানে<br>가공품 취출부, 용접 지그부 등 작업자의 접근 시 로봇의 운전을 정지시키기 위한 광전자식 방호장치, 안전매트 등이 설치되어 있으며, 정상적으로 작동하는가? | | |
| গেট খোলার সময় কি রোবটের কাজ বন্ধ করার জন্য যথাস্থানে একটি সুরক্ষা প্লাগ রয়েছে? যদি তাই হয়, তাহলে কি এটিকে সঠিকভাবে কাজ করা অবস্থায় রাখা হয়েছে?<br>출입문 개방 시 로봇이 정지하도록 안전플러그 등 연동장치가 설치되어 있으며 정상적으로 작동하는가? | | |
| রোবট চালু করার সুইচটি কি যে কোন মেরামত, পরিদর্শন, বা সংশোধন করার আগে চাবি দিয়ে তালাবন্ধ করা হয়েছে, এবং চাবিটি কি মেশিন থেকে সরিয়ে আলাদা করে সংরক্ষিত হয়? উপরে উল্লিখিত পরিসেবাগুলো চলাকালীন কি সেখানে "কাজ করবেন না" চিহ্ন বসানো রয়েছে?<br>로봇의 수리, 검사, 조정 작업 시 당해 설비의 기동스위치를 열쇠로 잠근 후, 그 열쇠를 별도 관리하며 조작금지 표지판을 설치하는가? | | |
| তারের আচ্ছাদনগুলোতে কি ক্ষয়ের কোন চিহ্ন দেখাচ্ছে?<br>케이블(전선)의 피복에 손상된 부분은 없는가? | | |
| ইলেকট্রিক্যাল যন্ত্রগুলো কি মাটির উপর রাখা হয়েছে?<br>전기장치에는 접지가 되어 있는가? | | |
| জরুরী ভিত্তিতে থামানোর বোতামটি কি চালকের হাতের নাগালের মধ্যে অবস্থিত? বোতামটি কি সঠিক কার্যকর অবস্থায় রাখা হয়েছে?<br>비상정지장치는 작업자가 조작하기 쉬운 위치에 있으며, 정상작동 하는가? | | |
| রোবটের কাজ করার জায়গার মেঝেতে কি কোন বাধাদায়ক বস্তু বা কোনকিছু চলকে পড়েছে যা পিছলানো বা পড়ে যাওয়ার দিকে ধাবিত করতে পারে?<br>로봇 작업장 바닥에는 누유 등으로 인한 넘어짐 사고의 위험은 없는가? | | |
| কাজের ক্ষেত্র এবং এর চারপাশ কি সুসংহত বা পরিপাটি রাখা হয়েছে?<br>작업장 주변 정리정돈은 되어 있는가? | | |

산업재해예방 안전보건공단

# ইন্ডাস্ট্রিয়াল রোবটের নিরাপদ ব্যবহার
산업용 로봇 사용 시 안전조치

## নিরাপত্তার নিয়মকানুন 작업안전수칙

- একটি রোবট চালু করার আগে, নিশ্চিত করে নিন চালনার স্থানটিতে কোন কর্মী নেই।
  가동 전에 위험구역 내에 사람이 있는지 확인한다.
- রোবট চালনার কাজের (যেমন, ঝালাই, রঙ করা) সাথে জড়িত ঝুঁকিগুলো সম্পর্কে সচেতন থাকুন।
  로봇의 작업(용접, 도장 등)에 의한 위험을 미리 고려한다.
- সুরক্ষার সব বৈশিষ্ট্যগুলোকে সঠিকভাবে কর্মরত অবস্থায় রাখুন।
  모든 방호장치는 정상적으로 작동하도록 유지한다.
- বিপদ সংকুল জায়গায় প্রবেশের সময় (যেমন, রোবটের পরিচালনার সীমায়, সুরক্ষা বেড়ার মধ্যে) সুরক্ষা সংক্রান্ত আদর্শ সতর্কতাগুলো অবলম্বন করুন।
  위험구역(로봇 가동에 의하여 상해를 입을 수 있는 공간, 방호울, 방책 등의 내부)에 진입할 때에는 정상적인 접근 절차를 준수한다.
- রোবোটিক্স প্রশিক্ষণ এবং মেরামতের জন্য সুরক্ষা পদ্ধতি তৈরী ও বাস্তবায়ন করুন।
  교시, 보수 등의 절차에 대한 규정을 미리 정하여 놓고 이 규정에 따라 작업한다.
- জোড়া হয়ে কাজ করার সময় কোন সঙ্কেতপ্রেরণের পদ্ধতি ব্যবহার করা হবে তা ঠিক করুন।
  2인 이상 작업 시 의사전달 방법을 미리 정한다.
- অবশিষ্ট বিদ্যুৎশক্তি সম্পূর্ণভাবে বেরিয়ে যাওয়ার পরেই মেরামতের কাজ করুন এবং রোবটটিকে যতটা সম্ভব নিরাপদ অবস্থাতেই মেরামত করুন।
  위험구역 내에서 작업하는 자는 비상정지를 할 수 있는 장치를 각각 휴대하고 작업자 이외에는 당해 로봇을 조작하지 않도록 미리 조치한다.
- অবশিষ্ট বিদ্যুৎশক্তি সম্পূর্ণভাবে বেরিয়ে যাওয়ার পরেই মেরামতের কাজ করুন এবং রোবটটিকে যতটা সম্ভব নিরাপদ অবস্থাতেই মেরামত করুন।
  보수작업은 잔류동력을 완전히 소멸시키고 로봇을 물리적으로 가장 안전한 상태로 유지시킨 후 실시한다.
- রোবট বা সংশ্লিষ্ট সুবিধা থেকে কর্মীদের যাতে আঘাত লাগার কোন ঝুঁকি না থাকে তা নিশ্চিত করতে রোবোটিক্স প্রশিক্ষণ বা রক্ষণাবেক্ষণের আগে সবধরনের যথাযথ সুরক্ষা ব্যবস্থা গ্রহণ করুন।
  교시, 보수작업 시 주변의 다른 로봇이나 설비에 의한 위험이 없도록 적절한 방호수단을 강구한다.
- বিপদসীমার বাইরে গিয়ে যন্ত্রপাতি প্রতিস্থাপন করুন।
  공구 등의 교환은 위험구역 밖에서 실시한다.
- কাজের পরিবর্তন হলে এবং/বা নতুন কর্মচারী নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মী পরিবর্তন হলে বাধ্যতামূলক
  작업내용 변경, 해당 작업 종사자, 신규채용자 등에 대한 교육을 철저히 한다.

OPEN 공공누리

কাজের আগের নিরাপত্তা পরিদর্শন
작업 전 안전점검

# AC আর্ক ওয়েল্ডার
교류아크용접기

কেন্দ্র অনুসারে 설비별

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다
2016-교육미디어-884

Bangladesh

একটি AC আর্ক ওয়েল্ডার ইলেকট্রোড ও নিকৃষ্ট ধাতুর মাঝে বিদ্যুৎচ্ছটা তৈরি করে যা আংশিকভাবে ইলেকট্রোড ও নিকৃষ্ট ধাতুকে গলিয়ে গলন সৃষ্টি করে।
교류아크용접기는 금속전극(피복 용접봉)과 모재와의 사이에서 아크를 내어 모재의 일부를 녹임과 동시에 전극봉 자체도 선단부터 녹아 떨어져 모재와 융합하여 용접하는 장치이다.

**>> বড়মাপের নিরাপত্তা ঝুঁকিগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:** 주요 유해·위험 요인

- ইলেকট্রোড ধারকের সামনে বেরিয়ে থাকা বিদ্যুৎবাহী অংশের সংস্পর্শে এলে তড়িতাহত হওয়া
  용접봉 홀더의 노출된 충전부 접촉에 의한 감전
- স্ফুলিঙ্গের ফলে আগুন লাগা বা পুড়ে যাওয়া
  불꽃, 용접불티 등 화상 및 화재
- ক্ষতিগ্রস্ত কেবল বা তার থেকে তড়িতাহত হওয়া
  케이블, 배선 등 손상에 의한 감전
- ওয়েল্ডারের বাইরের বেষ্টনী থেকে ফুটো হয়ে বিদ্যুৎ বেরিয়ে আসার দরুন তড়িতাহত হওয়া
  용접기 외함 전기누전에 의한 감전
- ওয়েল্ডিংয়ের বিদ্যুৎচ্ছটা এবং ধোঁয়ার মত স্বাস্থ্যের বিপদ
  용접 아크, 흄 등에 의한 건강장해 위험




## সুরক্ষা তালিকা 안전점검 체크리스트

| পরিদর্শনের বিষয় 점검항목 | পরিদর্শনের ফলাফল 점검결과 | সতর্কতা 조치사항 |
|---|---|---|
| একটি স্বয়ংক্রিয় ভোল্টেজ-কমানোর যন্ত্র কি লাগানো হয়েছে এবং ভালোমত কার্যকর অবস্থায় রয়েছে?<br>자동전격방지기는 설치되어 있으며, 정상적으로 작동하는가? | | |
| ইলেকট্রোডের ধারকটি কি সঠিকভাবে অন্তরিত করা হয়েছে?<br>용접봉 홀더의 절연상태는 양호한가? | | |
| ঝালাইয়ের স্থানগুলোতে কি অগ্নিনির্বাপক, জলের ট্যাঙ্ক, এবং শুকনো বালির মত আগুন নেভানোর সরঞ্জামগুলো রয়েছে?<br>용접장소에 소화 준비물(소화기, 물통, 건조사 등)이 비치되어 있는가? | | |
| তারগুলো কি ওয়েল্ডারের সাথে শক্তভাবে আটকানো আছে? তারগুলো কি অন্তরিত করা আছে?<br>케이블(전선)의 용접기와 접속부의 부착, 절연상태는 양호한가? | | |
| তারগুলোর আচ্ছাদনটি নষ্ট হয়ে যায়নি তো?<br>케이블(전선)의 피복에 손상된 부분은 없는가? | | |
| ওয়েল্ডারের শরীরটি মাটির উপরে রয়েছে?<br>용접기 본체 등에 접지가 되어 있는가? | | |
| অন্তরণ প্রতিরোধ কি নিয়মিত ভিত্তিতে পরিমাপ করা হয়?<br>정기적으로 절연저항을 측정하는가? | | |
| কাজের স্থানটি কি তেল, রঙ এবং কাপড়ের মত দাহ্য বস্তু থেকে মুক্ত?<br>작업장 부근에 기름, 도료, 헝겊 등의 타기 쉬운 물건을 두지 않았는가? | | |
| কাজের স্থানে কি পর্যাপ্ত বায়ু চলাচল হয়?<br>통풍이나 환기는 충분히 이루어 지고 있는가? | | |
| প্রতিরক্ষা সরঞ্জাম (যেমন ঝালাইয়ের মুখোশ, প্রতিরক্ষা পোশাক, সেফটি বুট) ব্যবহার করা হচ্ছে কি?<br>용접보안면, 방진마스크, 장갑, 안전화 등 보호구를 착용하고 있는가? | | |
| ঝালাই কর্মীদেরকে কি সুরক্ষার প্রশিক্ষণ দেওয়া হয়েছে (যেমন আগুন প্রতিরোধের প্রশিক্ষণ)?<br>작업근로자에 대한 화재예방 등 비상조치 교육을 실시하였는가? | | |

산업재해예방 안전보건공단

# AC আর্ক ওয়েল্ডারদের নিরাপদ নিয়মকানুন

교류아크용접기 안전 수칙

## নিরাপত্তার নিয়মকানুন 안전수칙

- কাজ শুরু করার আগে, বিদ্যুৎবাহী ইলেকট্রিক্যাল ইউনিট, তারের আচ্ছাদন, ইলেকট্রোড ধারক, এবং নিচে বর্ণিত অনুসারে প্রধান ওয়েল্ডারের শরীর পরীক্ষা করে নিন।
  작업 시작 전 전기충전부, 케이블 피복, 용접봉 홀더, 용접기 본체 접지 등 다음 사항에 대하여 점검을 철저히 한다.




- ঝালাইয়ের স্থানটি দাহ্য ও বিস্ফোরক পদার্থ থেকে মুক্ত রাখুন। হাতের কাছে যে অগ্নি-নির্বাপক রয়েছে তা নিশ্চিত করুন।
  용접작업장 주위에 가연성 물질 및 인화성 물질을 방치해서는 안 되고, 소화기를 비치한다.
- কাজ করার সময় সেফটি বুট, ঝালাইয়ের মুখোশ, এবং ঝালাইয়ের গ্লাভসের মত প্রতিরক্ষা সরঞ্জাম ব্যবহার করুন।
  개인보호구(안전화, 용접마스크, 용접장갑 등)를 착용하고 작업한다.
- তড়িতাহত হওয়ার ঝুঁকি কমাতে একটি অন্তরিত ইলেকট্রোড ধারক ব্যবহার করুন।
  감전재해를 방지하기 위하여 홀더는 용접봉을 물어주는 부분을 제외하고는 절연 처리된 절연형 홀더(안전홀더)를 사용한다.
- ঝালাইয়ের ক্ষতিগ্রস্ত তারের আচ্ছাদন এবং ক্ষতিগ্রস্ত কেবল সংযোগকারীগুলো মেরামত করুন।
  용접케이블 피복, 케이블 커넥터 등 절연 손상 부위는 보수 후 사용한다.
- ক্ষতিগ্রস্ত হওয়া ইলেকট্রোড ধারকের অন্তরণের ঢাকনাগুলো বদলান।
  용접봉 홀더의 절연커버가 파손된 것은 교체한다.
- ওয়েল্ডারের বাইরের বেষ্টনীটি মাটিতে ঠেকিয়ে রাখুন।
  용접기 외함을 접지한다.
- ওয়েল্ডারের প্রাথমিক এবং গৌণ তারগুলো যেন ওয়েল্ডার টার্মিনালের সাথে শক্তভাবে আটকানো থাকে তা নিশ্চিত করুন।
  용접기의 1차 측 배선과 2차 측 배선 및 용접기 단자와의 접속이 확실한가를 점검한다.
- স্টিলের পাত বা স্টিলের ফ্রেমের মত উচ্চ পরিবাহী স্থানে বা স্যাঁতসেঁতে ও ভেজা জায়গায় ব্যবহৃত ওয়েল্ডারে একটি তড়িতাহত-প্রতিরোধকারী সার্কিট ব্রেকার লাগান।
  물 등 도전성이 높은 액체에 의한 습윤 장소 또는 철판·철골 위 등 도전성이 높은 장소에 사용 하는 용접기는 감전방지용 누전차단기를 접속한다.
- ভেজা/স্যাঁতসেঁতে জায়গা, স্টিলের কাঠামো বা বদ্ধ স্থানে ঝালাই করার সময় একটি স্বয়ংক্রিয় ভোল্টেজ কমানোর যন্ত্র লাগান ও ব্যবহার করুন। ঠিকভাবে কাজ করা নিশ্চিত করতে নিয়মিত স্বয়ংক্রিয় ভোল্টেজ কমানোর যন্ত্রটি পরীক্ষা করুন।
  습윤한 장소, 철골조, 밀폐된 좁은 장소 등에서의 용접 작업 시 자동전격방지기를 부착하고 주기적인 점검 등으로 자동전격방지기가 항상 정상적인 기능이 유지되도록 한다.
- কাজের জায়গা ছেড়ে বেরোনোর আগে ওয়েল্ডার চালু করার সুইচ বন্ধ করে দিয়ে যান।
  용접작업을 중지하고 작업장소를 떠날 경우 용접기의 전원개폐기를 차단한다.
- ইলেকট্রনিক কর্মীদের দ্বারাই ইলেকট্রিক্যাল সুবিধা ইন্সটল করা উচিত।
  기타 전기시설물의 설치는 전기담당자가 취급토록 조치한다.

কাজের আগের নিরাপত্তা পরিদর্শন
작업 전 안전점검

# $CO_2$ ওয়েল্ডার

$CO_2$용접기

কেন্দ্র অনুসারে 설비별

조심조심 코리아
작업전 안전점검 당신의 생명을 지킵니다
2016-교육미디어-883

Bangladesh

একটি $CO_2$ ওয়েল্ডার এমন একটি ঝালাই মেশিন যা স্টেনলেস স্টীল এবং অ্যালুমিনিয়াম সঙ্করগুলো ঝালাই করতে ব্যবহৃত হয়। এটি দু'টি ধাতুকে ঝালাই করতে তাদের মাঝের ইলেকট্রিক বিদ্যুৎচ্ছটার সুবিধা গ্রহণ করে। $CO_2$ গ্যাস, একটি নিষ্ক্রিয় গ্যাস, যা ঝালাইয়ের প্রক্রিয়া চলাকালীন পরিবেশে অক্সিজেন ও নাইট্রোজেন থেকে তৈরী গলানো ধাতুকে সুরক্ষা দেয়।
$CO_2$ 용접기는 주로 스테인리스나 알루미늄 합금강 등의 용접에 사용되는 용접기로, 금속과 금속 사이에 아크방전을 이용하여 용접을 하면서 불활성 가스인 $CO_2$가스로 용융금속이 대기 중의 산소나 질소의 영향을 받지 않도록 보호하여 모재와 와이어를 용융 · 접합하는 용접기이다.

**বড়মাপের নিরাপত্তা ঝুঁকিগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:**
주요 유해·위험 요인

- কোন সীল করা স্থানে কাজ করার সময় অক্সিজেনের ঘাটতি
  밀폐공간작업 시 산소결핍
- ইলেকট্রিক বিদ্যুৎচ্ছটা এবং ধোঁয়া
  아크, 흄 등에 의한 건강장해
- গরম বিক্ষিপ্ত বস্তু এবং ধাতু গলা, যা থেকে আগুন বা বিস্ফোরণ ঘটতে পারে
  고온 스패터(Spatter), 슬래그(Slag) 등 불꽃 비산에 의한 화재 및 폭발
- খোলা সক্রিয় তার থেকে তড়িতাহত হওয়া
  전선 피복 손상 등에 의한 감전사고



## সুরক্ষা তালিকা 안전점검 체크리스트

| পরিদর্শনের বিষয় 점검항목 | পরিদর্শনের ফলাফল 점검결과 | সতর্কতা 조치사항 |
|---|---|---|
| ইলেকট্রোড হোল্ডারগুলোকে কি সঠিকভাবে অন্তরিত করা হয়েছে?<br>용접봉 홀더의 절연상태는 양호한가? | | |
| তার এবং ওয়েল্ডারের মাঝের সন্ধিগুলোকে কি ভালোভাবে যুক্ত ও অন্তরিত করা হয়েছে?<br>케이블(전선)의 용접기와 접속부의 부착, 절연상태는 양호한가? | | |
| সেখানে কি ক্ষতিগ্রস্ত আচ্ছাদনের সাথে তারের কোন অংশ রয়েছে?<br>케이블(전선)의 피복이 벗겨진 부분은 없는가? | | |
| যেখানে ঝালাইয়ের কাজ চলছে সেখানে কি অগ্নিনির্বাপক, জলের ট্যাঙ্ক, এবং শুকনো বালির মত আগুন নেভানোর সরঞ্জাম রয়েছে?<br>용접장소에 소화 준비물(소화기, 물통, 건조사 등)이 비치되어 있는가? | | |
| ওয়েল্ডারটি কি মাটিতে রাখা আছে?<br>용접기 본체에 접지가 되어 있는가? | | |
| কাজের স্থানটি কি রঙ, তেল এবং কাপড়ের মত দাহ্য জিনিস মুক্ত রয়েছে?<br>작업장 부근에 기름, 도료, 헝겊 등의 타기 쉬운 물건을 두지 않았는가? | | |
| কাজের স্থানে কি পর্যাপ্ত বায়ু চলাচল রয়েছে?<br>통풍이나 환기는 충분히 이루어지고 있는가? | | |
| প্রতিরক্ষা সরঞ্জাম (যেমন ঝালাইয়ের মুখোশ, প্রতিরক্ষা পোশাক, সেফটি বুট) ব্যবহার করা হচ্ছে কি?<br>용접보안면, 보호복, 안전화 등 보호구를 착용하고 있는가? | | |

# গ্যাস ঝালাই এবং কাটিংয়ে সুরক্ষা

## 가스용접 및 절단작업 안전

## গুরুত্বপূর্ণ নিরাপত্তার ব্যবস্থা 주요 안전대책

### সাধারণ নিরাপত্তা ব্যবস্থা 일반사항

1. আপনার কাজের পরিবেশের বিপদ মূল্যায়ন করান। কাজের অনুমোদন অনুসারে ঝালাই এবং কাটিংয়ের কাজ করুন।
작업장 내 위험성 평가를 실시하고, 용접 및 절단 작업 시 작업허가서에 따라 실시한다.
2. অক্সি-ফুয়েল সরঞ্জাম পরিচালনাকারী কর্মীদেরকে সুরক্ষার প্রশিক্ষণ দিন।
산소 연료가스 장비를 사용하기 위해 다음 내용에 대하여 교육훈련을 받는다.
   - সরঞ্জামের নিরাপদ ব্যবহার, আগুন/বিস্ফোরণ প্রতিরোধ, অগ্নিনির্বাপকের ব্যবহার, স্থান খালি করা, আগুন লাগার সতর্কতা ঘণ্টা, প্রাথমিক চিকিৎসা নিয়ে প্রশিক্ষণ দিন।
   안전한 장비 사용방법, 화재폭발 예방대책, 소화기 사용, 대피방법, 화재경보 발동 및 응급조치
3. মশাল, চাপ সংশোধক, প্রেসার গজ, হোস, ভালভ এবং অক্সিজেন-জ্বালানীর সরঞ্জামটির মুখ পরীক্ষা করে নিন।
취관, 압력조절기, 압력계, 호스, 밸브, 노즐 등 산소/연료가스의 장비를 점검한다.

### আগুন 화재



1. কাজের স্থান থেকে দাহ্য পদার্থ সরান। (যেমন দাহ্য তরল, কাঠ, কাগজ, ফাইবার, প্যাকেজিংয়ের উপকরণ, প্লাস্টিক)
작업지역으로부터 가연성 물질들을 제거한다. (가연성 액체, 나무, 종이, 섬유, 포장재 혹은 플라스틱)
2. গভীর গর্ত এবং খাতের মত যে স্থানগুলোতে গ্যাস জমে যেতে পারে সেগুলোতে বায়ু চলাচলের বন্দোবস্ত রাখুন।
연료가스가 축적할 수 있는 장소, 즉 피트 혹은 트렌치 같은 공간은 환기를 시킨다.
3. নিরাপদ স্থানে সরানো যাবে না এমন দাহ্য পদার্থগুলোকে ধাতব বোর্ড, মিনারেল/ফাইবার বোর্ড, বা আগুননিরোধক কম্বল দিয়ে রাখুন।
이동시킬 수 없는 가연성 물질들은 금속 판, 광물질 섬유판 혹은 방염담요 등의 적합한 가드나 덮개를 사용하여 보호한다.
4. কোন কাজ শেষ করার পরে সেখানে আগুন লাগার কোন বিপদ যেন না থাকে তা নিশ্চিত করতে সেখানে অন্ততঃ 30 মিনিট কাটান।
작업종료 후 적어도 30분 동안은 화재 감시를 한다.
5. হাতের কাছেই অগ্নিনির্বাপক রাখুন।
소화기를 근처에 비치한다.

### বিস্ফোরণ 폭발

1. দাহ্য পদার্থ রয়েছে বা থাকতে পারে এমন ড্রাম বা ট্যাঙ্কে মশাল ব্যবহার করবেন না।
가연성 물질이 담겨져 있거나 또 그럴 가능성이 있는 드럼이나 탱크에 산소/연료가스 장비의 취관을 사용해서는 안 된다.
2. কোন দাহ্য পদার্থের অবশিষ্টাংশ থাকতে পারে এমন ড্রাম বা ট্যাঙ্কগুলোকে ভালোভাবে পরিষ্কার বা প্রশমিত করান।
드럼이나 탱크에 가연성물질이 남아 있으면 철저히 세척하거나 불활성화 한다.

### ছিদ্রপথে গ্যাস বেরোনো 가스누출



1. এমন কোনো জায়গায় হোসগুলোকে ছেড়ে দেবেন না যেখানে সেগুলো ধারালো প্রান্ত, অসমান তল বা গাড়ির সংস্পর্শে আসতে পারে।
날카로운 모서리와 마모 표면, 차량에 부딪칠 수 있는 장소에는 호스를 놓지 않는다.
2. সাবধানে গ্যাস ট্যাঙ্কগুলোকে সামলান এবং সেগুলোকে পড়া থেকে বাঁচিয়ে রাখুন। সংরক্ষণের ইউনিট বা সংরক্ষণের ঠেলাগাড়িতে চেন দিয়ে আটকে গ্যাসের ট্যাঙ্কগুলোকে সুরক্ষিত রাখা যেতে পারে।
가스통은 주의 깊게 다루고 넘어지지 않도록 고정시켜 놓는다. 예를 들어 이동용 손수레에 보관하거나 또는 보관대에 놓고 체인으로 묶어 놓는다.
3. কাজ শেষ হয়ে গেলে, সর্বদাই গ্যাসের জোগান বিচ্ছিন্ন করতে গ্যাস ট্যাঙ্কের ভালভগুলোকে বন্ধ করুন।
작업이 종료되면 항상 가스통의 밸브를 잠가서 가스공급을 차단한다.
4. ত্রুটি ও ছিদ্র রোধ করতে সরঞ্জামের সন্ধিস্থল এবং অংশগুলোকে নিয়মিত পরীক্ষা করুন।
결함과 누출을 예방하기 위해 모든 연결 부위와 부품들을 정기적으로 점검한다.

### ছিদ্রপথে অক্সিজেন বেরোনো 산소누출

1. অক্সিজেন ভালভ এবং গ্যাস ট্যাঙ্কের আনুষঙ্গিক সরঞ্জামগুলো যেন অবশ্যই তেল বা গ্রীজের সংস্পর্শে না আসে।
산소밸브 혹은 가스통 부속장치가 오일 혹은 그리스와 접촉되게 해서는 안된다.
2. শুধুমাত্র অক্সিজেন পরিচালনা করতে পরিকল্পিত সরঞ্জামেই অক্সিজেন ব্যবহার করা উচিত।
산소는 산소에게 맞게 설계된 장비에만 사용한다.

OPEN 공공누리 공공저작물 자유이용허락

কাজের আগের নিরাপত্তা পরিদর্শন
작업 전 안전점검

# এয়ার কম্প্রেসার

공기압축기

কেন্দ্র অনুসারে 설비별

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다
2016-교육미디어-882

Bangladesh

এয়ার কম্প্রেসার হল একটি যন্ত্র যা একটি বহিরাগত শক্তির উৎস ব্যবহার করে বায়ু সংকোচন করে। কিছু কমন এয়ার কম্প্রেসার হল পিস্টন, স্ক্রু এবং ভেন কম্প্রেসার। এয়ার কম্প্রেসার কম্প্রেস করা বায়ু প্রয়োজন এমন সরঞ্জাম ও যন্ত্রপাতিতে বায়ু বিতরণ করার জন্য বায়ু সংকোচন ও সঞ্চয় করে। প্রক্রিয়াকরণের জন্য ব্যবহার করা এয়ার কম্প্রেসার কম্প্রেসার বডি এবং চাপ দিয়ে বায়ু ভর্তি করা থাকে এমন একটি ট্যাঙ্ক দ্বারা গঠিত।

외부로부터 동력을 받아 공기를 압축하는 기계를 말하며, 왕복동식(피스톤식) 압축기, 스크류식 압축기, 베인식 압축기 등이 있다. 공기압축기는 공기를 압축 생산하여 높은 공압으로 저장하였다가 이것을 필요에 따라서 각 공압 공구에 공급해 주는 기계이다. 통상의 가공 현장에서 사용되고 있는 공기압축기는 압축기 본체와 압축 공기를 저장해 두는 탱크로 구성되어 있다.

### বড়মাপের নিরাপত্তা ঝুঁকিগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

주요 유해·위험 요인

- এয়ার কম্প্রেসার পরিদর্শন করার সময় ভি-বেল্টে শরীরের অংশ আটকে যায়
  공기압축기 점검 시 V-BELT 등 신체 접촉으로 인한 말림
- বর্ধিত অভ্যন্তরীণ চাপের ফলে এয়ার ট্যাঙ্ক ফেটে যায়
  공기저장탱크 내부 압력상승에 의한 파열사고
- লাইভ তার বা পাওয়ার সরবরাহের ইউনিটের চার্জ করা অংশের সংস্পর্শে এসে তড়িতাহত হওয়া
  전기배선 및 전원부의 충전부 노출로 인한 접촉 시 감전



## সরঞ্জামাদি পরিদর্শন 주요부 점검사항



### শক্তি স্থানান্তরের ইউনিট
동력전달부

- রোটারি ইউনিটের কভার চেক করুন। রোটারি বসানোর দিকনির্দেশ চিহ্ন চেক করুন।
  회전부 방호덮개 설치 상태, 회전 방향표 지판 부착 상태
- বেল্টের স্থানচ্যুতি/ ক্ষতি হয়েছে কিনা তা চেক করুন। বেল্ট টেনশন চেক করুন।
  벨트의 이탈, 소손 및 벨트 장력 등의 상태



### প্রেসার গজ
압력계

- ক্ষতির জন্য বাইরের প্রেসার গজের বাইরের দিকটা চেক করুন।
  압력계 외관 손상 유무
- প্রেসার গজ সঠিকভাবে কাজ করছে কিনা দেখুন
  압력계 정상 작동 상태



### সেফটি ভালভ
안전밸브

- রাপদ-সনদ প্রাপ্ত ভালভ ব্যবহার করুন।
  안전밸브 안전인증품 사용
- শব্দ যেখান থেকে হয় তার বাইরের অংশটি চেক করুন। লিভার যে নিরাপদে লাগানো আছে এবং কাজ করার অবস্থায় আছে তা নিশ্চিত করুন।
  안전밸브의 외관 및 조작용 레버의 이탈 유무 및 정상 작동 상태



### ড্রেইন ভালভ
드레인밸브

- ড্রেইন ভালভ পরিচালনার সময় এটি স্থানচ্যুতি বা লিকের জন্য চেক করুন।
  드레인밸브 손잡이 등의 이탈 및 누수 유무
- ভালভ খোলা থাকলে যাতে সঠিকভাবে নিষ্কাশন হয় তা নিশ্চিত করুন।
  밸브 조작 및 드레인 실시

# এয়ার কম্প্রেসারের নিরাপত্তা পরিদর্শন
공기압축기 취급 시 안전조치

## সাধারণ পরিদর্শন 일반적 점검사항

- এয়ার ট্যাঙ্ক খারাপ, বিকৃতি বা লিক আছে কিনা দেখুন।
  공기저장탱크의 파손, 변형, 누설 등 이상 유무를 확인한다.
- লিক আছে কিনা তার জন্য সেফটি ভালভের ও পাইপের জয়েন্টগুলো চেক করুন।
  안전밸브, 배관 등 각종 이음부에서의 누설 여부를 확인한다.
- বেল্ট টেনশন চেক করুন। পাইপে আলগা জয়েন্ট আছে কিনা চেক করুন।
  벨트의 장력, 배관 등 각종 이음부 풀림 여부 등을 확인한다.
- তার ও বৈদ্যুতিক ডিভাইস ক্ষতিগ্রস্ত হয়েছে কিনা তা চেক করুন। অন্তরণ ও ভিত্তি স্থাপনের জন্য চেক করুন।
  배선 및 전기기기의 파손, 절연 및 접지 여부를 확인한다.
- শক্তি সরবরাহ ইউনিটের মধ্যে ত্রুটি আছে কিনা চেক করুন। নিরাপত্তা কভারগুলো সঠিক স্থানে রাখা আছে কিনা তা নিশ্চিত করুন।
  동력전달부의 이상 유무 및 방호덮개 부착 유무를 확인한다.
- নিশ্চিত করুন যে প্রেসার গজ দ্বারা চাপের ইঙ্গিত করা হচ্ছে এবং প্রেসার অ্যাডজাস্টার দিয়ে চাপ নিয়ন্ত্রিত হচ্ছে।
  압력계의 지시 압력과 압력조절 스위치의 조절압력이 일치하도록 한다.
- প্রেসার অ্যাডজাস্টার ও বৈদ্যুতিক সরঞ্জাম পরিষ্কার রাখুন।
  압력조절장치, 전기기기에는 이물질 등이 침투하지 않도록 한다.
- সেফটি ভালভ এয়ার কম্প্রেসারের কাজ করার সর্বোচ্চ চাপের কম মাত্রায় সেট করুন। কোনো কারণে নির্ধারিত চাপের পরিবর্তন করবেন না।
  안전밸브는 공기압축기의 최고사용압력 이하로 설정하고, 설정압력을 임의로 변경해서는 안된다.
- এয়ার ট্যাঙ্কের ঘনীভবনের ফলে সেফটি ভালভ এঁটে যেতে পারে। সেফটি ভালভ যে আটকে নেই তা সম্পর্কে নিশ্চিত হতে মাঝে মাঝে সেটিকে চেক করুন।
  안전밸브는 공기저장탱크 내 응축수 수분 등으로 인해 고착될 우려가 있으므로 사용 중 수시로 작동여부를 확인하도록 한다.
- কাজের আগে ও পরে এয়ার ট্যাঙ্কের ঘনীভবন মুক্ত করতে রিলিজ ভালভ ব্যবহার করবেন।
  공기저장탱크 내 응축수는 작동 전·후 수시로 배출 밸브를 조작하여 배수하도록 한다.
- উপযুক্ত প্রেসার গজ ব্যবহার করুন। এটি সঠিকভাবে কাজ করছে তা নিশ্চিত হতে প্রায়ই চেক করুন।
  압력계는 적정한 것을 부착하고, 정상적으로 작동하는지 수시로 확인한다.



পিস্টন এয়ার কম্প্রেসার
왕복동식 공기압축기



এয়ার ট্যাঙ্ক সহ রোটারি স্ক্রু এয়ার কম্প্রেসার
스크류 타입 공기압축기 및 공기저장탱크

OPEN 공공누리

কর্মস্থলে নিরাপত্তার ঝুঁকিগুলো প্রতিরোধ করা
일터에서의 유해·위험 예방 조치

# পতন প্রতিরোধ
전도의 방지

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다
2016-교육미디어-881

Bangladesh

## “পড়ে যাওয়া” কি? 전도(넘어짐) 재해란?

- “পড়ে যাওয়া” বলতে কোনো দুর্ঘটনাকে বোঝায় যেখানে কোনো ব্যক্তি সমতল বা ঢালু পৃষ্ঠদেশে বা সিঁড়ি থেকে পড়ে যাওয়া বোঝায়।
  사람이 평면 또는 경사면, 층계 등에서 미끄러지거나 굴러 넘어짐으로 인해 발생되는 재해를 말한다.

## পড়ে যাওয়ার ধরণ 넘어짐 재해 유형

### কাজের এলাকার মেঝে
작업장 바닥

- পিচ্ছিল মেঝেতে পিছলে পড়ে যাওয়া
  물기 등이 있는 작업장 바닥에서 미끄러져 넘어지는 재해
- বাধার কাছে লঘু পদে দ্রুতভাবে আসা
  원재료, 가공물 등 장애물에 걸려 넘어지는 재해



### পিচ্ছিল মেঝেতে পিছলে পড়ে যাওয়া
계단 등 경사면

- সিঁড়ির মতো ঢালু পৃষ্ঠদেশে পড়ে যাওয়া
  계단 등 경사면에서 굴러 넘어지는 재해



### বাধার কাছে লঘু পদে দ্রুতভাবে আসা
사다리

- মই থেকে পড়ে যাওয়া
  사다리 위에서 미끄러져 넘어지는 재해



## পতন প্রতিরোধ 전도의 방지

- কর্মীদের পিছলে বা পা আটকে পড়ে যাওয়া এড়াতে কাজের পরিবেশের এলাকা সর্বদা পরিষ্কার রাখুন।
  근로자가 작업장에서 넘어지거나 미끄러지는 등의 위험이 없도록 작업장 바닥 등을 안전하고 청결한 상태로 유지
- পণ্য ও উপাদান সংগঠিত ও নিরাপদ রাখুন। কিছু আইটেম অবশ্যই কর্মীদের ব্যবহার করতে দেওয়া যাবে না।
  제품, 자재, 부재 등이 넘어지지 않도록 붙들어 지탱하게 하는 등 안전 조치. 단, 근로자가 접근하지 못하도록 조치한 경우에 예외

산업재해예방
안전보건공단

## কীভাবে পড়ে যাওয়া আটকানো যায় 넘어짐 재해예방을 위한 준수사항

- পণ্য ও উপাদান নিরাপদে মজুত রাখতে হবে। যাতায়াতের রাস্তা নিরাপদ রাখতে হবে। তাক ও মজুতের উপযুক্ত জিনিস ব্যবহার করুন।
  가급적 적재물을 안전하게 보관하고 안전통로 확보 및 넘어짐 재해 예방을 위하여 적재대 활용
- মজুতের জায়গার উচ্চতার সীমা দেখুন।
  일정 높이 이상 적재 금지
- আইটেম মজুত করার জন্য সেটির আকারের মত ঠেস বা ধারক ব্যবহার করুন।
  중량물은 형상에 적합한 작업받침대 사용
- একটি স্তরে আইটেমগুলো গাদা করে রাখুন এবং মেঝের উপরিভাগ স্থিতিশীল রাখুন।
  하단을 수평되고 평평하게 한 상태에서 안정되게 적재
- মজুত করার জায়গা নির্ধারণ করে চিহ্নিত করে দিন।
  적재장소 구분 표시 및 적재 장소에 적재 등
- মেঝের উপরিভাগ সমতল রাখুন এবং মেঝেতে যেন কোনো তরল পড়ে গিয়ে থেকে না যায় তার জন্য ড্রেনেজ ব্যবস্থার রক্ষণাবেক্ষণ করুন।
  바닥에 물기가 잔류되지 않도록 평탄화 및 배수로 정비
- ধাতব কাজের জন্য প্রয়োজনীয় তেল এবং পিচ্ছিলকারক তেলের মতো তরল থেকে মেঝে মুক্ত রাখুন।
  절삭유, 윤활유 등 기름기가 바닥에 남아 있지 않도록 청소
- উপাদান ও প্রক্রিয়া করা মালপত্র সংগঠিত রাখুন।
  작업장 바닥에 자재, 가공물 등 정리정돈 실시
- সেফটি বুটের সাথে নন-স্লিপ সোল পড়ুন।
  바닥 특성에 적합한 미끄럼방지(Non-Slip) 안전화 착용
- যখন মালপত্র হাতে হাতে সরানো হবে তখন সামনের দিক যেন দেখা যায় তার ব্যবস্থা করুন।
  인력운반 작업 시에는 반드시 전방시야 확보 등





## কর্মক্ষেত্রের পা রাখার জায়গা 작업발판 등

- যদি কোনো মেশিন বা কেন্দ্র অপারেটরের থেকে অনেক বেশী উঁচুতে বা নিচে থাকে তাহলে নিরাপদ ও উপযুক্ত উচ্চতায় একটি পা রাখার জায়গা লাগান। বিকল্পভাবে, অপারেটরের উচ্চতার উপযুক্ত উচ্চতায় মেশিন ও কেন্দ্রটি সামঞ্জস্য করুন।
  선반·롤러기 등 기계·설비의 작업 또는 조작 부분이 그 작업에 종사하는 근로자의 키 등 신체 조건에 비하여 지나치게 높거나 낮은 경우 안전하고 적당한 높이의 작업발판을 설치, 그 기계·설비를 적정 작업높이로 조절

## কীভাবে পড়ে যাওয়া আটকানো যায় 넘어짐 재해예방을 위한 준수사항

- পিছল কাটা বা অবস্থিত নড়াচড়া করা এড়াতে নিরাপদে পা রাখার জায়গা লাগান।
  작업발판은 쉽게 미끄러지거나 이동되지 않도록 견고하게 고정
- মেশিন ও কেন্দ্র থেকে তেল অপসারণ করুন।
  기계설비에 윤활유 등 기름기 제거
- কাজের এলাকার চারপাশের এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখুন এবং তেল, উপাদান ও প্রক্রিয়াকৃত মালপত্রের অবশিষ্টাংশ থেকে মুক্ত রাখুন।
  작업 장소 주변 바닥에 기름기, 자재, 가공물 등이 방치되어 있지 않도록 청소 및 정리정돈
- নন-স্লিপ সেফটি বুট পড়ুন।
  바닥 특성에 적합한 미끄럼방지(Non-Slip) 안전화 착용 등



적정높이로 조절

## যাতায়াতের রাস্তায় আলো 통로의 조명

- কর্মীরা যাতে যাতায়াতের রাস্তায় নিরাপদে যেতে পারেন তাই অন্তত 75 লাক্সের লাইট লাগান। যদিও কর্মীদেরকে কমই ভূগর্ভস্থ পথ যেমন খনি দিয়ে যাতায়াত করতে হয়, তাহলেও সঙ্গে বহনযোগ্য লাইট রাখা আবশ্যক।
  근로자가 안전하게 통행할 수 있도록 통로에 75럭스 이상의 채광 또는 조명시설 설치. 단, 갱도 또는 상시 통행을 하지 아니하는 지하실 등을 통행하는 근로자에게 휴대용 조명기구를 사용하도록 한 경우에는 예외

### » উজ্জ্বলতা 조도

| অত্যন্ত-স্পষ্ট কাজ: | স্পষ্ট কাজ: | সাধারণ কাজ: | অন্যান্য ধরনের কাজ: |
|---|---|---|---|
| 750 লাক্স বা তার বেশি<br>초정밀작업 750럭스 이상 | 300 লাক্স বা তার বেশি<br>정밀작업 300럭스 이상 | 150 লাক্স বা তার বেশি<br>보통작업 150럭스 이상 | 75 লাক্স বা তার বেশি<br>그 밖의 작업 75럭스 이상 |




### » লাক্স 럭스(Lux)

লাক্স (প্রতীক: lx) হল আলো ও আলো নির্গত হওয়ার একক। এক লাক্স হল
조명이 밝은 정도를 말하는 조명도에 대한 실용단위로 기호는 lx이다.

Ex) এক ক্যান্ডেল এক লাক্সের সমান ইলুমিন্যান্স উৎপাদন করে।
예) 촛불 하나의 밝기가 1Lux라고 이해하면 쉽다.

## রাস্তা তৈরি করা 통로의 설치

- কর্মচারীদের ব্যবহারের জন্য কাজের স্থানে নিয়ে যায় এমন পথ তৈরী করুন এবং সর্বদাই সেগুলোকে প্রবেশসাধ্য করে রাখুন।
  작업장으로 통하는 장소 또는 작업장 내 근로자가 사용할 안전한 통로를 설치하고 항상 사용할 수 있는 상태로 유지
- এই পথটিকে বাধামুক্ত রাখুন।
  통로면으로부터 높이 2m 이내에는 장애물이 없도록 조치

### » কীভাবে পড়ে যাওয়া আটকানো যায় 넘어짐 재해예방을 위한 준수사항

- একটি পথ অন্ততঃ 80 সেমি চওড়া হতে হবে। কাজের স্থান থেকে আলাদা করে দেয় এমন কোন রঙ দিয়ে পথটিকে রঙ করুন, যেমন, সাদা বা হলুদ।
  통로는 80cm 이상의 폭을 유지하며 작업장소와 확실히 구분될 수 있도록 작업장소와 다른 색(흰색, 황색 등)으로 도색
- পথগুলোকে পরিষ্কার ও সঙ্ঘবদ্ধ করে রাখুন। সেখানে বাতি বা তারের মত বাধা থাকা উচিত নয়।
  통로에는 장애물(전등, 이동전선 등) 등이 없도록 청소 및 정리정돈
- জনসাধারণের অবাধ চলাচল রোধ করতে যেখানে নিরাপদ নয় সেখানে একটি খুঁটির বেড়া বসান। 안전통로가 아닌 곳으로 근로자의 통행금지 조치(방책 설치 등)
- পথগুলোতে মাল বা প্রক্রিয়াকৃত পণ্য সংরক্ষণ করবেন না। 안전통로에 자재, 가공품 등 적재금지
- সিঁড়ি ব্যবহার করার সময় হাতল ধরে থাকুন। 계단 이용시는 항상 난간대를 잡고 이동
- সিঁড়িতে পিছলরোধী গ্রিপ বসান। 계단 끝단부에는 미끄럼방지(Non-Slip) 처리
- সিঁড়ির উপর থেকে নিচ পর্যন্ত ঝাঁট-মোছা করুন। 계단에서 빗자루, 걸레작업은 아래에서 위쪽 방향으로 실시
- নির্দিষ্ট মেঝের তলে চলাচলের সময় পিছলরোধী সেফটি বুট পরে থাকুন। 바닥 특성에 적합한 미끄럼방지(Non-Slip) 안전화 착용
- হাতে বোঝা পরিবহণ করার সময় দৃষ্টির ক্ষেত্র যাতে স্পষ্ট থাকে তা নিশ্চিত করুন। 인력운반 작업 시에는 반드시 전방시야 확보 등






## সাময়িক রাস্তার কাঠামো 가설통로의 구조

### অস্থায়ী পথ বসানো 가설통로를 설치할 경우 준수사항

❶ অস্থায়ী পথগুলোকে গঠনগত দিক দিয়ে স্থিতিশীল হতে হবে।
견고한 구조로 설치

❷ ঢাল সর্বাধিক 30 ডিগ্রী রাখুন। ব্যতিক্রম হল যেখানে সিঁড়ি বসানো আছে, বা যদি 2 মিটারের কম উঁচু একটি অস্থায়ী পথে শক্তপোক্ত হাতল বসানো থাকে।
경사는 30도 이하로 설치. (단, 계단을 설치하거나 높이 2미터 미만의 가설통로로서 튼튼한 손잡이를 설치한 경우 예외)

❸ 15 ডিগ্রীর বেশি ঢালগুলোর গঠন পিছল-রোধী হওয়া উচিত।
경사가 15도를 초과하는 경우 미끄러지지 아니하는 구조로 설치






[ সাধারণ পথের গঠন 일반적인 통로의 형태 ]

❹ পড়ে গিয়ে দুর্ঘটনা ঘটতে পারে এমন স্থানে একটি সুরক্ষা রেলিং বসান। কোন বিশেষ কাজের জন্য দরকার হলে, সুরক্ষা রেলিংকে সেই স্থানে সরানো যেতে পারে।
추락 위험이 있는 장소에 안전난간을 설치(단, 작업상 부득이한 경우, 필요한 부분만 임시로 해체 가능)

❺ 15 মিটার বা তার দীর্ঘ কোন উল্লম্ব খাদে একটি অস্থায়ী পথ বসানো হলে, প্রত্যেক 10 মিটারে একটি করে অবতরণস্থান বসান।
수직갱에 가설된 통로의 길이가 15m 이상인 경우에는 10m 이내마다 계단참을 설치

❻ নির্মাণকাজে ব্যবহৃত 8 মি বা তার বেশি উচ্চতার ভারার বোর্ডের সাথে প্রত্যেক 7 মিটারে একটি করে অবতরণস্থান ফিট করা উচিত।
건설공사에 사용하는 높이 8m 이상인 비계다리에는 7m 이내마다 계단참을 설치







### ≫ কীভাবে পড়ে যাওয়া আটকানো যায় 넘어짐 재해예방을 위한 준수사항

- সেফটি হেলমেট, সেফটি বুট, বন্ধনী এবং গগলসের মত সুরক্ষার সাজপোশাক পরে থাকুন।
  안전모, 안전화, 안전대, 보안경 등 개인보호구를 착용
- পথগুলোতে পড়ে থাকা খোঁচা বা উপাদান সরিয়ে বা সাজিয়ে রাখুন।
  통행로에 방치된 자재나 돌출물 정리 또는 제거
- ক্ষতিগ্রস্ত পথগুলোকে সারান এবং কাছের স্থানগুলো সজ্জবদ্ধ করুন।
  손상된 통로는 보수하고 주변을 정리정돈
- কাজ শুরু করার আগে সুরক্ষার ঝুঁকিগুলো চিনে নিন।
  작업 시작 전 위험요소를 지적 확인 등

## মইয়ের মতো রাস্তার কাঠামো 사다리식 통로 등의 구조

### মইয়ের মত পথের নিরাপদ ব্যবস্থা করা 사다리식 통로 등을 설치하는 경우 준수사항

1. একটি স্থির কাঠামো তৈরী করুন। 견고한 구조로 설치
2. ক্ষয় হয়না এমন উপাদান ব্যবহার করুন। 손상·부식 등이 없는 재료 사용
3. মইয়ের ধাপগুলো একটি ধারাবাহিক অন্তরে রাখুন। 발판 간격은 일정하게
4. ধাপ ও দেওয়ালের মধ্যে অন্ততঃ 15 সেমি দূরত্ব বজায় রাখুন। 발판과 벽과의 사이는 15cm 이상의 간격 유지
5. প্রস্থটি অন্ততঃ 30 সেমি হওয়া উচিত। 폭은 30cm 이상
6. মইটি যাতে পড়ে বা পিছলে না যায় সেজন্য ব্যবস্থা নিন।
   사다리가 넘어지거나 미끄러지는 것을 방지하기 위한 조치 실시
7. যে বিন্দুতে মইয়ের উপরিভাগটি হেলান দিয়ে রয়েছে, সেখান থেকে মইটি অন্ততঃ 60 সেমি প্রসারিত থাকা উচিত।
   사다리의 상단은 걸쳐놓은 지점으로부터 60cm 이상 올라가도록 설치










স্থায়ী মই লাগানো 고정식사다리 설치도

8. মইয়ের মত পথের ঢালুভাব 75 ডিগ্রির বেশি হওয়া উচিত নয়। স্থায়ী মইয়ের পথগুলোকে 90 ডিগ্রী পর্যন্ত ঢালু রাখা যেতে পারে। 7 মিটারের থেকে উচ্চতা বেশি হলে, 2.5 মিটার এবং তার উপর থেকে একটি মইয়ের খাঁচা বসান।
   사다리식 통로의 기울기는 75도 이하(단, 고정식 사다리식 통로의 기울기는 90도 이하로 하고, 그 높이가 7m 이상인 경우 바닥으로부터 높이가 2.5m 되는 지점부터 등받이울 설치)
9. ভাঁজ করা মইয়ের ঠেসটি ব্যবহারের সময় যাতে মুড়ে বা খুলে না যায় তা ঠেকাতে যথাযথ হার্ডওয়্যার দিয়ে স্থির করে রাখা উচিত।
   접이식 사다리 기둥은 사용시 접혀지거나 펼쳐지지 않도록 철물 등을 사용하여 견고하게 조치










### » ব্যবহারের সময় মই পড়ে যাওয়া কীভাবে ঠেকাতে হয় 사다리 사용 넘어짐 재해예방을 위한 준수사항

- একটি মইকে ইট দিয়ে ঠেস দিবেন না। 부서지기 쉬운 벽돌 등을 받침대로 사용 금지
- একটি মই সরানোর সময় তিন-মুখী যোগাযোগ বজায় রাখুন।
  *তিন-মুখী যোগাযোগ: দুই পা এবং একটি হাত বা দুই হাত ও একটি পা।
  이동식 사다리 이용 시에는 항상 3점의 접촉점(두 다리와 한 손 또는 두 손과 한 다리 등)을 확보하여 이동
- যেভাবে চড়েছিলেন ঠিক সেভাবেই কিন্তু উল্টোদিকে মই থেকে নেমে আসুন।
  이동식 사다리에서 내려올 때는 올라가는 방법과 동일하게 내려옴
- পিছল-রোধী সেফটি বুট পরুন। 미끄럼방지(Non-Slip) 안전화 착용
- ভাঁজ করা মই যথাস্থানে আটকে রাখতে একটি খিল বা আবদ্ধকারী কিছু ব্যবহার করুন।
  접이식 사다리에 고정쇠, 멈춤쇠의 체결 및 고정 등

কর্মস্থলে নিরাপত্তার ঝুঁকিগুলো প্রতিরোধ করা
일터에서의 유해·위험 예방 조치

# বিস্ফোরণ, আগুন লাগা এবং রাসায়নিক ছড়িয়ে পড়া রোধ করা

## ক্ষতিকারক পদার্থ পরিচালনা করা

폭발·화재 및 위험물누출에 의한 위험방지 | 위험물 등의 취급 |

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다
2016-교육미디어-880

Bangladesh

## ক্ষতিকারক পদার্থের উৎপাদনের জন্য সুরক্ষার ব্যবস্থা
위험물질 등의 제조 등 작업 시의 조치

- ক্ষতিকারক পদার্থ উৎপাদন বা পরিচালনার সময়, বিস্ফোরণ, আগুন লাগা এবং ছিদ্রপথে নির্গমন রোধ করতে নিম্নলিখিত আচরণগুলো থেকে বিরত থাকুন এবং যথাযথ সুরক্ষা পদ্ধতি বাস্তবায়ন করুন।
위험물질을 제조하거나 취급하는 경우 폭발·화재 및 누출을 방지하기 위한 적절한 방호조치를 하지 아니하고는 다음의 행위를 해서는 아니됨

| ক্ষতিকারক পদার্থ<br>위험물질 | | নিষিদ্ধ আচরণ এবং/বা পদার্থ<br>행위 금지 사항 및 물질의 예 |
|---|---|---|
| বিস্ফোরক এবং অর্গানিক পারক্সাইড<br>폭발성 물질/유기과산화물 |  | – আগুনের যে কোন উৎসের কাছে এগোনো, তাপ দেওয়া, ঘর্ষণ, চাপ বা কোন কিছু নিয়ে কাজ করা এড়ান।<br>화기나 그 밖에 점화원이 될 우려가 있는 것에 접근시키거나 가열하거나 마찰시키거나 충격을 가하는 행위 금지<br>• নাইট্রিক এস্টার, নাইট্রোজেন কম্পাউন্ড, অ্যাজো কম্পাউন্ড, হাইড্রাজিন, অর্গানিক পারক্সাইড<br>질산에스테르류, 니트로화합물, 아조화합물, 하이드라진, 유기과산화물 등 |
| জলের সাথে বিক্রিয়া করা পদার্থ এবং দাহ্য কঠিন বস্তু<br>물반응성 물질 및 인화성 고체 |  | – এমন পদার্থের কাছাকাছি যাবেন না যেগুলো আসলে বা সম্ভাব্য তাপ/ আগুনের উৎস, তাপ, ঘর্ষণ, চাপ প্রয়োগ করা এড়ান এবং বিস্ফোরক পদার্থের সংস্পর্শ এড়িয়ে চলুন।<br>각각 그 특성에 따라 화기나 그 밖에 점화원이 될 우려가 있는 것에 접근, 발화를 촉진하는 물질 또는 물에 접촉, 가열, 마찰, 충격을 가하는 행위 금지<br>• লিথিয়াম, পটাসিয়াম, সোডিয়াম, সালফার, ইয়েলো ফসফরাস, ম্যাগনেসিয়াম গুঁড়ো, ধাতু গুঁড়ো, জৈব ধাতব যৌগ<br>리튬, 칼륨, 나트륨, 황, 황인, 마그네슘분말, 금속분말, 유기금속화합물 등 |
| অক্সিডাইজ করা তরল এবং কঠিন<br>산화성액체/산화성고체 |  | – সংস্পর্শ, তাপ, চাপ বা ঘর্ষণ প্রয়োগ করা থেকে বিরত থাকুন; এমন পদার্থ থেকে দূরে থাকুন যা প্রচণ্ডবেগে আলাদা হয়ে পড়ে ছড়িয়ে পড়তে পারে।<br>분해가 촉진될 우려가 있는 물질에 접촉, 가열, 마찰, 충격을 가하는 행위 금지<br>• ক্লোরিক অ্যাসিড, ক্লোরিক অ্যাসিড লবণ, হাইড্রোজেন পারক্সাইড, অজৈব পারক্সাইড, নাইট্রিক অ্যাসিড, নাইট্রিক অ্যাসিড লবণ<br>염소산 및 그 염류, 과산화수소 및 무기과산화물, 질산 및 그 염류 등 |
| দাহ্য তরল<br>인화성 액체 |  | – আগুনের উৎস বা তাপের বাষ্পীভবনের উৎসের কাছে এগোনো, ইনজেক্ট করা, তাপ প্রয়োগ করা থেকে বিরত থাকুন।<br>화기나 그 밖에 점화원이 될 우려가 있는 것에 접근, 주입, 가열, 증발시키는 행위 금지<br>• 60℃ বা তার নিচে জ্বলনাঙ্ক থাকা তরলগুলো যেমন, মিথানল, অ্যাসিটোন, প্রপাইলিন অক্সাইড, এন-হেক্সেন, গ্যাসোলিন, কেরোসিন, ডিজেল<br>메탄올, 아세톤, 산화프로필렌, 노르말헥산, 가솔린, 등유, 경유 등 인화점이 60℃ 이하인 액체 |
| দাহ্য গ্যাস<br>인화성 가스 |  | – তাপ বা জ্বলনের উৎসের কাছে যাওয়া, ইঞ্জেক্ট করা, সঙ্কোচন, তাপ প্রয়োগ করা থেকে বিরত থাকুন<br>화기나 그 밖에 점화원이 될 우려가 있는 것에 접근, 압축·가열, 주입하는 행위 금지<br>• হাইড্রোজেন, অ্যাসিটাইলিন, ইথাইলিন, মিথেন, ইথেন, প্রপেন, বিউটেন<br>수소, 아세틸렌, 에틸렌, 메탄, 에탄, 프로판, 부탄 등 |

| ক্ষতিকারক পদার্থ<br>위험물질 | | নিষিদ্ধ আচরণ এবং/বা পদার্থ<br>행위 금지 사항 및 물질의 예 |
|---|---|---|
| **ক্ষয়কারী বা তীব্র বিষাক্ত পদার্থ**<br>부식성 물질/급성독성물질 |  | – মানবদেহের সাথে সংস্পর্শ এড়িয়ে চলুন<br>누출시키는 등으로 인체에 접촉시키는 행위<br>• ক্ষয়কারী: সালফিউরিক অ্যাসিড, হাইড্রোক্লোরিক অ্যাসিড, নাইট্রিক অ্যাসিড, সোডিয়াম হাইড্রক্সাইড, পটাসিয়াম হাইড্রক্সাইড<br>부식성 물질 : 황산 · 염산 · 질산 등의 부식성산류, 가성소다 · 수산화칼륨 등의 부식성 염기류<br>• তীব্র বিষাক্ততা<br>급성독성물질 |

## পানির সংস্পর্শে আসা নিষিদ্ধ 물과의 접촉 금지

- পানির সাথে বিক্রিয়াকারী পদার্থ এবং দাহ্য কঠিনগুলোকে বায়ুনিরোধক পাত্রে রাখুন এবং পরিচালনা করুন যাতে পানির সাথে সংস্পর্শ এড়ানো যায়। বর্ষার পানি থেকে সুরক্ষিত কোন বাড়িতে পাত্রগুলোকে পরিচালনা ও সংরক্ষণ করুন।
  물반응성 물질·인화성 고체를 취급하는 경우 물 접촉 방지를 위해 완전 밀폐 용기에 저장 또는 취급, 빗물 등이 스며들지 아니하는 건축물 내에 보관 또는 취급토록 조치

## একটি হোস দিয়ে দাহ্য তরল ইঞ্জেকশন করা 호스 등을 사용한 인화성 액체 등의 주입

- হোস বা পাইপের মাধ্যমে কোন রাসায়নিক সুবিধা প্রদান, ট্যাঙ্ক লরি বা ড্রামের মধ্যে দাহ্য তরল ইঞ্জেক্ট করার আগে সংযোগ নিরাপদ করতে হোস বা পাইপের সন্ধিস্থানগুলো দেখে নিন এবং কোন ছিদ্র থাকলে তা আটকান।
  위험물을 액체 상태에서 호스 또는 배관 등을 사용하여 화학설비, 탱크로리, 드럼 등에 주입하는 작업을 하는 경우에는 그 호스 또는 배관 등의 결합부를 확실히 연결하고 누출이 없는지를 확인한 후에 작업을 함

※ রাসায়নিক সুবিধা প্রদানকারী উপকরণ এবং সংশ্লিষ্ট সরঞ্জামের প্রকারভেদের উপর আরো তথ্যের জন্য পেশাগত সুরক্ষা এবং স্বাস্থ্যের মানগুলোর (একত্রিত সারণী 7) নিয়মনীতি দেখুন।
화학설비 및 그 부속설비의 종류는 산업안전보건기준에 관한 규칙 별표7을 참조한다.




## গ্যাসোলিনের অবশিষ্টাংশ থাকা কোন সুবিধা প্রদানকারী উপকরণে কেরোসিন ইঞ্জেকশন করা
가솔린이 남은 설비에 등유 등 주입

- এরকম ট্যাঙ্ক ট্রাক বা ড্রামের মত রাসায়নিক সুবিধা প্রদানকারী উপকরণে কেরোসিন বা ডিজেল ইঞ্জেক্ট করার আগে, ভিতর পরিষ্কার করা হয়েছে কিনা এবং কোন বিপজ্জনক পদার্থের অবশিষ্টাংশ লেগে না থাকা নিশ্চিত করুন।
  화학설비로서 가솔린이 남아 있는 화학설비(위험물을 저장하는 것으로 한정), 탱크로리, 드럼 등에 등유나 경유를 주입하는 작업을 하는 경우 미리 그 내부를 깨끗하게 씻어내고,

  – প্রয়োজন হলে, কাজ শুরু করার আগে যথাযথ সুরক্ষার ব্যবস্থা অবলম্বন করুন (যেমন, গ্যাসোলিন বাষ্পকে নিষ্ক্রিয় গ্যাসে রূপান্তরিত করা)। যদি নিচের সুরক্ষার ব্যবস্থাগুলো সঠিকভাবে সম্পন্ন করা হয় তাহলে অতিরিক্ত সুরক্ষার ব্যবস্থা নেওয়ার দরকার নেই।
  가솔린 증기를 불활성 가스로 바꾸는 등 안전한 상태로 되어 있는지를 확인한 후에 그 작업을 함

※ রাবার দিয়ে অন্তরিত করা ট্যাঙ্ক বা ড্রামের মধ্যে দাহ্য তরল ইঞ্জেক্ট করার সময়, নিচে দেখানো ছবি অনুসারে পারস্পরিক অ্যাডহেসন লাভ করে নিশ্চিত করে নিন যে ট্যাঙ্ক/ড্রাম এবং ইঞ্জেকশন পাইপের মধ্যে যেন কোন সম্ভাব্য দূরত্ব না থাকে।

인화성 액체를 고무타이어로 절연된 탱크로리나 드럼 등에 주입하는 경우 운반체와 주입하는 경우 운반체와 주입배관 간에는 〈그림〉과 같이 상호 본딩하여 전위차가 없도록 한다.




উপর থেকে ইঞ্জেক্ট করা ট্যাঙ্ক ট্রাককে নিচে নামানো (ছবি)
〈그림〉 탱크로리의 접지방식(상부주입방식)

## ইথাইলিন অক্সাইডের পরিচালনা 산화에틸렌 등의 취급

- রাসায়নিক কেন্দ্র, ট্যাঙ্ক ট্রাক বা ড্রামে ইথিলিন অক্সাইড, এসেট্যালডিহাইডে অথবা প্রোপিলেন অক্সাইড ইঞ্জেকশন উপায়ে প্রবেশ করানো বা মজুত রাখা
  산화에틸렌, 아세트알데히드 또는 산화프로필렌을 화학설비, 탱크로리, 드럼 등에 주입 작업과 저장하는 경우

  – সর্বদাই নিশ্চিত করে নিন যে পাত্রের মধ্যে থাকা বাষ্পকে ইঞ্জেকশন বা সংরক্ষণের আগে নিষ্ক্রিয় গ্যাসে রূপান্তরিত করা হয়েছে।
  미리(항상) 그 내부를 불활성가스로 바꾸는 등 안전한 상태로 되어 있는 지 확인 및 상태에서 해당 작업을 실시하거나 저장

### » রাসায়নিক বৈশিষ্ট্য 물성특징

– ইথাইলিন অক্সাইড(বিস্ফোরণ সীমা 3.0%-100%), অ্যাসিটালডিহাইড (আণবিক ওজন 44.05, গলনাঙ্ক-121℃, বিস্ফোরণের সীমা 4.0%-60.0%), এবং প্রপাইলিন অক্সাইড (বিস্ফোরণ সীমা 1.9%-36.3%) হল বিস্তীর্ণ এলাকাজুড়ে বিস্ফোরণের ঘটায় এমন অত্যন্ত বিস্ফোরক পদার্থ।
산화에틸렌(폭발범위 3.0~100%), 아세트알데히드(분자량 44.05, 녹는점 -121℃, 폭발범위 4.0~60.0%), 산화프로필렌(폭발범위 1.9~36.3%)은 폭발범위가 넓어 폭발위험성이 높다.

– ন্যাশনাল ফায়ার প্রোটেকশন অ্যাসোসিয়েশন এই পদার্থগুলোকে ক্লাস 4 আগুনের বিপদ হিসাবে চিহ্নিত করে যেগুলো বিষাক্ত, ক্যান্সার সৃষ্টিকারী, এবং জ্বলনাঙ্ক ও বিস্ফোরণের বিন্দুর বিস্তীর্ণ সীমা রয়েছে। এই পদার্থগুলোর পারমাণবিক গঠনে থাকা অক্সিজেন 400 বা তার বেশি তাপমাত্রায় গিয়ে বিচ্ছিন্ন হয়ে যাওয়ার বিক্রিয়া সৃষ্টি করতে পারে যা দ্রুত চাপ বেড়ে যাওয়ার ফলে বিস্ফোরণের উচ্চ ঝুঁকি তৈরী করে।
독성물질, 발암성 추정물질로 미국NFPA에서 화재등급이 4로 폭발범위가 넓고 인화점이 낮고 분자구조상 산소를 함유하고 있어 400℃ 이상 온도가 상승하면 분해반응이 일어나 급격한 압력상승으로 폭발위험이 매우 높다.

※KOSHA GUIDE D-141-2014 দেখুন (ইথাইলিন অক্সাইড কেন্দ্রে নিরাপদে কাজ করার প্রযুক্তিগত নির্দেশিকা)
KOSHA GUIDE D-141-2014(산화에틸렌 취급설비의 안전에 관한 기술지침) 참조

## বিস্ফোরণ প্রবণ স্থান মনোনয়ন ও পরিচালনা
폭발위험이 있는 장소의 설정 및 관리

- শিল্পের প্রমিতকরণ আইন অনুসারে, যেসব স্থানে দাহ্য তরল, দাহ্য গ্যাস এবং দাহ্য কঠিন পদার্থ উৎপাদন করা হচ্ছে সেখানে অবশ্যই বিস্ফোরণের ঝুঁকি দেখানো ডায়াগ্রাম লাগানো থাকতে হবে।
  인화성 액체의 증기나 인화성 가스 등을 제조·취급 또는 사용하는 장소, 인화성 고체를 제조·사용하는 장소에 폭발위험장소의 구분도(區分圖)를 작성하는 경우 「산업표준화법」에 따라 가스 폭발 위험장소 또는 분진폭발 위험장소로 설정하여 관리

  ※ বিস্ফোরণ প্রবণ স্থানের জন্য ডায়াগ্রাম তৈরী ও পরিচালনার ব্যবস্থা
  폭발위험장소의 구분도를 작성·관리하도록 조치



위험장소로 설정하여 관리

## দাহ্য তরলের বারংবার ব্যবহারের স্থান
인화성 액체 등을 수시로 취급하는 장소

- প্রথমে যথাযথ বায়ু চলাচলের ব্যবস্থা নিশ্চিত না করে দাহ্য তরল ও গ্যাস নিয়ে ঘনঘন পরিচালনা করা হয় এমন স্থানে ইলেকট্রিকাল মেশিনারি বা সরঞ্জাম চালাবেন না।
  인화성 액체, 인화성 가스 등을 수시로 취급하는 장소에서 환기가 충분하지 않은 상태에서 전기기계·기구 작동 금지
- কোন বদ্ধ জায়গায় দাহ্য তরল দিয়ে রঙ করা বা পরিষ্কারের কাজ করতে বারংবার স্প্রে গান ব্যবহার করা হলে, ইলেকট্রিকাল মেশিনারি বা সরঞ্জাম চালানোর আগে নিম্নলিখিত সতর্কতাগুলো নিন।
  수시로 밀폐된 공간에서 스프레이 건을 사용하여 인화성 액체로 세척·도장 등의 작업을 하는 경우 다음 조치 후 전기기계·기구를 작동

  – পরিবেশে দাহ্য তরল এবং গ্যাসের দ্রবণের মাত্রা প্রজ্বলন সীমার 25%-এর নিচে রাখার জন্য বায়ু চলাচল ব্যবস্থা বজায় রাখুন।
  인화성 액체, 인화성 가스 등으로 폭발위험 분위기가 조성되지 않도록 해당 물질의 공기 중 농도가 인화하한계값의 25%를 넘지 않도록 충분한 환기를 유지

  – রাবার বা সিলিকোন নির্ভর প্যাকিং বা সীল করার পদার্থ দিয়ে আলোর সরঞ্জামগুলোকে সম্পূর্ণভাবে সীল করুন।
  조명 등은 고무, 실리콘 등의 패킹이나 실링재료를 사용하여 완전히 밀봉




– স্প্রে গানের একটানা চালনা রোধ করতে তাপ উৎপাদনকারী ইলেকট্রিকাল মেশিনারী বা সরঞ্জামের উপর ইন্টারলকিং যন্ত্র বসান।
가열성 전기기계·기구를 사용하는 경우에는 세척 또는 도장용 스프레이 건과 동시에 작동되지 않도록 연동장치 등의 조치 실시

– আগুন নিরোধক নয় এমন সুইচ বা পাওয়ার প্লাগ বেষ্টিত স্থানের বাইরে লাগান।
방폭구조 외의 스위치와 콘센트 등의 전기기기는 밀폐 공간 외부에 설치

※ আগুননিরোধক ইলেকট্রিকাল মেশিনারী এবং সরঞ্জামের ক্ষেত্রে উপরের নিরাপত্তা সতর্কতাগুলোর সাথে সঙ্গতিপূরণের দরকার নেই।
상기에도 불구하고 방폭성능을 갖는 전기기계·기구에 대해서는 작동가능

## বিস্ফোরণ এবং আগুন প্রতিরোধ 폭발 또는 화재 등의 예방

- দাহ্য তরল, গ্যাস বা কঠিন পদার্থের উপস্থিতির দরুণ বিস্ফোরণ বা আগুন লাগার ঝুঁকি থাকা স্থানগুলোকে বায়ু চলাচলের ব্যবস্থা করুন এবং ধূলো পরিষ্কার করুন।
인화성 액체의 증기, 인화성 가스, 인화성 고체가 존재하여 폭발, 화재가 발생할 우려가 있는 장소에서 폭발, 화재를 예방하기 위하여 통풍·환기 및 분진 제거 등의 조치 실시
- আগে থেকে সম্ভাব্য বিস্ফোরণ এবং আগুনের বিপদ শনাক্ত করার জন্য গ্যাস শনাক্তকরণ এবং সতর্কতা ব্যবস্থা লাগান। শিল্পের প্রমিতকরণ আইনে নির্দিষ্ট অনুসারে টাইপ 0 বা টাইপ 1 বিস্ফোরণ প্রবণ স্থানের জন্য গ্যাস শনাক্তকরণ এবং সতর্কতা ব্যবস্থা লাগানোর দরকার নেই কারণ এই স্থানগুলোতে আগুনের শিখা নিরোধক ইলেকট্রিকাল মেশিনারি বা সরঞ্জাম লাগানো আছে।
증기나 가스에 의한 폭발, 화재를 미리 감지하기 위하여 가스 검지 및 경보 장치를 설치.
단, 「산업표준화법」에 따른 0종 또는 1종 폭발위험장소에 해당하는 경우 방폭구조 전기기계·기구를 설치한 경우에는 예외

## গ্যাস ঝালাই 가스용접 등의 작업

- ঝালাই, কাটিং বা তাপপ্রয়োগের জন্য দাহ্য গ্যাস, নিষ্ক্রিয় গ্যাস বা অক্সিজেন (এতদ্দারা "গ্যাস" বলে উল্লিখিত) ব্যবহার করার সময় ছিদ্রপথে বেরোনো গ্যাস থেকে বিস্ফোরণ, আগুন লাগা বা পোড়া রোধ করতে নিম্নলিখিত প্রতিরক্ষা সতর্কতাগুলো অবলম্বন করুন।
인화성 가스, 불활성 가스 및 산소(이하 "가스 등")를 사용하여 금속의 용접·용단, 가열작업을 하는 경우, 가스등의 누출, 방출로 인한 폭발·화재, 화상을 예방하기 위하여 다음 사항을 준수

– ক্ষয় বা নষ্ট হয়ে যাওয়ার ফলে গ্যাস লীক শুরু হয়েছে এমন হোস বা টর্চ ব্যবহার করবেন না।
호스와 취관(吹管)은 손상·마모 등에 의하여 가스등의 누출 우려가 없는 것을 사용

– গ্যাস ছিদ্রপথের বেরিয়ে যাওয়া রোধ করতে টর্চ এবং হোসের সন্ধিগুলোকে শক্ত করে আটকাতে ব্যান্ড এবং ক্লিপ ব্যবহার করুন।
취관 및 호스의 상호 접촉부분은 호스밴드, 호스클립 등 조임기구를 사용하여 가스등이 누출되지 않도록 조치

– অপব্যবহার রোধ করতে গ্যাস সরবরাহের সরঞ্জামের ভালভ এবং ককগুলোতে পরিচালকের নামের ট্যাগ বসান।
사용 중인 가스등을 공급하는 공급구의 밸브나 콕에는 사용하는 사람의 명찰을 붙이는 등 공급에 대한 오조작을 방지하기 위한 표시 실시

– কাটার কাজ করার সময়, টর্চ থেকে অতিরিক্ত অক্সিজেন বেরিয়ে পুড়ে যাওয়া রোধ করতে ধীরে ধীরে ভালভ খুলুন।
용단작업 시 취관으로부터 산소의 과잉방출로 인한 화상을 예방하기 위하여 근로자가 조절밸브를 서서히 조작하도록 주지

– কাজ শেষ করা বা কাজের স্থান ছেড়ে যাওয়ার আগে গ্যাস সরঞ্জামে থাকা সব ভালভ এবং ককগুলো বন্ধ করুন।
작업 중단, 종료 시 장소를 떠날 경우 가스등의 공급구의 밸브나 콕을 잠글 것

– গ্যাসের শাখা পাইপ ত্রুটিপূর্ণভাবে লাগানোর রোধ করার জন্য শুধুমাত্র মনোনীত যন্ত্রপাতিই ব্যবহার করুন। সুসঙ্গত অংশের সাথে থাকা সংযোগকারী যন্ত্রপাতি, বিভিন্ন রঙের পাইপ এবং হোস ও লেবেলিং ট্যাগ ব্যবহার করে গ্যাস পাইপ ত্রুটিপূর্ণভাবে লাগানো রোধ করা যেতে পারে।
가스등의 분기관은 전용 접속기구를 사용하여 불량체결을 방지하며, 서로 이어지지 않는 구조의 접속기구 사용, 서로 다른 색상의 배관·호스의 사용 및 꼬리표 부착 등을 통하여 서로 다른 가스배관과의 불량체결을 방지







## গ্যাসের পাত্র 가스 등의 용기





- ঝালাই, কাটা বা তাপপ্রয়োগের জন্য গ্যাসের পাত্র নিয়ে পরিচালনা করার সময় নিম্নলিখিত সুরক্ষা সতর্কতাগুলো অনুসরণ করুন।
  금속 용접·용단, 가열에 사용되는 가스등의 용기를 취급하는 경우 다음 사항을 준수

– নিম্নলিখিত স্থানগুলোতে গ্যাসের পাত্র ব্যবহার, লাগানো বা সংরক্ষণ করবেন না।
다음의 어느 하나에 해당하는 장소에서 사용, 설치·저장, 방치금지

- কম বায়ু চলাচলের স্থান
  통풍이나 환기가 불충분한 장소
- যে স্থানে আগুন ব্যবহার করা হয় বা তার কাছাকাছি স্থান
  화기를 사용하는 장소 및 그 부근
- প্রবন্ধ 236-এ নির্দিষ্ট করা বিধি অনুসারে যে স্থানগুলোতে বিপজ্জনক পদার্থ বা দাহ্য তরল পরিচালনা করা হয় বা তার কাছাকাছি স্থান
  위험물 또는 제236조에 따른 인화성 액체를 취급하는 장소 및 그 부근

– পাত্রের তাপমাত্রা 40℃ বা তার নিচে রাখুন।
용기의 온도를 섭씨 40도 이하로 유지할 것

– পাত্রগুলোকে পড়ে যাওয়া বা অন্য ধরনের আঘাত লাগার হাত থেকে বাঁচিয়ে রাখুন। পরিবহণের আগে পাত্রগুলোতে একটি ক্যাপ পরান।
전도의 위험이 없도록 하고, 충격을 가하지 않도록 하며, 운반 시 캡을 씌울 것

– ব্যবহারের আগে ক্যাপ থেকে তেল বা ধূলো পরিষ্কার করুন।
사용하는 경우에는 용기의 마개에 부착되어 있는 유류 및 먼지를 제거할 것

– ভালভগুলো ধীরে ধীরে খুলুন। 밸브의 개폐는 서서히 할 것

– ব্যবহৃত এবং অব্যবহৃত পাত্রগুলোকে স্পষ্টভাবে পৃথক করুন।
사용 전 또는 사용 중인 용기와 그 밖의 용기를 명확히 구별하여 보관할 것

– দ্রবীভূত অ্যাসিটাইলিনের পাত্রগুলোকে সোজা করে রাখুন। 용해아세틸렌의 용기는 세워 둘 것

– ব্যবহারের আগে পাত্রগুলোতে ক্ষয়, নষ্ট বা অন্য কোন ধরনের ত্রুটি রয়েছে কিনা তা দেখে নিন।
용기의 부식·마모 또는 변형상태를 점검한 후 사용할 것

## চাপ সৃষ্টি করা গ্যাসের পাত্রের রঙ এবং লেবেল চিহ্নিতকরণ
고압가스 용기외면 도색 및 가스명칭 표시방법

| গ্যাসের প্রকার 가스 종류 | | সাধারণ ব্যবহার 일반용 | | চিকিৎসাক্ষেত্রে ব্যবহার 의료용 | |
|---|---|---|---|---|---|
| | | রঙ 도색 | লেবেল 문자 | রঙ 도색 | লেবেল 문자 |
| দাহ্য/বিষাক্ত গ্যাস 가연성·독성가스 | তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস 액화석유가스 | ধূসর 회색 | লাল 적색 | - | - |
| | হাইড্রোজেন 수소 | কমলা 주황색 | সাদা 백색 | - | - |
| | অ্যাসিটাইলিন 아세틸렌 | হলুদ 황색 | কালো 흑색 | - | - |
| | তরলীকৃত অ্যামোনিয়া 액화암모니아 | সাদা 백색 | কালো 흑색 | - | - |
| | তরলীকৃত ক্লোরিন 액화염소 | বাদামী 갈색 | সাদা 백색 | - | - |
| | অন্যান্য গ্যাস 그 밖의 가스 | ধূসর 회색 | সাদা 백색 | ধূসর 회색 | - |
| অন্যান্য গ্যাস 그 밖의 가스 | অক্সিজেন 산소 | সবুজ 녹색 | সাদা 백색 | সাদা 백색 | সবুজ 녹색 |
| | তরলীকৃত কার্বন ডাইঅক্সাইড 액화탄산가스 | নীল 청색 | সাদা 백색 | ধূসর 회색 | সাদা 백색 |
| | নাইট্রোজেন 질소 | ধূসর 회색 | সাদা 백색 | কালো 흑색 | সাদা 백색 |
| | আগুন নেভানোর পাত্র 소방용 용기 | ক্ষতিকারক পদার্থ পরিচালনার আইন 위험물안전관리법 | সাদা 백색 | - | - |
| | নাইট্রোজেন ডাইঅক্সাইড 이산화질소 | ধূসর 회색 | সাদা 백색 | নীল 청색 | সাদা 백색 |
| | হিলিয়াম 헬륨 | ধূসর 회색 | সাদা 백색 | বাদামী 갈색 | সাদা 백색 |
| | ইথাইলিন 에틸렌 | ধূসর 회색 | সাদা 백색 | পার্পল 자색 | সাদা 백색 |
| | সাইক্লোপ্রপেন 싸이크로프로판 | ধূসর 회색 | সাদা 백색 | কমলা 주황색 | সাদা 백색 |
| | অন্যান্য গ্যাস 그 밖의 가스 | ধূসর 회색 | সাদা 백색 | ধূসর 회색 | সাদা 백색 |

※ GHS MSDS নিয়মে অনুসারে নির্দিষ্ট পাত্রের গায়ে হীরক চিহ্নে ছবিটি আঁকা থাকতে হবে এবং সেটি অবশ্যই প্রয়োগের উদ্দেশ্য যেমন জাহাজ বা গাড়ী, ইত্যাদি নির্দেশ করবে।
용기에 표시하는 그림문자는 GHS MSDS규정에 따라 마름모꼴에 표시하고, 용도에 따라 선박용, 자동차용 등을 표시한다.

## পদার্থের মধ্যে পারস্পরিক সংস্পর্শ থেকে বিস্ফোরণ ঘটা প্রতিরোধ করা
서로 다른 물질의 접촉에 의한 발화 등의 방지

- যদি পদার্থের মধ্যে সংস্পর্শ লেগে তা থেকে আগুন লাগা বা বিস্ফোরণের সম্ভাবনা থাকে তাহলে পদার্থগুলোকে আলাদা করে সংরক্ষণ ও পরিবহণ করুন। যদি পদার্থের মধ্যে পারস্পরিক সংস্পর্শ প্রতিরোধ করতে নির্দিষ্ট ব্যবস্থার বাস্তবায়ন প্রয়োজন হয় তাহলে এই নিয়মটির ব্যতিক্রম করা যেতে পারে।
  서로 다른 물질끼리 접촉함으로 인하여 해당 물질이 발화하거나 폭발할 위험이 있는 경우 해당 물질을 가까이 저장하거나 동일한 운반기에 적재해서는 아니 됨.
  단, 접촉방지를 위한 조치를 한 경우에는 예외 적용

## আগুন লাগার প্রবণতা থাকা কর্মস্থল 화재 위험이 있는 작업의 장소 등

- প্রচুর পরিমাণে সিন্থেটিক কাপড়, সুতি, ভেড়ার ছাল, কাপড়, কাঠের গুঁড়ো, খড়, কাগজ বা বিভিন্ন দাহ্য তরল প্রক্রিয়াকরণ হয় এমন স্থান এবং কেন্দ্রগুলোতে আবশ্যিকভাবে আগুন প্রতিরোধের উদ্দেশ্যে উপযুক্ত সরঞ্জাম ও সুবিধার ব্যবস্থা করতে হবে।
  합성섬유·면·양모·천조각·톱밥·짚·종이류 또는 그 밖에 인화성 액체를 다량으로 취급하는 작업을 하는 장소·설비 등은 화재예방을 위하여 적절한 구조로 배치

  – সঠিক কনফিগারেশন: প্রথম প্রতিরোধের উদ্দেশ্যে বস্তু এবং বিপজ্জনক পদার্থের মাঝে পর্যাপ্ত দূরত্ব রক্ষা করা
  적절한 배치 : 방화상 필요한 거리 유지 방법과 이런 장소로부터 격리시키는 방법

  – বিন্যাস: আগুন প্রতিরোধ ও নিয়ন্ত্রণের জন্য কার্যকর
  적절한 구조 : 화재발생 방지와 소화에 편리하도록 하는 방법 등

## স্বতঃস্ফূর্ত বিস্ফোরণ প্রতিরোধ করা 자연발화의 방지

- স্বতঃস্ফূর্ত বিস্ফোরণের ঝুঁকি থাকা পদার্থ (যেমন, পাইরক্সিলিন, অ্যালকাইল অ্যালুমিনিয়াম) সংরক্ষণ করা হচ্ছে, সেই কেন্দ্রগুলোতে বিপজ্জনক মাত্রায় তাপমাত্রা বেড়ে যাওয়া রোধ করতে অবশ্যই প্রয়োজনীয় অগ্নি নির্বাপক ব্যবস্থাগুলো গ্রহণ করতে হবে।
  질화면, 알킬알루미늄 등 자연발화의 위험이 있는 물질을 쌓아 두는 경우 위험한 온도로 상승하지 못하도록 화재예방을 위한 조치 실시

### » রাসায়নিক গুণাবলী 물성특징

– অ্যালকাইল অ্যালুমিনিয়াম, অ্যালকাইল অ্যালুমিনিয়াম লিথিয়াম এবং এরকম অন্যান্য পদার্থ দাহ্য গ্যাস উৎপাদন করে বায়ুর জলীয়বাষ্পের সাথে বিক্রিয়া করে, যা প্রতিক্রিয়াশীল তাপে প্রজ্বলিত হতে পারে। এই পদার্থগুলোকে সীল করা পাত্রে প্রত্যক্ষ সূর্যালোক থেকে দূরে সরিয়ে ভালোভাবে বায়ু চলাচল করে এমন জায়গায় রাখুন।
알킬알루미늄, 알킬리튬 등과 같은 물질은 누출하면 공기 중의 수분과 반응하여 인화성가스가 발생하고, 반응열에 의하여 자동으로 점화되므로, 통풍이 잘되고 직사광선을 피하여 밀봉상태로 저장한다.

– ইন্ডাস্ট্রিয়াল পাইরক্সিলিন গানপাউডার, রঙ এবং বিশেষ কালিতে ব্যবহৃত হয় এবং শিল্পের প্রকারভুক্ত পদার্থ অথবা গানপাউডার শিল্পের পদার্থ হিসাবে শ্রেণীভুক্ত করা যেতে পারে। ক্ষতিগ্রস্ত পাত্রে শিল্পের পাইরোক্সিলিন সংরক্ষণ করা থেকে আঘাত লাগা, ঘর্ষণ বা তাপ তৈরী হতে পারে যা পাইরোক্সিলিন শুকনো হলে আগুন লাগাতে পারে। পাইরোক্সিলিন সর্বদাই আর্দ্র রাখুন।
산업용 질화면(나이트로셀룰로스, 면약, 면화약)은 화약, 도료, 특수 잉크 등에 사용하며, 질소의 함유량에 따라 공업용과 화약용으로 구분한다. 저장용기 파손 등으로 질화면이 건조한 상태에서 충격, 마찰, 열에 노출되면 점화될 수 있으므로 항상 습한 상태로 유지한다.

## তেল এবং অন্যান্য পদার্থ লেগে থাকা ছেঁড়া কাপড়ের নিষ্পত্তি
유류 등이 묻어 있는 걸레 등의 처리

- আগুন প্রতিরোধের উদ্দেশ্যে, তেল বা ছাপার কালি লেগে থাকা টিস্যু বা কাপড়কে ঢাকনা দেওয়া অদাহ্য পাত্রে সংরক্ষণ করুন।
  기름 또는 인쇄용 잉크류 등이 묻은 천조각이나 휴지 등은 뚜껑이 있는 불연성 용기에 담아 두는 등 화재예방을 위한 조치 실시

  ※ তেল বা কালি লাগা কাপড় বেশিদিন ধরে সংরক্ষণ করলে বায়ুর অক্সিজেনের সাথে তেল ও কালির বিক্রিয়া ঘটতে পারে, এবং জমে থাকা তাপ থেকে তা স্বতঃস্ফূর্ত বিস্ফোরণ ঘটাতে পারে। তাপ বেড়ে ওঠা রোধ করতে ব্যবহারের অব্যবহিত পরেই তেল লাগা কাপড় ফেলে দিন বা অন্য ব্যবস্থা গ্রহণ করুন।
  한곳에 장시간 쌓아두면 기름이나 잉크류 등이 공기 중 산소와 산화반응을 발생된 열이 계속 축적될 경우 자연발화에 의한 화재위험이 있으므로 즉시 소각 등으로 가능한 빨리 처리하거나 열이 축적되지 않도록 한다.



কর্মস্থলে নিরাপত্তার ঝুঁকিগুলো প্রতিরোধ করা
일터에서의 유해·위험 예방 조치

# বিস্ফোরণ, আগুন লাগা এবং রাসায়নিক ছড়িয়ে পড়া রোধ করা _ আগুন নিয়ন্ত্রণ

폭발·화재 및 위험물누출에 의한 위험방지 | 화기 등의 관리 |

조심조심 코리아
작업전 안전점검 당신의 생명을 지킵니다
2016-교육미디어-879

Bangladesh

## বিপজ্জনক পদার্থ থাকা স্থানগুলোতে শিখার উপর নিষেধাজ্ঞা
위험물 등이 있는 장소에서 화기 등의 사용금지

- যেখানে বিপজ্জনক পদার্থ সংরক্ষণ করা আছে এবং বিস্ফোরণ ঘটতে বা আগুন লাগতে পারে এমন জায়গায় স্ফুলিঙ্গ বা বিদ্যুৎছটা তৈরী করতে পারে এমন সরঞ্জাম বা আগুনের শিখা ব্যবহার করবেন না।
  위험물이 있어 폭발, 화재가 발생할 우려가 있는 장소, 그 상부에서 불꽃이나 아크를 발생하거나 고온으로 될 우려가 있는 화기·기계 ·기구 및 공구 등을 사용해서는 안 됨




### শিখানিরোধী ইলেকট্রিক্যাল সরঞ্জাম ব্যবহারের উদাহরণ
방폭형 전기기계기구 등 사용 예



শিখানিরোধী পথনির্দেশক আলো
방폭형 유도등



শিখানিরোধী হাতের যন্ত্রপাতি
방폭형 수공구



শিখানিরোধী অস্থায়ী আলো
방폭형 임시 조명등



শিখানিরোধী ফায়ার অ্যালার্ম
방폭형 화재발신기

## তেলের পাইপিং এবং পাত্রের ঝালাই
유류 등이 있는 배관이나 용기의 용접 등

- দাহ্য তেল বা কঠিন পদার্থ উপস্থিত রয়েছে এমন পাইপিং, ট্যাঙ্ক বা ড্রাম
  위험물, 위험물 외의 인화성 유류 또는 인화성 고체가 있을 우려가 있는 배관·탱크 또는 드럼 등의 용기에 대하여
  - দাহ্য তেল বা কঠিন পদার্থ সরাতে সুরক্ষা ব্যবস্থা অবলম্বন না করা হলে, ঝালাই/কাটার কাজ বা শিখার ব্যবহার হয় এমন কোন কাজ করবেন না।
    미리 위험물 외의 인화성 유류, 인화성 고체, 위험물을 제거하는 등 폭발이나 화재의 예방을 위한 조치를 한 후가 아니면 용접·용단 그 밖에 화기를 사용하는 작업이나 불꽃을 발생시킬 위험한 작업을 하면 안됨



## স্বল্প বায়ু চলাচলের স্থানে ঝালাই করা 통풍 등이 충분하지 않는 장소에서의 용접 등

- দুর্বল বায়ু চলাচলের স্থানে ঝালাই, কাটিং বা তাপ প্রয়োগ করা বিপজ্জনক; ফুলকি তৈরী হতে পারে, যেমন শাণপাথর দিয়ে পালিশ করার মত অন্যান্য ধরনের কোন কাজ করাও বিপজ্জনক।

  – বায়ু চলাচলের জন্য অক্সিজেন ব্যবহার করবেন না।

  통풍, 환기가 충분하지 않은 장소에서 용접·용단 및 금속의 가열 등 화기를 사용하는 작업, 연삭숫돌에 의한 건식 연마작업 등 그 밖에 불꽃이 될 우려가 있는 작업 등을 하는 경우

  – 통풍, 환기를 위하여 산소를 사용해서는 아니 됨

- দাহ্য পদার্থ রয়েছে এবং স্বল্প বায়ুচলাচলপূর্ণ কেন্দ্র বা বাড়িতে শিখা নিয়ে কাজ করার আগে নিম্নলিখিত আগুন নিরোধক ব্যবস্থাগুলো আরোপ করুন।

  통풍이나 환기가 충분하지 않고 가연물이 있는 건축물 내부, 설비 내부에서 용접·용단 등과 같은 화기 작업을 하는 경우 화재예방에 필요한 다음의 사항을 준수함

1. কাজটির জন্য প্রয়োজনীয় প্রস্তুতি নিন এবং একটি কর্ম পরিকল্পনা বানান।
   작업 준비 및 작업 절차 수립
2. কাজের স্থানে বিপজ্জনক পদার্থের ব্যবহার ও সংরক্ষণটি সমীক্ষা করে নিন।
   작업장 내 위험물의 사용·보관 현황 파악
3. দাহ্য পদার্থের বিরুদ্ধে সুরক্ষা ব্যবস্থা আরোপ করুন এবং অগ্নিনির্বাপক সরঞ্জাম হাতের কাছে রাখুন।
   화기작업에 따른 인근 인화성 액체에 대한 방호조치 및 소화기구 비치
4. স্পার্ক শিল্ড বা ঝালাই গার্ড বসিয়ে ফুলকি ছড়িয়ে পড়া রোধ করুন।
   용접불티 비산방지덮개, 용접방화포 등 불꽃, 불티 등 비산방지조치
5. পরিবেশ থেকে দাহ্য বাষ্প সরাতে স্থানটিতে বায়ুচলাচলের ব্যবস্থা করুন।
   인화성 액체의 증기가 남아 있지 않도록 환기 등의 조치
6. কর্মীদেরকে আগুন রোধ এবং জায়গা খালি করার প্রশিক্ষণ দিন।
   작업근로자에 대한 화재예방 및 피난교육 등 비상조치



통풍, 환기용 산소를 사용하면 위험


স্পার্ক শীল্ড
비산방지용 불받이포



사용 전 절차 수립해야



위험물 사용현황 파악



비산 방지 조치



화재에 대비해서 소화기 항상 비치



화재나면 여기로 대피

## অগ্নিনির্বাপন কেন্দ্র 소화설비

- বাড়ী, রাসায়নিক কেন্দ্র, বিপজ্জনক পদার্থ শুকোনোর কেন্দ্র এবং দাহ্য ও বিস্ফোরক বা আগুনের বিপদ ঘটা পদার্থ শোধন করা হয় এমন স্থানে অগ্নিনির্বাপন ইনস্টল করুন।
  건축물, 화학설비 또는 위험물 건조설비가 있는 장소, 그 밖에 위험물이 아닌 인화성 유류 등 폭발이나 화재의 원인이 될 우려가 있는 물질을 취급하는 장소(이하 '건축물 등')에는 소화설비를 설치

### অগ্নিনির্বাপকের প্রকারভেদ
화재분류에 따른 적응 소화기

| | প্রকারভেদ<br>종류 | রঙের সঙ্কেত<br>소화기표시 | নির্বাপনের পদ্ধতি<br>소화방법 | অগ্নিনির্বাপনের কারক<br>적응 소화기 | দ্রষ্টব্য<br>비고 |
|---|---|---|---|---|---|
| 보통화재 A<br>সাধারণ আগুন<br>일반 화재 | ক শ্রেণী<br>A급 | সাদা<br>백색 | কুলিং<br>냉각소화 | অম্ল, ক্ষার, ফোম, পানি<br>산·알카리, 포(泡), 물(주수) 소화기 | কাঠ, ফাইবার, কাগজ থেকে আগুন লাগা<br>목재, 섬유, 종이류 화재 |
| 유류화재 B<br>তেল এবং গ্যাসের আগুন<br>유류 및 가스화재 | খ শ্রেণী<br>B급 | হলুদ<br>황색 | অ্যাসফিক্সিয়েশন<br>질식소화 | কার্বন-ডাই-অক্সাইড, বাষ্পীভূত তরল, পাউডার ফোম।<br>$CO_2$, 증발성 액체, 분말, 포 소화기 | দাহ্য তরল এবং গ্যাস থেকে আগুন লাগা<br>가연성 액체 및 가스 화재 |
| 전기화재 C<br>বৈদ্যুতিক আগুন<br>전기 화재 | গ শ্রেণী<br>C급 | নীল<br>청색 | অ্যাসফিক্সিয়েশন<br>질식소화 | কার্বন-ডাই-অক্সাইড,বাষ্পীয় তরল<br>$CO_2$, 증발성 액체 | বৈদ্যুতিক সরঞ্জাম থেকে আগুন লাগা<br>전기 통전 전기기구 화재 |
| ধাতব আগুন<br>금속 화재 | ঘ শ্রেণী<br>D급 | - | প্রলেপের দ্বারা বায়ু বন্ধ করা<br>피복에 의한 질식 | শুকনো বালি, প্রসারণযোগ্য ভার্মিকুলাইট<br>마른모래, 팽창질석 | দাহ্য ধাতু, যেমন, ম্যাগনেসিয়াম, সোডিয়াম, পটাশিয়াম<br>가연성 금속(Mg, Na, K 등) |

※ আগুনের প্রকার অনুসারে অগ্নিনির্বাপকের শ্রেণীবিভাগ
화재의 종류에 따른 소화기 적용성 분류




화재의 종류에 따라
적합한 소화기를 사용해야 한다.



## শিখা ব্যবহারের নিষেধাজ্ঞা 화기 사용금지

- আগুন লাগতে বা বিস্ফোরণ ঘটতে পারে এমন স্থানে শিখার ব্যবহার একদম করা চলবে না।
  화재 또는 폭발의 위험이 있는 장소에 화기 사용 금지
  - যদি মেরামত বা চালনার উদ্দেশ্যে আগুন লাগা বা বিস্ফোরণ প্রবণ স্থানে শিখার ব্যবহার করতেই হয়, তাহলে আগেই সেই জায়গাটি থেকে দাহ্য ও বিস্ফোরক পদার্থ সরিয়ে ফেলুন এবং হাতের কাছে অগ্নিনির্বাপক রাখুন। কাজটি করার আগে শিখা নিয়ে কাজ করার অনুমতি চেয়ে নেওয়ার দরকার হতে পারে।
  - 화재, 폭발위험 장소에서 부득이 하게 정비, 운전을 위하여 화기사용을 해야하는 경우 사전에 가연성이나 인화성물질을 제거하고, 소화기 비치 등 사전 안전조치를 철저히 한다. 화기작업 절차에 따라 화기작업 허가를 받아서 가능할 수 있다.






## অগ্নি নির্বাপন 방화조치

- স্বলন্ত জিনিস রাখার ধাতুপাত্র, চুল্লি, তাপপ্রয়োগ করার যন্ত্র, দহনচুল্লি ও স্টিলের চিমনীর মত আগুন লেগে যাওয়ার প্রবণতা থাকা কাঠামো ও কেন্দ্র এবং দাহ্য তরলের মধ্যে পর্যাপ্ত দূরত্ব রক্ষা করুন। পরিবর্তে, একটি অদাহ্য পদার্থ দিয়ে অন্তরিত করে নিন।
  화로, 가열로, 가열장치, 소각로, 철제굴뚝, 그 밖에 화재를 일으킬 위험이 있는 설비 및 건축물과 그 밖에 인화성 액체와의 사이에는 방화에 필요한 안전거리를 유지하거나 불연성 물체를 차열(遮熱)재료로 하여 방호




## আগুনের শিখা ব্যবহার হয় এমন স্থানে আগুন প্রতিরোধ 화기사용 장소의 화재 방지

- হীটার বসানো আছে এমন জায়গায় এবং ধোঁয়া তৈরীর স্থানে আগুনরোধী কেন্দ্র বসান।
  흡연장소 및 난로 등 화기를 사용하는 장소에 화재예방에 필요한 설비 설치
- শিখা ব্যবহারের পরে আগুনের সব ঝুঁকিগুলোকে সরান।
  화기를 사용한 사람은 불티가 남지 않도록 뒤처리를 확실하게 처리

## দহনচুল্লি 소각장

- দহনচুল্লিটি অদাহ্য পদার্থ দিয়ে তৈরী হওয়া বা আগুনের ঝুঁকি নেই এমন স্থানে রাখা উচিত।
  소각장 설치 시 화재가 번질 위험이 없는 위치에 설치하거나 불연성 재료로 설치

কাজের আগের নিরাপত্তা পরিদর্শন
작업 전 안전점검

# ভারী বোঝা পরিচালনা করা
중량물 취급 작업

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다
2016-교육미디어-878

Bangladesh

ক্রেনের কাজ বিপজ্জনক যেহেতু এটিতে ভারী বোঝা পরিচালনা করতে হয়। সুরক্ষা ব্যবস্থা আরোপ করা, যথাযথভাবে সঠিক উত্তোলক যন্ত্র ও সরঞ্জাম ব্যবহার করা এবং স্পষ্ট সঙ্কেতপ্রেরণ হচ্ছে কিনা তা নিশ্চিত করতে একটি নির্দিষ্ট কর্মপন্থা তৈরী করাই হল সর্বপ্রধান কাজ।
줄걸이 작업은 중량물을 취급하기 때문에 위험이 크므로 작업 기준이나 작업 계획을 정해서 작업 환경의 안전에 충분히 주의를 기울이고 정확한 줄걸이 방법, 줄걸이 용구의 선정, 명확한 신호 등을 통해 안전한 작업을 하는 것이 무엇보다 중요하다.

**» বড়মাপের নিরাপত্তা ঝুঁকিগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:** 주요 유해·위험 요인

- ভারী বোঝা নামানো বা তোলার সময় হাত বা পা আটকে যাওয়া। বোঝাইয়ে সরঞ্জাম এবং নির্মাণ পৃষ্ঠের মাঝে কর্মীর আটকে পড়া।
  무거운 화물을 들거나 내려놓을 때 손·발 끼임, 하역운반기계와 작업장 바닥 등 건축 구조물 사이 끼임
- কর্মীর সাথে ফর্কলিফ্ট বা ক্রেনের ধাক্কা লাগা। মাল বোঝাইয়ের সময় একটি কার্গো ইউনিট থেকে কর্মীর পড়ে যাওয়া।
  지게차, 크레인 등의 운반기계와 작업자와의 부딪힘, 적재대/운반기계의 상부에서 화물을 싣고 내리던 중 떨어짐
- বোঝা তুলতে ব্যবহৃত ক্ষতিগ্রস্ত বা ক্ষয়ে যাওয়া দড়ি থেকে দুর্ঘটনা ঘটা
  불량한 줄걸이 작업, 손상, 마모 된 로프 사용 등에 따른 재해 위험
- ভার বহন করার সময় বেশি চাপ পড়ে খিঁচ লাগায় ভোগা। বোঝাগুলোর তীক্ষ্ণ তল বা অত্যন্ত বেশি তাপমাত্রা থেকে আহত হওয়া। বোঝায় হোঁচট খাওয়া।
  화물운반 중 무리한 동작으로 인한 요통, 화물 자체의 특성(뜨거움, 차가움, 거침, 날카로움)에 의한 노출, 화물에 걸려 넘어짐





## ☑ সুরক্ষা তালিকা 안전점검 체크리스트

| পরিদর্শনের বিষয় 점검항목 | পরিদর্শনের ফলাফল 점검결과 | সতর্কতা 조치사항 |
|---|---|---|
| নিরাপত্তা কার্যকারিতা বা পরিবহণ কেন্দ্রগুলো কি সঠিকভাবে কাজ করছে? যেমন অতিরিক্ত ভার প্রতিরোধক যন্ত্র।<br>과부하방지장치 등 중량물 운반설비의 방호장치는 정상작동하고 있는가? | | |
| তারের দড়িতে কি কোন ক্ষতি বা চিড় দেখা দিয়েছে? বোঝাগুলো কি দড়ি দিয়ে শক্তভাবে বাঁধা রয়েছে?<br>로프(섬유, 와이어 등)는 손상, 균열 등 끊어질 위험이 없으며 줄걸이 방법이 적정한가? | | |
| ভারী মাল সামলানো হয় এমন স্থানে কি প্রবেশ নিয়ন্ত্রিত রয়েছে? যথাযথ স্থানে কি উপযুক্ত নিয়ন্ত্রণের ব্যবস্থা রয়েছে?<br>중량물 취급 장소에 다른 근로자가 위치하지 않으며 접근통제 조치가 되고 있는가? | | |
| বোঝাটি নিজেই কি অত্যন্ত গরম হওয়ায় বা ঘষা খাওয়ার তল থাকায় একটি নিরাপত্তা ঝুঁকি সৃষ্টি করে?<br>중량물 자체 위험(뜨거움, 차가움, 거침, 날카로움 등)이 없는가? | | |
| কর্মীর দৃষ্টির পাল্লা কি বোঝায় আটকে যাচ্ছে?<br>중량물이 작업자의 시야를 가리지 않는가? | | |
| পরিবহণের পথটি কি বাধামুক্ত রয়েছে?<br>중량물 운반 이동 경로에 방해물(정리정돈)은 없는가? | | |
| কাজ শুরু করার আগে কি ভারী বোঝা পরিবহণের প্রশিক্ষণ দেওয়া হয়েছে?<br>작업 전 중량물 취급 운반 작업에 관한 교육을 이수 하였는가? | | |
| 100 কেজির থেকে বেশি ওজনবিশিষ্ট ভার পরিচালনার সময় কি কোন কাজের সমন্বয়কারীকে নিয়োগ করা হয়েছে?<br>무게가 100KG 이상인 중량물 취급 작업 시 작업지휘자가 배치되어 있는가? | | |
| মাল সরানোর জন্য কি ঠেলাগাড়ী ও ফর্কলিফ্টের মত পরিবহণের সরঞ্জাম সক্রিয়ভাবে ব্যবহার করা হচ্ছে?<br>중량물 운반 시 이동대차 등 운반 보조기계 · 기구를 적극 사용하고 있는가? | | |
| পরিবহণের দূরত্ব কি কমানো হয়েছে?<br>중량물 이동 시 운반거리를 최소화 하였는가? | | |

# ভারী বোঝার নিরাপদ পরিচালনা
중량물 취급 작업 안전

## দুর্ঘটনার সাধারণ কারণ 주요 재해발생 원인

- পরিবর্তনশীল ভঙ্গিমা এবং অত্যন্ত ভারী বোঝা
  불안전한 작업 자세, 무리한 중량물 취급
- সরঞ্জামের ভুল ব্যবহার
  잘못된 운반기구의 사용
- স্পষ্ট দৃষ্টির পাল্লা ছাড়াই ভারী বোঝা পরিচালনা করা
  전방시야가 확보되지 않은 상태에서 중량물 취급
- ভালোভাবে না আটকানো বোঝা পড়ে যাওয়া
  결속상태가 불량한 물건의 떨어짐
- ভারী বস্তু পরিচালনার সাথে জড়িত ঝুঁকিগুলো সম্পর্কে যথেষ্ট জ্ঞান না থাকা।
  취급물의 유해·위험성에 대한 지식 부족
- বিশৃঙ্খল স্থানে ভারী বোঝা পরিচালনা করা
  정리정돈이 불량하고 좁은 장소에서의 중량물 취급
- ভারী বোঝা পরিচালনা করা নিয়ে পর্যাপ্ত প্রশিক্ষণ না থাকা
  중량물 취급 운반 작업에 관한 교육 불충분 등



## ভারী কার্গোর কাজে দুর্ঘটনা প্রতিরোধ 중량물 취급 작업 재해예방 대책

| | |
|---|---|
| **পতন**<br>넘어짐 재해 예방 | ① পরিবহণ এবং পরিচালনার মনোনীত পদ্ধতিটিই ব্যবহার করা<br>지정된 화물 운반·취급방법 준수<br>② হস্তচালিত কার্গোর কাজের সঠিক পদ্ধতি ব্যবহার করা<br>올바른 인력운반방법 숙지<br>③ পথগুলো শৃঙ্খলাবদ্ধ ও পরিষ্কার করে রাখা<br>통행로 정리정돈<br>④ স্থানচ্যুতি রোধ করতে কার্গো সরঞ্জামে বোঝা শক্তভাবে আটকানো<br>이동대차 과적금지 및 화물이탈 방지를 위한 결속 |
| **বস্তু/রাবিশ পড়া**<br>떨어짐 재해 예방 | ① কার্গোর কাজের জন্য উত্তোলক যন্ত্র ব্যবহার করা<br>상·하차, 적재작업 시 승강설비 사용<br>② কার্গোর প্রকার অনুসারে বোঝাইয়ের পদ্ধতি আরোপ করা<br>적재물 종류별 적재방법 규정<br>③ সেফটি হেলমেট ও সেফটি বুটের মত সুরক্ষাকারী সরঞ্জামের বন্দোবস্ত রাখা<br>안전모, 안전화 등 개인보호구 지급 |
| **সংকোচন**<br>끼임 재해 예방 | ① কার্গো সরঞ্জামে সুরক্ষার যন্ত্র ব্যবহার ও রক্ষণাবেক্ষণ করা<br>화물운반기계 각종 방호장치 정상 기능 유지·사용<br>② রক্ষণাবেক্ষণ এবং পরিদর্শনের জন্য বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন করা; "চালাবেন না" চিহ্ন বসানো<br>수리·점검 중 전원 차단 및 "조작금지" 표지판 부착<br>③ ফর্কলিফ্টে সীট বেল্টের ব্যবহার; শুধুমাত্র লাইসেন্সপ্রাপ্ত কর্মীদের দ্বারাই ফর্কলিফ্ট চালানো<br>지게차 안전벨트 착용 및 무자격자 운전 금지 |
| **সংঘর্ষ**<br>부딪힘 재해 예방 | ① ফর্কলিফ্টের গতিসীমা মেনে চলা<br>지게차 제한 속도 준수<br>② ক্রেন চালনায় পদ্ধতিমাফিক সঙ্কেতপ্রেরণ<br>크레인 일정한 신호방법 준수<br>③ ক্রেন চালানোর স্থানে অননুমোদিত কর্মীদের প্রবেশ রোধ করা; কোন বিপজ্জনক মহড়া করা যাবে না<br>크레인 작업반경내 출입금지 및 급격한 조작금지<br>④ ফর্কলিফ্ট এবং পথচারীদের পথের পরিচালনা করা<br>지게차와 보행자 운행통로 구획 관리 |

OPEN 공공누리

# কাঠের কাজের শ্রমিকদের জন্য প্রতিরক্ষামূলক সরঞ্জাম

목제품 제조(목재가공) 관련 종사자를 위한 개인보호구

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다

2016-교육미디어-877

Bangladesh

## নিরাপত্তা ব্যবস্থা 보호 방법

### প্রতিরক্ষামূলক পোশাক
보호복

- ফিট হওয়া কাজের পোশাক।
  몸에 밀착되는 작업복을 착용한다.
- সমস্ত আনুষাঙ্গিক সরঞ্জাম অপসারণ করুন। লম্বা চুল পিছনে রাখুন যাতে সেটি সরঞ্জামে আটকে না যায়।
  장신구와 반지 등은 빼고, 머리카락이 긴 경우에는 짧게 고정시켜서 장비에 끼이지 않도록 한다.
- আপনার পোশাক পরিচ্ছদ পরিষ্কার ও ঠিকঠাক রাখুন যাতে ধুলো বা কোনো টুকরো থেকে রক্ষা করা যায়।
  작업복을 단정하게 입어서 목재 분진과 파편으로부터 신체를 보호한다.
- গুঁড়ির আঘাতে বা প্রক্ষেপিত উপাদানের কারণে ছিঁড়ে যেতে পারে বা ঘষে যেতে পারে। প্যাড দেওয়া চামড়ার বর্হিবাস, লম্বা হাতা ও লম্বা প্যান্ট পড়ে আপনার শরীর রক্ষা করুন।
  열상, 찰과상, 목재의 반발 및 기타 재료와의 부딪힘 으로부터 신체를 보호하기 위해서 보호 패드 또는 두꺼운 가죽으로 된 가슴 받이가 있는 앞치마, 긴소매, 긴바지를 착용한다.




### চোখ ও মুখের সুরক্ষা
눈과 안면 보호

- চোখ ও মুখ টুকরো, ভাঙা ব্লেড এবং করাতের ধূলো থেকে সুরক্ষার জন্য সাইড গার্ড সহ গগলস্ পড়ুন এবং ফেস গার্ড পড়ুন।
  눈 및 안면을 파편, 부러진 톱날, 목분진 등과 같은 위험 요소로부터 보호하기 위해서 측면 보호대가 있는 보안경(또는 고글형 보안경)과 안면 보호구를 착용해야 한다.

### শ্রবণশক্তির সুরক্ষা
청력보호

- আপনার শ্রবণশক্তির সুরক্ষার জন্য ইয়ারপ্ল্যাগ বা ইয়ারমাফ পড়ুন। কাঠ কাঠার সময় যে শব্দ হয় তা থেকে আপনার শ্রবণশক্তি নষ্ট হয়ে যেতে পারে।
  청력을 보호하기 위해서 귀마개 또는 귀덮개를 착용한다. 목재가공용 기계·기구 등에서 발생하는 소음으로 인해서 청력이 손상될 수 있다.

### পায়ের সুরক্ষা
발 보호

- আপনার গোড়ালি, পা ও পায়ের আঙুলের সুরক্ষার জন্য এন্টি-স্লিপ সোলের সেফটি বুট পড়ুন।
  발목, 발바닥, 발가락을 보호하기 위해서 미끄럼 방지 부츠형 안전화를 착용한다.

### শ্বাসতন্ত্রের সুরক্ষা
호흡기 보호

- করাতের থেকে নির্গত ধুলো ও রাসায়নিক থেকে আপনার শ্বাসযন্ত্র সুরক্ষিত রাখতে উপযুক্ত সুরক্ষা স্তরের রেসপটরি ব্যবস্থা ব্যবহার করুন।
  사업주는 근로자들이 작업에 필요한 올바른 호흡용 보호구를 제대로 밀착시켜 착용하도록 해야 한다.

### কর্মক্ষেত্রে ক্ষতিকারক পদার্থ
작업장소의 유해 물질 정보

- পেইন্ট, সমাপক, আঠালো এবং সলভেন্টের মতো ক্ষতিকারক উপাদান ব্যবহার হয় এমন সমস্ত অবস্থানগুলোতে উপাদান নিরাপত্তার তথ্য পত্র (MSDS) উপলভ্য রাখা আবশ্যক। সমস্ত কর্মক্ষেত্র ও কেন্দ্রে উপযুক্ত নিরাপত্তা এবং স্বাস্থ্য নিরাপত্তার চিহ্ন থাকা আবশ্যক। কন্টেইনারগুলোতে অবশ্যই স্পষ্টভাবে উপযুক্ত সতর্কতা লেবেল লাগানো থাকতে হবে।
  작업장소에서 페인트, 마감재, 접착제, 솔벤트 등과 같은 유해 물질을 사용하는 경우에, 물질안전보건자료(MSDS)를 확인하고 이에 필요한 안전보건표지 등을 작업장소 및 시설에 부착하고 보관 용기에 경고표시를 해야 한다.

### Safety Tips

কাঠের কাজের যন্ত্রপাতিতে গ্লাভস আটকে যাওয়ার ঝুঁকি থাকলে গ্লাভস পড়বেন না। যন্ত্রে গ্লাভস আটকে গেলে আপনার হাতও যন্ত্রের মধ্যে ঢুকে যাবে।

목재가공용 기계·기구에 감길 위험이 있는 경우에는 장갑 을 착용하지 않는다. 동작 중인 기계·기구 등에 장갑 함께 손이 감길 수 있다.

OPEN 공공누리

산업재해예방 안전보건공단

# খাদ্য ও পানীয়ের পরিষেবা কর্মীদের জন্য ব্যক্তিগত প্রতিরক্ষা সরঞ্জাম

음식서비스 종사자(사업주, 종업원, 안내원)를 위한 개인보호구

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다
2016-교육미디어-876

Bangladesh

## সুরক্ষা 보호 방법

### পায়ের সুরক্ষা
발 보호

- কাজের সাথে মানানসই ফুটওয়্যার ব্যবহার করুন ও ভালো ভাবে রাখুন।
  안전화는 수행하는 작업 종류에 적합해야 하고 양호 한 상태로 관리해야 한다.

- খাবার টুকরো, পানীয় ছিটকে পড়া এবং তেল পড়ে থাকতে পারে এমন মেঝেতে পিছলে পড়ে যাওয়া আটকাতে এন্টি-স্লিপ সোলের জুতো পড়ুন।
  음식물, 음료수, 윤활제, 오일 등으로 오염된 바닥에서 미끄러짐, 헛디딤, 떨어짐 등을 방지하기 위해 미끄럼 방지 밑창이 있는 안전화를 착용 해야 한다.
- গরম তরল ছিটকে লেগে সহজেই পুড়ে যায়। গরম তরলে সিন্থেটিকের কাপড় যেমন নাইলন বা পলিয়েস্টার গলে যায় এবং যার কারণে সেটি ত্বকের সঙ্গে লেগে যায়। পুড়ে যাওয়া এড়াতে, পায়ের পাতা বন্ধ চামড়ার জুতো পড়ুন।
  뜨거운 액체를 쏟는 경우에 천을 통해서 화상을 입을 수 있다. 가령 나일론이나 폴리에스테르와 같은 합성 섬유 물질이 녹아서 피부에 달라붙을 수 있다. 화상을 방지하기 위해서는 안전화 상단이 구멍 문양이 없고 튼튼한 가죽으로 된 것으로 착용해야 한다.
- ভারী জিনিসপত্র বহন এবং ঠেলা ও টানার কাজ করার সময় এন্টি-স্লিপ সোলের ফুটওয়্যার পড়ুন।
  무거운 음식 등을 들거나, 운반하거나, 밀거나, 당길 때는, 미끄럼 방지 안전화를 착용해야 한다.
- সমতল হিলের জুতো পড়ে উঁচু হিলের জুতোর থেকে ভালো ভাবে দাঁড়ানো যায় এবং হাঁটাচলা করা যায়।
  굽이 낮은 안전화를 착용하면 서있거나, 걷거나, 계단이나 경사로를 오를 때 편안하다.

শুকনো কাপড় দিয়ে গরম বস্তু স্পর্শ করা বা পোড়া থেকে আপনার হাত সুরক্ষিত করুন।
마른 천을 사용해서 화상으로부터 손을 보호한다.



প্যাটার্ন করা সোল পিছলে পড়া আটকানোর থেকে বেশী কার্যকরী।
뚜렷한 패턴(형태)의 밑창은 미끄러짐을 방지한다.

### হাতের সুরক্ষা
손 보호

- আপনার হাত পুড়ে যাওয়া থেকে রক্ষা করতে পরিষ্কার শুকনো কাপড় ব্যবহার করুন অথবা গরম ডিশ বা ট্রে নিয়ে যেতে সাঁড়াশি ব্যবহার করুন।
  뜨거운 그릇, 접시, 쟁반을 나를 때, 마른 천, 집게 등의 손 보호구를 사용하여 손을 보호한다.

### প্রতিরক্ষামূলক পোশাক
보호복

- বাইরে কাজ করার সময় উপযুক্ত পোশাক ও জুতো পড়ুন। (যেমন বাইরে খাদ্য ও পানীয় পরিবেশন করার সময়)
  외부에서 작업하는 경우, 근무 환경에 맞는 작업복과 안전화를 착용한다.
  (예 : 실외에서 식음료 운반을 하거나 안내를 하는 등)

OPEN 공공누리

산업재해예방 안전보건공단

# বনকর্মীদের জন্য ব্যক্তিগত সুরক্ষার সরঞ্জাম

임업 관련 종사자를 위한 개인보호구

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다

2016-교육미디어-875

Bangladesh

## সুরক্ষা 보호 방법

### পোশাক
복장

- আনুষঙ্গিক জিনিস এবং অলঙ্কার খুলে রাখুন।
  장비나 나뭇가지에 장신구와 반지 등이 걸리지 않도록 벗는다.
- এমন আরামদায়ক কাজের পোশাক পরুন যা ভালোভাবে খাপ খায়।
  자유롭게 움질일 수 있도록 몸에 맞는 편안한 작업복을 착용한다.

### উচ্চ দৃষ্টির পাল্লা বিশিষ্ট কাজের পোশাক
시인성(먼 거리에서도 잘 보이는 정도)이 높은 작업복

- উচ্চ দৃষ্টির পাল্লা বিশিষ্ট কাজের পোশাক পরুন যা দূর থেকে দেখতে পাওয়া নিশ্চিত করতে কাজের পরিবেশের সাথে বৈষম্যপূর্ণ হয়।
  작업 환경과 대비되는 색상의 시인성이 높은 작업복을 착용해서 멀리서도 보일 수 있도록 한다.
- নিম্নলিখিত ক্ষেত্রগুলোতে উচ্চ দৃষ্টিগ্রাহ্য কাজের পোশাক পরুন।
  다음과 같은 경우, 시인성이 높은 작업복을 착용한다.

- যানবাহন বা চলমান মেশিনারির আশেপাশে কাজ করার সময়। বনে কাজ করার সময়।
  자동차 주변, 이동식 장비 주변, 숲속에서 작업할 때
- একা বা অন্যদের থেকে দূরে কাজ করার সময়।
  단독 작업 또는 다른 사람들과 떨어져서 작업할 때
- রাত্রিবেলায় গাছ কাটার সময়।
  야간에 벌목 작업을 할 때
- কাজের স্থানের মধ্যে দিয়ে ভিড়কে রাস্তা দেখানোর সময়।
  작업 지역을 지나는 차량이 있거나 떨어지는 물체가 있어 통제를 할 때




### পায়ের সুরক্ষা
다리 보호

- চেন করাত নিয়ে কাজ করার সময় সুরক্ষাকারী প্যান্ট বা চামড়ার অ্যাপ্রনের মত পায়ের সুরক্ষাকারী বস্তু ব্যবহার করুন।
  기계톱으로 작업할 때, 안전 바지, 가죽 덧바지, 또는 베임 방지 재질의 앞치마와 같은 다리 보호구를 착용한다. ('가죽 덧바지'와 '앞치마'는 종종 같은 의미로 사용된다.)

- আপনার পায়ের সুরক্ষাকারী বস্তুটির আপনার পায়ের গোড়ালির উপর থেকে 7.5 সেমি উপরে কুঁচকি পর্যন্ত এবং সামনের দিক ও পাশগুলো ঢেকে রাখা উচিত।
  베임 방지 재질의 다리 보호구가 바지 가랑이 부위 부터 발목 위 7.5cm까지의 다리 전면과 옆면을 보호 할 수 있는지 확인한다.
- আপনার পায়ের সুরক্ষাকারীটি যেন আলগা হয়ে না থাকে বা কাজ করার সময় নড়াচড়া না করে।
  베임 방지 재질의 다리 보호구가 다리를 제대로 보호할 수 있도록 작업 중에 보호구가 헐렁하게 움직이지 않아야 한다.
  - সুরক্ষাকারী প্যান্টগুলো হল সব থেকে নিরাপদতম ও সুরক্ষিত বিকল্প।
    안전 바지는 많이 움직이지 않으므로 안전 바지 착용을 고려한다.
  - চামড়ার অ্যাপ্রন আপনার পায়ের ফাঁকে দুমড়ে যেতে পারে। শক্ত করে বন্ধনীগুলো বেঁধে নিন এবং এটিকে শক্তভাবে বেঁধে রাখতে প্রয়োজনমত ঠিক করে নিন।
    가죽 덧바지는 다리 둘레에 꼬일 수 있다. 고정끈을 단단히 조이고, 수시로 조절해서 고정되도록 한다.
- আপনার পায়ের সুরক্ষাকারীটি কাজ করার পক্ষে আরামদায়ক হলেও, এটি যেন সুরক্ষার ঝুঁকি সৃষ্টি করতে আলগা হয়ে না থাকে।
  다리 보호구는 작업 활동이 자유롭도록 충분히 편안해야 하지만 너무 느슨하여 안전에 위험이 되어서는 안된다.
- আপনি যদি দাবানল নিয়ন্ত্রণের কাজ করেন, তাহলে তখন একটি শিখানিরোধী পায়ের সুরক্ষাকারী ব্যবহার করুন।
  산불을 진화하는 경우에, 다리 보호구는 방염 재질로 되어있어야 한다.

산업재해예방 안전보건공단

## পায়ের সুরক্ষা
발 보호

- আপনার গোড়ালি, পায়ের তলা এবং পায়ের পাতা রক্ষা করতে সেফটি বুট পরুন। অন্ততঃ 20 সেমি উঁচু হীলসমেত একটি জুতো বেছে নিন যা আপনার গোড়ালিকে সুরক্ষিত রাখবে।
  발목, 발바닥, 발가락을 보호하기 위해서 안전화를 착용한다. 최소한 20cm 이상 높이의 부츠형 안전화를 착용하면 발목을 잘 보호할 수 있다.

> • চেন করাত নিয়ে কাজ করার সময় চেন করাত চালকদের জন্য বিশেষভাবে প্রস্তুত সেফটি বুট পরুন।
> 기계톱으로 작업할 때는 기계톱 보호용 안전화를 착용한다.
>
> • কাঠের গুঁড়ি, থাম এবং অন্যান্য কাঠের জিনিস নিয়ে কাজ করার সময় পিছলে যাওয়া ও অন্যান্য ধারালো খোঁচা থেকে সুরক্ষা দিতে পারে এমন ধূলোরোধকারী সেফটি বুট পরুন।
> 통나무, 기둥, 말뚝, 또는 기타 둥근 목재 위를 걸을 때 방진 기능과 미끄러짐, 찔림 등의 위험으로부터 효과적으로 보호할 수 있는 안전화를 착용한다.




## মাথার সুরক্ষা
머리 보호

- আপনার মাথায় যাতে রাবিশ না পড়ে তার জন্য একটি সেফটি হেলমেট পরুন। আপনার মাথায় এটিকে শক্তভাবে বসিয়ে রাখতে চিবুকের ফিতেটি আটকান।
  떨어지거나 날아오는 나뭇가지, 나무줄기 등의 위험으로부터 보호하기 위해서 안전모를 착용해야 하며, 착용 시에는 턱끈을 조여 벗겨지지 않도록 한다.
- ফেসগার্ড ও কানটুপি থাকা সেফটি হেলমেটের ব্যবহার প্রস্তাবিত। নাহলে, কান টুপি ও ফেস গার্ডের সাথেও একটি হেলমেট পরা যেতে পারে।
  안전모는 귀덮개와 안면 보호기능이 있는 것을 권장 한다.
  (기능이 분리된 각각의 보호구 착용 가능)
- আপনার কাজের পরিবেশের সাথে পার্থক্যপূর্ণ একটি সেফটি হেলমেট পরুন। 작업 환경과 대비되는 색상의 안전모를 착용한다.

## চোখ এবং মুখের সুরক্ষা
눈 및 안면 보호

- আপনার চোখ এবং মুখকে জঞ্জালের হাত থেকে বাঁচাতে গগলস এবং ফেসগার্ড পরুন।
  날아오는 파편으로부터 눈 및 안면을 보호하기 위해서 보안경과 안면 보호구를 착용한다.

## শ্রবণশক্তির সুরক্ষা
청력 보호

- চেন করাতের মত যন্ত্রের মারাত্মক আওয়াজে থাকলে তখন কানটুপি বা ইয়ারপ্লাগ পরুন।
  기계톱을 사용하거나 주변에 소음이 심한 장비가 있어서 강렬한 소음에 노출되는 경우에 귀덮개 또는 귀마개를 착용한다.

## হাতের সুরক্ষা
손 보호

- আপনার হাতকে আঘাত, রাবিশ, কম্পন, ঠান্ডা, আর্দ্রতা ও বিষাক্ত গাছ থেকে বাঁচাতে আরামদায়ক ও ব্যবহারিক সুরক্ষা দস্তানা পরুন। পলিশার, চেন করাত, তারের দড়ি বা ধাতব বস্তু পরিচালনার সময় সুরক্ষা দস্তানা পরুন।
  자상, 찰과상, 파편 조각, 진동, 추위, 습기, 독성 식물로부터 손을 보호하거나, 연마 작업 및 기계톱을 다루거나, 와이어 로프 또는 금속 물체를 다루는 경우에 손을 보호하기 위해서 착용감과 사용감이 좋은 안전 장갑을 착용해야 한다.
- সুরক্ষা দস্তানাটিকে অবশ্যই কম্পনের হাত থেকে বাঁচাতে হবে। 진동 보호 기능이 있어야 한다.

## শ্বাসতন্ত্রের সুরক্ষা
호흡기 보호

- আগাছানাশক ও কীটনাশকের মত রাসায়নিক পদার্থ স্প্রে করার সময় একটি শ্বাসমুখোশ পরুন। যদি কোন কাজের জন্য শ্বাসমুখোশের দরকার হয়, তাহলে নিয়োগকারীকে অবশ্যই কর্মচারীদের জন্য যথাযথ শ্বাসমুখোশ বাছাই করে দিতে হবে। শ্বাসমুখোশের সঠিক ব্যবহার, রক্ষণাবেক্ষণ এবং সংরক্ষণ নিয়ে কর্মচারীদেরকে অবশ্যই প্রশিক্ষণ নিতে হবে।
  수목 관리를 위해서 화학 물질을 분사할 때는 호흡 유해인자로부터 호흡기를 보호하기 위해서 호흡용 보호구를 착용해야 한다. 만일 호흡용 보호구를 착용할 필요가 있다면, 사업주는 작업 내용에 적합한 것으로 선정하여 근로자에게 지급해야 한다. 근로자는 호흡용 보호구 착용 방법, 세척 방법, 유지·보수, 보관 방법 등을 포함해서 올바른 사용법을 교육받고 착용해야 한다.

# মাথা, চোখ, মুখ, হাত এবং পা
머리, 눈, 안면, 손과 발

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다
2016-교육미디어-874
Bangladesh

## মাথা, চোখ, এবং মুখ
머리, 눈, 안면

### প্রতিরক্ষা পদ্ধতি 보호 방법

#### মাথার সুরক্ষা
머리 보호

- আপনার চুল ছোট রাখুন।লম্বা চুল পিছনে বেঁধে রাখুন কারণ কপিকল, শক্তিশালী কপিকল বা গুটিয়ে রাখার যন্ত্রে আটকে যেতে পারে।
  머리카락을 짧게 하거나 뒤로 묶어서 구동 풀리(pully), 권양기, 양망 등을 감을 때 사용하는 캡스턴(capstan) 등에 감기지 않도록 한다.

#### চোখ ও মুখের সুরক্ষা
눈 및 안면 보호

- কাজ করার জন্য গগলস্ পড়ে কাজ করুন।
  작업 종류에 적합한 보안경을 착용한다.
  - পালিশ করার কাজ অথবা সূঁচালো বা বিপজ্জনক জিনিস নিয়ে কাজ করার সময় সাইড গার্ড দেওয়া গগলস্ পড়ে নিন।
    연마 작업, 고정되지 않았거나 날카로운 물체를 다룰 때에는 측면 보호대가 있는 보안경 또는 고글형 보안경을 착용한다.
- বিপজ্জনক পদার্থ নিয়ে কাজ করার আগে উপাদান নিরাপত্তার তথ্য শীট (MSDS) চেক করুন। চোখ ও মুখের কী ধরনের সুরক্ষার প্রয়োজন তা দেখতে লিখিত সমস্ত সতর্কতা ও নির্দেশাবলী চেক করুন।
  유해·위험 물질을 다룰 때에는, 물질 안전 보건 자료(MSDS: Material Safety Data Sheet) 또는 경고표시를 확인해서 눈과 얼굴 보호가 필요한지 확인한다.



### প্রাথমিক নিরাপত্তা 안전에 관한 간단한 정보

- সূর্যের তীক্ষ্ণদৃষ্টি এড়াতে টিন্টেড চশমা বা সানগ্লাস পড়ুন।
  직사 광선에 의한 눈부심을 감소시키기 위해서 착색 보안경 또는 선글라스 착용을 고려한다.
- সরাসরি সূর্যালোক থেকে আপনার মুখ বাঁচানোর জন্য বেসবলের টুপি, সেফটি হ্যাট বা চওড়া-ব্রিমড টুপি পড়ুন।
  직사 광선 또는 흐린 날씨에도 얼굴 보호를 위해서 모자(야구 모자, 안전모 또는 챙이 넓은 모자)를 착용한다.
- সানস্ক্রিন লাগান।
  자외선 차단제를 바른다.
  - সূর্য থেকে নিজেকে রক্ষা করুন এমনকি মেঘাচ্ছন্ন দিনেও।
    여름 및 흐린날 포함
  - দীর্ঘক্ষণ সূর্যের আলোতে থাকলে ত্বকের ক্যান্সার হতে পারে।
    직사 광선에 장기간 노출되면 피부암이 발생할 수 있다.

# হাত এবং পা
손과 발

## প্রতিরক্ষা পদ্ধতি 보호 방법

### হাতের সুরক্ষা
손 보호

- সরঞ্জাম বা মাছ নিয়ে কাজ করার থেকে ত্বকের ক্ষতি হওয়ার কোনো ঝুঁকি থাকলে গ্লাভস বা রিস্ট গার্ড পড়ুন।
  아래와 같이 장비, 장치, 또는 생선 등에 의해서 피부가 손상을 입을 수 있는 경우, 장갑과 보호용 토시를 착용해야 한다.
  - দড়ি নিয়ে কাজ করা
    로프와 같이 움직이는 줄을 다룰 때
    - দড়ি থেকে হাতে দাগ পড়ে যেতে পারে।
      모든 종류의 로프는 화상을 입힐 수 있다.
    - তারের দড়ির ফলে ত্বকে আঘাত লাগতে পারে বা কেটে যেতে পারে।
      와이어 로프에는 앞으로 삐져나온 끊어진 와이어가 있어서 피부에 박히거나 베일 수 있다.
  - মাছ ধরা ছিপ, মাছ ধরার আংটা, মাছ বা টোপ নিয়ে কাজ করা
    낚시대를 다룰 때(낚시 할 때), 낚시 바늘이나 물고기를 다룰 때, 또는 미끼를 다질 때
  - হোস দিয়ে ডেক পরিষ্কার করা
    호스로 갑판을 청소할 때
  - জাল নিয়ে কাজ করা, নৌকা নোঙর করা বা শামুক বের করা/ছাড়ানো
    그물을 다룰 때, 부두에 배를 고정시킬 때, 따개비(barnacle) 제거 작업시 베이지 않도록 할 때
- কাজ করার জন্য সংগতিপূর্ণ গ্লাভস পড়ে কাজ করুন।
  작업 내용에 적합한 장갑을 선택한다.
  - ঠাণ্ডা পানি, মাছের হাড়, জাল বা দড়ি নিয়ে কাজ করার সময় সেফটি ল্যাটেক্স গ্লাভস পড়ুন।
    물기, 생선의 뼈, 차가운 냉기, 그리고 그물이나 줄 같은 장비를 사용할 때는 (고품질의) 보호용 고무 장갑을 착용한다.
  - তুলোর আস্তরণ সহ ল্যাটেক্স গ্লাভস আদর্শ সুরক্ষা ও স্বস্তি প্রদান করে।
    고무 장갑 안쪽에 천으로 된 장갑을 착용하면 착용감도 좋아진다.



### পায়ের সুরক্ষা
발 보호

- পিচ্ছিল ডেকে কাজ করার সময় অ্যান্টি-স্লিপ সোলের ওয়াটার প্রুফ রাবার বুট পড়ুন।
  갑판 표면이 미끄러운 경우, 방수 및 미끄럼 방지 처리된 안전화(흡착식 밑창이 달린 고무장화 등)를 착용한다.



OPEN 공공누리

# ফিশারি শ্রমিকদের জন্য ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম
어업 관련 종사자를 위한 개인보호구

# শ্রবণ
청력

조심조심 코리아
작업 전 안전점검 당신의 생명을 지킵니다
2016-교육미디어-873

Bangladesh

## ফিশারি শ্রমিকদের প্রচণ্ড আওয়াজের ফলে শ্রবণ শক্তি হ্রাস 어업 관련 종사자의 소음성 난청

মাছ ধরার নৌকায় অনবরত শব্দ হয়। দীর্ঘক্ষণ প্রচণ্ড শব্দের সংস্পর্শে থাকার কারণে শ্রবণ শক্তি নষ্ট হতে পারে।
어선에서는 큰 소음이 항상 발생하고 있으며 장시간 노출되면 소음성 난청이 발생할 수 있다.

- যদি প্রচণ্ড আওয়াজের সম্ভাবনা থাকে তাহলে ইয়ারপ্ল্যাগ বা ইয়ারমাফ পড়ুন। প্রচলিত ইয়ারপ্ল্যাগ বা ইয়ারমাফ হয়তো উপযুক্ত না হতেও পারে কারণ এটির ফলে আপনার জাহাজের কর্মীদের সঙ্গে আপনার যোগাযোগ ব্যাহত হতে পারে। এমন ইয়ারপ্ল্যাগ বা ইয়ারমাফ ব্যবহার করুন যা প্রচণ্ড শব্দ থেকে আপনার শ্রবণশক্তি রক্ষা করে এবং অন্যদের সঙ্গে যোগাযোগে সমস্যা করে না।
  장시간 소음에 노출되는 경우에는 귀덮개나 귀마개와 같은 청력 보호구를 착용해야 한다. 일반적인 귀덮개나 귀마개는 적합하지 않을 수 있다. 이런 종류의 것들은 소리를 너무 차단해서 다른 선원들과 대화를 제대로 나누지 못할 수 있다. 소음을 줄이면서도 장비와 사람들 소리를 들을 수 있도록 제작된 귀덮개와 귀마개를 사용한다.
- গান শোনার ইয়ারফোন (ইয়ারবাড) ইয়ারপ্ল্যাগ বা ইয়ারমাফ হিসেবে ব্যবহার করার জন্য উপযুক্ত নয়। ইয়ারফোন (ইয়ারবাড) যে কেবল অন্যদের সঙ্গে আপনার যোগাযোগ ব্যাহত করবে তা নয়, যদি জোরে গান শোনা হয় তাহলে শ্রবণশক্তি নষ্ট হয়ে যেতে পারে।
  (음악 감상용) 이어폰(이어 버드)은 청력 보호구로 적절하지 않으며 긴급 경고 신호나 동료들의 대화를 들을 수 없다. 또한 이어폰을 통해서 음악을 큰 소리로 들으면 청력이 손상된다.

## মাছ ধরার নৌকায় শব্দের সাধারণ স্তর 대표적인 어선의 소음수준

- যদি 85dBA বা তার বেশী শব্দ দীর্ঘ সময় ধরে শুনতে থাকেন তাহলে প্রচণ্ড আওয়াজের কারণে শ্রবণশক্তি হারাতে পারেন।
  85dBA 이상의 소음에 장시간 노출되는 경우에 소음성 난청이 발생할 수 있다.

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| কম্প্রেসার 압축기 | 90 ~ 105 dBA | ডেক 갑판 | 88 ~ 100 dBA | শক্তিশালী কপিকলবিশেষ 권양기 | 90 ~ 100 dBA | জাহাজ মেরামত 선박 수리시 | 70 ~ 100 dBA |
| ইঞ্জিন রুম 엔진실 | 90 ~ 114 dBA | সংযোগপথ 통로 | 75 ~ 80 dBA | হুইলহাউস 조타실 | 80 ~ 90 dBA | ঘুমের সময়সীমা 잠자는 장소 | 50 ~ 80 dBA |

※ শব্দপূর্ণ কাজ: পেশাগত নিরাপত্তা বা স্বাস্থ্যের আইন অনুসারে "শব্দপূর্ণ কাজ" এর মানে হল 85dBA বা তার বেশী শব্দমাত্রায় আট ঘণ্টার কাজ।
소음작업 : 산업안전보건법에는 1일 8시간 작업을 기준으로 85dBA 이상의 소음이 발생하는 작업을 말한다.



ফিশারি শ্রমিকদের জন্য ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম
어업 관련 종사자를 위한 개인보호구

# লাইফ জ্যাকেট – ব্যবস্থাপনা
구명 조끼(구명 동의) – 관리

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다
2016-교육미디어-872

Bangladesh

## লাইফ জ্যাকেটের উপযুক্ত ব্যবহার ও ব্যবস্থাপনা 구명 조끼(구명 동의) 관리를 위해서 해야할 일

- লাইফ জ্যাকেটের বিশেষ ব্যবস্থাপনা সংক্রান্ত প্রস্তুতকারীর নির্দেশিকা অনুসরণ করুন।
  특별한 관리 사항에 대해서는 제조사의 지침을 따른다.
- আপনার লাইফ জ্যাকেট ব্যবহার করার আগে সেটি ব্যবহার যোগ্য কিনা চেক করুন।
  구명 조끼(구명 동의)를 착용하기 전에 양호한 상태인지 점검 한다.

• প্লাস্টিক বা ধাতব উপাদানগুলো ক্ষতি বা ক্ষয়ের যে কোনো লক্ষণ থেকে মুক্ত কিনা চেক করুন।
금속 또는 플라스틱 부품이 부러지거나 변형되거나 또는 부식으로 약해졌는지 확인

• ফিতে ছিঁড়ে যাচ্ছে কিনা চেক করুন এবং নিশ্চিত করুন যে সমস্ত অংশ ঠিকভাবে সংযুক্ত রয়েছে।
고정끈 또는 띠가 뜯어지거나, 찢어지거나 또는 연결부에서 분리되었는지 확인

• লাইফ জ্যাকেটের সমস্ত অংশ আস্তে আস্তে টেনে নষ্ট হওয়ার ভয় আছে কিনা তা দেখুন এবং সমস্ত অংশগুলো ব্যবহার যোগ্য কিনা তা নিশ্চিত করুন
부속품을 여러 번 당겨보았을 때 부식되었거나 기능을 제대로 못하는지 확인

• কাপড়ের ও কোটেড সারফেসের দুই প্রান্তের জোড়ের ছেঁড়া বা বিভক্ত অংশগুলো চেক করুন।
천이나 코팅면이 뜯어지거나, 찢어지거나, 이음매가 벌어져서 부력이 없는지 확인

• শক্ত, অঙ্গবিকৃতি, স্নিগ্ধতা, বা ব্যাকটেরিয়াজনিত সংক্রমণের কোনো লক্ষণের জন্য প্লবনশীল উপাদনগুলো চেক করুন।
부력재가 경화, 영구변형, 기름 흡수 또는 세균이나 곰팡이의 흔적 등이 있는지 확인

• নিশ্চিত করুন যে সমস্ত প্লবনশীল উপাদানগুলো সঠিক অবস্থানে রাখা আছে।
부력재가 소실되거나 원래 위치에 고정되어 있는지 확인

- নষ্ট হয়ে যাওয়া লাইফ জ্যাকেট সম্পর্কে সুপারভাইজর বা ব্যবসার মালিককে জানান। কখনই নষ্ট হয়ে যাওয়া লাইফ জ্যাকেট পড়বেন না।
  손상된 구명 조끼(구명 동의)에 대해서 관리 감독자(선장) 또는 선주에게 보고한다. 손상된 구명 조끼(구명 동의)를 착용 해서는 안된다.
- রেখে দেওয়ার আগে লাইফ জ্যাকেট পরিষ্কার করুন।
  구명 조끼(구명 동의)를 적절하게 세척, 보관한다.

• লাইফ জ্যাকেট পরিষ্কার করার জন্য সাবান জল ব্যবহার করুন।
순한 비눗물을 사용해서 구명 조끼(구명 동의)를 세척한다.

• লাইফ জ্যাকেট ড্রাই ক্লিন করবেন না। লাইফ জ্যাকেট পরিষ্কার করার জন্য কড়া ডিটারজেন্ট, পেট্রল, বা সলভেন্ট ব্যবহার করবেন না।
구명 조끼(구명 동의)의 얼룩을 제거하기 위해서 드라이 클리닝, 강한 세제, 휘발유, 또는 유기 용제를 사용하지 않는다.

• ভিজে লাইফ জ্যাকেট রেখে দেবেন না। তাপ ও সরাসরি সূর্যালোকের বদলে আপনার লাইফ জ্যাকেট বাতাস দিয়ে শুকিয়ে নিন।
구명 조끼(구명 동의)는 젖어있는 상태로 보관하지 않는다. 먼저 직사 광선이나 뜨거운 열원을 피해서 자연 건조 시킨다.

• যখন ব্যবহার হয় না, তখন শুষ্ক ও বায়ু চলাচল করে এমন জায়গায় লাইফ জ্যাকেট রাখুন।
구명 조끼(구명 동의)를 사용하지 않을 때는, 어선내 건조하고 환기가 잘되며 쉽게 사용 할 수 있는 곳에 보관한다.




- জরুরি অবস্থার সময়ে লাইফ জ্যাকেট যেন ফোলে এবং সঠিকভাবে কাজ করে তাই আপনার লাইফ জ্যাকেট পরিদর্শন করুন এবং যত্ন নিন। আপনার লাইফ জ্যাকেট মেরামতের রেকর্ড রাখুন।
  구명 조끼(구명 동의)가 자동으로 부풀어올라 정상 기능을 할 수 있는지에 대한 점검 및 유지·관리 내용을 기록해 놓는다.

OPEN 공공누리

# লাইফ জ্যাকেট – নির্বাচন

구명 조끼(구명 동의) – 선정

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다
2016-교육미디어-871

Bangladesh

## প্লবতার রেটিং 부력 등급

- লাইফ জ্যাকেটের প্লবতার রেটিং কমপক্ষে 75N (নিউটন) হওয়া আবশ্যক। লাইফ জ্যাকেটের প্লবতার রেটিং থেকে বোঝা যায় যে জলে এটি কত ভালো ভাবে ভাসতে পারবে। লাইফ জ্যাকেট নির্বাচন করার সময় আপনার শরীরের, কাপড় ও প্রতিরক্ষামূলক সরঞ্জামের মিলিত ওজনের সাথে মাননসই এমন প্লবতা রেটিং বেছে নিন।
  구명 조끼(구명 동의)의 부력은 최소한 75N(Newton) 이상이어야 한다. 부력 등급은 구명 조끼(구명 동의)가 물 위에서 자연 스럽게 유지할 수 있는 중량을 의미한다. 구명 조끼(구명 동의)의 부력 등급은 작업자의 체중과 의복, 그리고 보호구를 모두 포함한 중량에 적합해야 한다.
- একা কাজ করার সময় পার্সোনাল ফ্লোটিং ডিভাইস (PFD) বা 93N বা তার বেশী রেটিংয়ের লাইফ জ্যাকেট ব্যবহার করুন যা পরিধানকারীর উল্টে যাওয়া প্রতিরোধ করে।
  단독으로 작업하는 경우, 전복되지 않고 자동 복원력이 있는 93N(Newton) 이상의 부력을 가진 개인 부양 기구(PFD) 또는 구명 조끼를 착용을 권장한다.

※ "একা কাজ করা" মানে হল এমন কোনো অবস্থান/পরিবেশে কাজ করা যেখানে আপনি জল/পানিতে পড়ে গেলে অবিলম্বে সাহায্য পাওয়া যাবে না।
'단독으로 작업한다'는 의미는 물에 빠졌을 때 즉시 도움을 받을 수 없는 장소에서 작업함을 말한다.

## আকার 크기

- আপনার লাইফ জ্যাকেট আপনার শরীরের সমানুপাতিক হতে হবে। আলগা লাইফ জ্যাকেট পরিধান করলে আপনি জল/পানিতে পড়লে তা খুলে যেতে পারে। আপনার উচ্চতা ও বুকের মাপের ভিত্তিতে আপনার লাইফ জ্যাকেটের আকার নির্বাচন করুন।
  구명 조끼(구명 동의)는 신체 크기에 맞아야 한다. 너무 크면 물에 들어갔을 때 미끄러져 벗겨질 수 있다. 가슴 크기와 체중을 기준으로 적정 크기를 선택한다.

### » আপনার শরীরের সঙ্গে মানানসই লাইফ জ্যাকেট নির্বাচন 몸 맞는 구명 조끼(구명 동의) 선택방법

– লাইফ জ্যাকেট নিয়ে দেখুন সেটি আপনার শরীরে কত ভালো ভাবে ফিট হচ্ছে।
착용 후, 몸에 잘 맞는 지 확인해 본다.

1. লাইফ জ্যাকেট পড়া ও শক্ত করে লাগানোর ক্ষেত্রে প্রস্তুতকারীর নির্দেশনা অনুসরণ করুন। লাইফ জ্যাকেট কোনো অস্বস্তি ছাড়া সুন্দরভাবে ফিট হতে হবে।
   제조사의 설명에 따라서 착용하고 조임끈이나 기타 고정 장치를 사용한다. 불편하지 않을 정도로 몸에 밀착되어야 한다.
2. অন্য কারো দ্বারা লাইফ জ্যাকেটের কাঁধের দিকটি টেনে ঠিক করে নিন। যদি লাইফ জ্যাকেটকে টানলে আপনার মাথা দিয়ে খুলে যায় তাহলে সেটিকে আরো শক্ত করুন। যদি তাও খুলে যায় তাহলে এটি অনেক বড়।
   다른 사람이 어깨 위로 당겨보도록 한다. 만일 구명 조끼(구명 동의)가 코나 얼굴 부위로 빠르게 벗겨진다면, 조임끈을 더 강하게 조인다. 만일 계속 벗겨진다면 크기가 너무 큰 것이다.

– আপনার জন্য আদর্শ লাইফ জ্যাকেট খুঁজতে আপনার কর্ম পোশাকের উপরে সেটি পড়ুন।
최상의 착용감을 위해서는, 평소 작업 시 착용했던 복장 상태로 구명 조끼(구명 동의)를 착용해 본다.

– সম্ভব হলে, স্যুইমিং পুল বা শ্যালোর জল/পানিতে আপনার লাইফ জ্যাকেট কেমন কাজ করে তার পরীক্ষা করুন। জলে আপনার লাইফ জ্যাকেট কেমন কাজ করছে তা আগে জানা থাকলে জরুরি পরিস্থিতিতে আপনি দ্রুত তা পড়ে নিতে পারবেন।
가능하다면, 수영장이나 얕은 물에서 구명 조끼(구명 동의)가 어떤 역할을 하는지 시험해 본다. 구명 조끼(구명 동의)가 어떤 역할을 하는지 미리 체험해보면, 실제 응급 상황에서 잘 대처할 수 있다.

## নতুন লাইফ জ্যাকেট ব্যবহার করার আগে 새로운 구명 조끼(구명 동의)를 사용하기 전에

- কীভাবে আপনার নতুন লাইফ জ্যাকেট উপযুক্তভাবে ব্যবহার করা যায়, চুপসানো যায়, ভাঁজ করা/ খোলা যায়এবং ধোঁয়া/ যত্ন নেওয়া যায় তা সম্পর্কে জানতে প্রস্তুতকারীর নির্দেশিকা পড়ুন।
  제조사의 사용 설명서(올바른 사용법, 사용 후 공기 배출 방법, 접고 펴는 방법, 특정한 관리법, 세척 및 보관 방법 등)를 읽어본다.
- আপনাকে জল/পানিতে ভাসিয়ে রাখতে পারবে এমন লাইফ জ্যাকেট নির্বাচন করুন। আপনাকে স্বাচ্ছন্দ্যে কাজ করতে দেবে এমন অনুমোদিত লাইফ জ্যাকেট নির্বাচন করুন।
  사용자의 신체를 부양할 수 있고, 착용 후 작업이 용이한 형식 승인된 제품을 선택한다.

OPEN 공공누리 공공저작물 자유이용허락

# ফিশারি শ্রমিকদের জন্য ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম
어업 관련 종사자를 위한 개인보호구

# লাইফ জ্যাকেট – ব্যবহার
구명 조끼(구명 동의) – 착용

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다
2016-교육미디어-870

Bangladesh

## ফিশিং বোটে কাজ করার সময় লাইফ জ্যাকেট পড়ে থাকা 어선 구명 조끼(구명 동의) 착용

- আপনার লাইফ জ্যাকেটের প্লবতার রেটিং অবশ্যই 75N (নিউটন) হতে হবে। এটি অবশ্যই ন্যূনতম 24 ঘন্টার মতো ভেসে থাকতে পারবে এবং এতে একটি বাঁশি বা হুইসল থাকতে হবে।

  * সমুদ্র এবং মৎস্য মন্ত্রণালয় দ্বারা অনুমোদিত ফিশিং সরঞ্জামের তালিকা দেখুন।
  구명 조끼(구명 동의)의 부력은 최소한 75N(Newton) 이상이고 최소 24시간이상 물위에서 부력이 확보 되어야 하며 호각이 부착되어 있어야 한다.
  (해양수산부 고시 어선용품의 형식승인 시험 및 검정 등에 관한 기준 참조)

- একা কাজ করার সময় 93N বা তার বেশী রেটিংয়ের লাইফ জ্যাকেট ব্যবহার করুন যা পরিধানকারীর উল্টে যাওয়া প্রতিরোধ করে।
  단독으로 작업할 경우, 전복되지 않고 자동 복원력이 있는 93N(Newton) 이상의 부력을 가진 구명 조끼(구명 동의)착용을 권장한다.

  ※ "একা কাজ করা" মানে হল এমন কোনো অবস্থান/পরিবেশে কাজ করা যেখানে আপনি জল/পানিতে পড়ে গেলে অবিলম্বে সাহায্য পাওয়া যাবে না।
  '단독으로 작업한다'는 의미는 물에 빠졌을 때 즉시 도움을 받을 수 없는 장소에서 작업함을 말한다.

- আপনের লাইফ জ্যাকেটের সামনের অংশ- আপনি ভেসে থাকা অবস্থায় যে অংশটি দেখা যায়-সেটিতে অবশ্যই দৃশ্যমান বাড়ানোর জন্য সাদা ও রূপোর প্রতিফলনযুক্ত টেপ লাগানো থাকতে হবে। 물속에 빠졌을 때 쉽게 발견될 수 있도록, 구명 조끼의 수면 윗부분에 역반사재(흰색 또는 은색 반사체 등)가 부착되어 있어야 한다.
- জলে ডোবানোর সময় আপনার লাইফ জ্যাকেট যেন চুপসানো ও ভাঁজ করা অবস্থা থেকে স্বয়ংক্রিয়ভাবে ফুলে যায়, ম্যানুয়ালি অপারেট করা কৌশলে যেন অবিলম্বে ফুলে যায় অথবা ভালভ দিয়ে হাওয়া ভর্তি করলে যেন ফুলে যায়।
  구명 조끼(구명 동의)가 부력이 없는 상태로 접혀진 형태라면, 침수 시 자동적으로 팽창하고, 한 번의 수동 동작으로 팽창될 수 있는 장치를 가지고 있어야 하며, 입으로 불어 팽창시킬 수 있어야 한다.

- আপনার কাজের পোশাকের উপর অটো-ইনফ্লেটেড লাইফ জ্যাকেট পড়ুন। লাইফ জ্যাকেটের ফুলে যাওয়ার ক্ষেত্রে বাধার সৃষ্টি করে এমন যে কোনো বস্তু অপসারণ করুন। 의복 위에 자동 팽창식 구명 조끼를 착용한다. 필요시 팽창을 방해할 수 있는 어떠한 것도 부착하지 않는다.

## লাইফ জ্যাকেটের প্লবতার রেটিংয়ের ব্যাখ্যা 상황마다 구명 조끼(구명 동의) 부력 등급이 다른 이유

- 75N এর প্লবতা রেটিংয়ের লাইফ জ্যাকেট আপনার মাথা জল/ পানির উপরে রাখে এবং অজ্ঞান হতে দেয় না।
  부력 등급이 75N(Newton)인 구명 조끼는 수면 위로 머리를 부양해서 의식을 유지하기 위한 목적이다.

- 93N প্লবতা রেটিংয়ের লাইফ জ্যাকেট পরিধানকারীর মাথা, গলা ও বুক জলের উপরে রাখে।
  부력 등급이 93N(Newton)인 구명 조끼는 의식을 잃은 작업자의 머리, 목, 가슴을 수면 위로 유지하기 위한 목적이다.(단독으로 작업할 때 필요)

## সর্বদা লাইফ জ্যাকেট পড়ার উদাহরণ 구명 조끼 상시 착용해야 하는 사례





- ছোটো ফিশিং বোটে একা কাজ করার সময়
  소형어선에 혼자 승선하여 어로에 종사하는 경우
- যদি 12 বছরের কম বয়সী কোনো শিশু ছোট জাহাজে চড়ে থাকলে
  12세 미만의 소아가 소형선박에 승선하여 향해하는 경우
- দুর্যোগপূর্ণ আবহাওয়া ও নিরাপত্তার অর্ন্তভুক্তির ক্ষেত্রে
  기상 및 해상상태가 악화되어, 안전확보를 위해 필요한 경우
- ছোট জাহাজের ওয়েদার ডেকে চড়ে থাকলে
  소형선박의 폭로갑판에 승선하고 있는 경우

OPEN 공공누리

산업재해예방 안전보건공단

# ক্ষতিকারক পদার্থ নিয়ে কাজ করার ক্ষেত্রে শ্রমিকদের জন্য ব্যক্তিগত প্রতিরক্ষা সরঞ্জাম
유해물질 노출 근로자를 위한 개인 보호구

# ফিল্টার দেয়া শ্বাসমুখোশ - এঁটে লেগে আছে কিনা তা চেক করা
안면부 여과식 호흡용 보호구 - 밀착도 점검

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다
2016-교육미디어-869

Bangladesh

## কখন বায়ুনিরোধিতার জন্য শ্বাসমুখোশ চেক করবেন 밀착도 점검을 해야하는 시기

- শ্বাসমুখোশ প্রতিবার ব্যবহার বা সামঞ্জস্য করার পর চেক করবেন।
  매번 호흡용 보호구를 착용하거나 조절할 때마다 점검 실시

## শক্ত ভাবে এঁটে আছে তা কীভাবে চেক করবেন 밀착도 점검 방법

1. মাস্ক বা মুখোশে একটি সাকশন ইউনিট এবং একটি ডিসচার্জ ভালভ আছে কিনা তা চেক করুন।
   호흡용 보호구에 흡기구와 배기 밸브가 모두 있는지 확인한다.
2. সাকশন ইউনিট এবং ডিসচার্জ ভালভ উভয়েই সঠিকভাবে কাজ করছে কিনা তা চেক করুন।
   흡기구와 배기 밸브가 양호한 상태이고 제대로 부착되어 있는지 확인한다.
3. শ্বাসমুখোশটি পড়ুন।
   호흡용 보호구를 착용한다.
4. মাস্ক বা মুখোশটি আপনার মুখে স্বচ্ছন্দে এঁটে না লাগা পর্যন্ত মাথায় বাঁধার ফিতেটি শক্ত করে বাঁধতে থাকুন।
   호흡용 보호구가 편안하게 밀착될 때까지 머리 고정끈을 조인다.
5. বায়ুনিরোধিতার জন্য নিম্নে বর্ণিত দু'টি পদ্ধতির মধ্যে একটি প্রয়োগ করুন।
   아래의 두 종류 중 한 가지 밀착도 점검을 한다.

### » নেগেটিভ চাপ পরীক্ষা 음압 밀착도 점검

শ্বাসমুখোশের ভিতরে আপনার শ্বাস নেওয়ার সময় নেগেটিভ চাপ তৈরি হয়।
숨을 들이쉴 때(흡입할 때) 안면부 내부에 음압이 발생한다.



1. আপনার হাতের তালু দিয়ে বা ছোট প্লাস্টিকের টুকরা ব্যবহার করে বা বিশেষ যন্ত্রের মাধ্যমে শ্বাসমুখোশের সাকশন ইউনিটটি আবৃত করুন
   손바닥, 플라스틱 조각, 또는 특별히 제작된 보조기구를 사용해서 정화통 또는 여과재의 흡기구를 가볍게 덮어서 막는다.
2. হালকা প্রশ্বাস নিয়ে এবং আপনার শ্বাস 10 সেকেন্ডের মতো ধরে রেখে রিসেপটরের অভ্যন্তর বায়ুশূন্য করুন।
   진공 상태를 만들기 위해서 숨을 가볍게 들이킨 후 10초 정도 그대로 있는다.
3. বায়ু নিরোধক মুখের মাস্ক মুখের দিকে সরে যাবে এবং এই অবস্থানে থাকবে। পাশে, উপরে বা নিচে কোনো এয়ার লিক থাকা যাবে না।
   밀착성이 양호한 경우에는, 안면부가 얼굴 방향으로 약간 접힌 상태를 유지하게 된다. 양 옆, 상단, 또는 하단으로 공기가 새지 않아야 한다.
4. যদি মুখের মাস্ক মুখের দিকে ঠিকভাবে না থাকে বা সঠিক অবস্থানে না থাকে তাহলে এর মধ্যে এয়ার লিক আছে। ডিসচার্জ ভালভ চেক করুন, রিসেপটর আবার ঠিক করে লাগান এবং মাথার ফিতে সামঞ্জস্য করুন। বায়ু নিরোধক কিনা আবার একবার চেক করুন।
   만일 안면부가 접힌 상태를 유지하지 않는다면, 공기가 새는 것이다. 배기 밸브를 점검하고, 호흡용 보호구 위치를 변경한 후 머리 고정끈을 조절한다. 그리고 밀착도 점검을 다시 실시한다.

### » পজিটিভ চাপ পরীক্ষা 양압 밀착도 점검

পজিটিভ চাপ শ্বাসমুখোশের ভিতরে আপনার নিঃশ্বাস বের করার সময় তৈরি হয়।
숨을 내쉴 때(배출할 때) 안면부 내부에 양압이 발생한다.



1. আপনার হাতের তালু দিয়ে ডিসচার্জ ভালভ আবৃত করুন।
   손바닥으로 배기 밸브를 덮거나 마개를 부착하여 막는다.
2. হালকা নিঃশ্বাস ছেড়ে এবং আপনার শ্বাস 10 সেকেন্ডের মতো ধরে রেখে রিসেপটরের অভ্যন্তর বায়ুশূন্য করুন।
   진공상태를 만들기 위해서 숨을 가볍게 내쉰 후 10초 정도 그대로 있는다.
3. বায়ু নিরোধক মুখের মাস্ক স্ফীত হবে এবং এই অবস্থানে থাকবেপাশে, উপরে বা নিচে কোনো এয়ার লিক থাকা যাবে না।
   밀착성이 양호한 경우에는, 안면부가 불룩해진 상태를 유지하게 된다. 양 옆, 상단, 또는 하단으로 공기가 새지 않아야 한다.
4. যদি এয়ার লিক হয়ে থাকে তাহলে সাকসন ইউনিট চেক করুন, রিসেপটর আবার ঠিক করে লাগান এবং মাথার ফিতে সামঞ্জস্য করুন। বায়ু নিরোধক কিনা আবার একবার চেক করুন।
   만일 공기가 샌다면, 흡기구를 확인하고, 호흡용 보호구 위치를 변경한 후 머리 고정끈을 조절한다. 그리고 밀착도 점검을 다시 실시한다.

– যদি বায়ু নিরোধক পরীক্ষা কয়েকবার পালন করার পরও তা এঁটে লেগে না থাকে তাহলে অবিলম্বে সুপারভাইজর বা নিয়োগকর্তাকে সমস্যার বিষয়ে জানান।
밀착도 점검을 몇 차례 한 후에도 밀착이 되지 않는다면, 문제점을 즉시 관리 감독자 또는 사업주에게 보고해야 한다.

OPEN

산업재해예방 안전보건공단

ক্ষতিকারক পদার্থ নিয়ে কাজ করার ক্ষেত্রে শ্রমিকদের জন্য ব্যক্তিগত প্রতিরক্ষা সরঞ্জাম
유해물질 노출 근로자를 위한 개인 보호구

# ফিল্টার দেয়া শ্বাসমুখোশ- পরিষ্কার করা

안면부 여과식 호흡용 보호구 – 세척

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다
2016-교육미디어-868

Bangladesh

## কাজ চলাকালীন রেসপিরেটর (শ্বাসমুখোশ) পরিষ্কার করা 작업 중 세척하기



- কোন কোন সময় আপনাকে আপনার কাজের মধ্যেই আপনার রেসপিরেটর (শ্বাসমুখোশ) পরিষ্কার করতে হতে পারে। আপনার বিরতি বা খাওয়ার শেষ করার পরে কয়েক মিনিট সময় নিয়ে একটি ভিজে কাপড় দিয়ে আপনার রেসপিরেটরের (শ্বাসমুখোশ) ভিতর পরিষ্কার করে নিন।
  작업시간 중에 종종 호흡용 보호구를 간단하게 세척해야 하는 경우가 있다. 잠시 쉬거나 식사 시간 후, 호흡용 보호구를 다시 착용하기 전에 젖은 헝겊을 사용해서 안면 밀착부와 안면부 내부를 닦는다.

## নিয়মিত রেসপিরেটর (শ্বাসমুখোশ) পরিষ্কার করা 정기 세척 지침

### 01 ফিল্টারটি বিচ্ছিন্ন করুন।
여과재 또는 정화통을 분리한다.

1. ফিল্টারটি আর্দ্র বা ভিজে যাওয়া উচিত নয়।
   여과재 또는 정화통은 습기가 차거나 젖어 있으면 안된다.
2. ফিল্টারের বাইরের অংশ একটি ভিজে কাপড় দিয়ে পরিষ্কার করে নিন।
   젖은 천으로 정화통 외관을 닦는다.
3. ফিল্টারের ভিতর পরিষ্কার করবেন না।
   정화통 내부는 세척하지 않는다.
4. যদি ফিল্টারটি রঙ বা অন্য কোন দূষিত পদার্থ দ্বারা খুব বেশিমাত্রায় ময়লা হয়ে থাকে তাহলে ফিল্টারটি বদলান।
   여과재 또는 정화통에 페인트나 이물질이 많이 묻어있는 경우에는 교체한다.

### 02 মাথার ফিতে, গ্যাস্কেট এবং ডিসচার্জ ভালভ আলাদা করুন।
머리 고정끈, 개스킷(gasket), 배기밸브를 분리한다.

### 03 মুখের মুখোশটি উষ্ণ জলে ডুবান এবং যত্ন করে ধুয়ে নিন। গরম জল ব্যবহার করবেন না যেহেতু এটি মুখের মুখোশের আকার পাল্টে দিতে পারে।
안면부를 따뜻한 물에 넣어 조심히 씻는다.

너무 뜨거운 물을 사용하면 안면부가 변형될 수 있다.

1. একটি মৃদু মাত্রার সাবান ব্যবহার করুন।
   순한 비누를 사용한다.
2. নাছোড়বান্দা ময়লা এবং দাগ তুলতে একটি নরম ব্রাশ ব্যবহার করুন।
   잘 제거되지 않는 이물질을 제거할 때는 부드러운 솔을 사용한다.
3. আপনার রেসপিরেটর (শ্বাসমুখোশ) পরিষ্কার করার জন্য কখনোই টার্পেন্টাইন বা গ্যাসোলিনের মত জৈব দ্রবণ ব্যবহার করবেন না।
   테레빈유 또는 휘발유와 같은 유기 용제는 절대로 사용하지 않는다.

### 04 মুখের মুখোশটি সাবানের ফেনা থেকে মুক্ত রাখতে পরিষ্কার উষ্ণ জল এবং একটি ডিসইনফেকট্যান্ট ব্যবহার করুন।
깨끗하고 따뜻한 물을 사용해서 안면부의 비누 잔유물이나 소독액을 씻어낸다.

### 05 একটি পরিষ্কার জায়গায় মুখের মুখোশটিকে শুকোন বা জামাকাপড় টাঙানোর দড়িতে এটিকে ঝুলিয়ে দিন।
안면부를 표면이 깨끗한 장소에 두거나 줄에 일렬로 걸어서 건조시킨다.

1. মুখের মুখোশটিকে এমনভাবে রাখুন যাতে শুকোতে গিয়ে এটির আকার পাল্টে না যায়।
   안면부가 변형되지 않도록 한다.
2. মুখোশটিকে ভালোভাবে শুকোনোর আগে অতিরিক্ত আর্দ্রভাব মুছে ফেলতে একটি রোঁয়াহীন নরম কাপড় ব্যবহার করুন।
   천을 사용해서 물기를 닦는 경우에, 부드럽고 보푸라기가 없는 천을 사용한다.

### 06 ডিসচার্জ ভালভ এবং গ্যাস্কেটটিকে যত্ন করে ধোবেন।
배기밸브와 개스킷(gasket)을 주의해서 씻는다.

1. আর্দ্রতা নেই এমন পরিবেশে শুকোন। এমনভাবে শুকোতে দিন যা ডিসচার্জ ভালভের আসল আকারটি ধরে রাখতে সাহায্য করবে।
   건조한 공기 중에서 말리며, 배기밸브가 원래 모양을 유지하도록 건조한다.
2. বেঁকে যাওয়া বা ক্ষতিগ্রস্ত ডিসচার্জ ভালভটি নতুন ডিসচার্জ ভালভ দিয়ে পাল্টে ফেলুন।
   휘어지거나 손상된 배기밸브는 새 것으로 교체한다.

### 07 রেসপিরেটরের (শ্বাসমুখোশ) অংশগুলোকে নির্মাতার দ্বারা যাচাই করা নিশ্চিত অংশ দিয়েই বদলান। সঠিক ক্রমে অংশগুলোকে একত্রিত করুন।
호흡용 보호구의 모든 부품이 제조사 인증을 받은 것인지 확인하고 정확한 위치에 재조립한다.

### 08 ফিল্টারটিকে আবার একত্রিত করুন।
여과재 또는 정화통을 다시 부착한다.

রেসপিরেটর (শ্বাসমুখোশ) পরিষ্কার করা ও জীবাণুমুক্ত করার পদ্ধতি ভিন্ন হতে পারে। আপনার রেসপিরেটর (শ্বাসমুখোশ) পরিষ্কার করার আগে অনুগ্রহ করে নির্মাতার নির্দেশনাগুলো দেখে নিন। 위 호흡용 보호구의 세척 및 소독 지침은 제품별 상이할 수 있으므로 제조사의 지침을 따라야 함

OPEN 공공누리

산업재해예방 안전보건공단

# শ্বাসমুখোশের সংরক্ষণ

호흡용 보호구 - 보관

조심조심 코리아
작업전 안전점검
당신의 생명을 지킵니다
2016-교육미디어-867

Bangladesh

## » শ্বাসমুখোশ 호흡용 보호구

শ্বাসমুখোশগুলোকে আবার সীল করা যাবে এমন প্লাস্টিক ব্যাগে ভরে পরিষ্কার রাখুন।
호흡용 보호구를 재 밀봉 가능한 비닐백에 보관하여 깨끗하게 관리한다.



## সংরক্ষণ 보관 방법

- শ্বাসমুখোশগুলোকে ধূলো এবং দূষিত পদার্থ থেকে বাঁচাতে আবার সীল করা যাবে এমন প্লাস্টিক ব্যাগে সংরক্ষণ করুন।
  재밀봉 가능한 비닐백에 호흡용 보호구를 보관한다. 이는 호흡용 보호구를 분진으로부터 보호하고 깨끗하게 관리할 수 있다.
  - আবার সীল করা যাবে এমন প্লাস্টিক ব্যাগটি যেন পরিষ্কার হয় তা নিশ্চিত করে নিন।
    재밀봉 가능한 비닐백은 깨끗하게 관리해야 한다.
  - প্লাস্টিক ব্যাগটি যাতে আবার সীল করা যায় এবং ক্ষয়ক্ষতিমুক্ত হয় তা যাচাই করে নিন।
    비닐백은 재밀봉이 가능한지, 손상되지 않았는지 확인한다.
  - প্রয়োজন হলে প্লাস্টিক ব্যাগটি পাল্টে ফেলুন।
    필요한 경우에는 비닐백을 교체한다.
- সংরক্ষণের সময় শ্বাসমুখোশের ফিতে এবং মুখের মুখোশটিকে টান পড়া থেকে বাঁচান।
  안면부와 고정끈이 구부러지거나 늘어나지 않도록 보관한다.
- ক্যাবিনেট বা মনোনীত সংরক্ষণের বাক্সের মত নিরাপদ জায়গাতেই শ্বাসমুখোশ রাখুন।
  캐비넷이나 사물함 등과 같은 안전한 장소에 보관한다.
- অন্যান্য যন্ত্রপাতির সাথে শ্বাসমুখোশ রাখবেন না। শ্বাসমুখোশ হয়তো যন্ত্রপাতির দ্বারা ক্ষতিগ্রস্ত হতে পারে।
  다른 작업 공구들과 함께 보관하지 않는다. 작업 공구들이 호흡용 보호구를 손상시킬 수 있다.
- গাড়ী বা তাপমাত্রার ওঠানামা হতে পারে এমন জায়গায় শ্বাসমুখোশ সংরক্ষণ করার সময়, সঙ্কোচন রোধ করতে আবার সীল করা যায় এমন প্লাস্টিক ব্যাগটিকে অল্প একটু খুলে দিন।
  자동차 또는 온도 변화가 심한 곳(너무 덥거나 너무 추운 곳)에 두는 경우에는, 재밀봉 가능한 백을 약간 열어 두어 습기가 차는 것을 방지한다.

ক্ষতিকারক পদার্থ নিয়ে কাজ করার ক্ষেত্রে শ্রমিকদের জন্য ব্যক্তিগত প্রতিরক্ষা সরঞ্জাম
유해물질 노출 근로자를 위한 개인 보호구

# নিষ্পত্তিযোগ্য শ্বাসমুখোশের ব্যবস্থাপনা

일회용 호흡용 보호구 - 관리

조심조심 코리아
작업전 안전점검 당신의 생명을 지킵니다
2016-교육미디어-866

Bangladesh

## » নিষ্পত্তিযোগ্য শ্বাসমুখোশ 일회용 호흡용 보호구

নিষ্পত্তিযোগ্য শ্বাসমুখোশ কাপ বা ভাঁজের মত আকারে পাওয়া যায়। কয়েকটির আবার একটি ডিসচার্জ ভাল্ভের সাথে পাওয়া যায়; অন্যগুলোতে এই বৈশিষ্ট্যটি থাকে না।

일회용 호흡용 보호구에는 일반적으로 컵식, 접이식, 배기밸브 부착형 및 미부착형 등 다양한 형태가 있다.



কাপ আকার
컵식



একটি ডিসচার্জ ভালভ সহ
배기밸브 부착형



ভাঁজ আকার
접이식

## রক্ষণাবেক্ষণ 관리 방법

- মুখোশটিকে মুখের সাথে আটকানোর জন্য শ্বাসমুখোশে দু'টি ফিতে থাকে। দু'টি ফিতেই যেন উপস্থিত থাকে।
  얼굴에 제대로 밀착하기 위해서 호흡용 보호구에는 두 개의 고정끈이 있다. 양쪽 고정끈 모두가 있어야 한다.
- আপনার সেফটি হেলমেট, টুপি বা কান টুপির নিচের ফিতেগুলো পরুন। ভুলভাবে ফিতেগুলো পরলে তা শ্বাসমুখোশের মুখোশ অংশটিকে বেঁকিয়ে দিতে পারে বা ফিতেগুলো লম্বা করে দিতে পারে, যার ফলে মুখের সাথে এঁটে থাকার ক্ষমতা কমে যেতে পারে।
  고정끈은 안전모, 모자, 또는 귀덮개 안쪽으로 착용한다. 만일 고정끈을 잘못 착용하면 안면부가 휘어지거나, 고정끈이 늘어나거나, 또는 밀착이 안 될 수 있다.
- কাপের মত শ্বাসমুখোশকে এর আসল অবস্থাতেই সংরক্ষণ করুন। সেগুলোকে ভাঁজ করবেন না যেহেতু ভাঁজ করলে তা ফিল্টারটিতে ভাঁজের দাগ পড়তে পারে এবং যার ফলে মুখের সাথে এঁটে থাকার ক্ষমতা কমে যেতে পারে। ভাঁজ করা শ্বাসমুখোশগুলিকে ভাঁজ করে সরিয়ে রাখা যেতে পারে।
  컵식 호흡용 보호구는 원래 형태 그대로 보관한다. 만일 접어서 보관하면 필터에 주름이 생기고 얼굴에 제대로 밀착되지 않을 수 있다.(접이식 호흡용 보호구는 해당되지 않는다.)

## পরীক্ষা 점검 방법

- যদি নিম্নলিখিত সমস্যাগুলোর একটিও দেখা দেয় তাহলে আপনার শ্বাসমুখোশটি ফেলে দিন এবং আপনার শ্বসনতন্ত্রকে পরিবেশের দূষণকারী পদার্থ থেকে বাঁচাতে একটি নতুন শ্বাসমুখোশ ব্যবহার করুন। আপনার শ্বাসমুখোশ ফেলে দিতে বাঁধার ফিতেগুলো ব্যবহার করুন।
  호흡용 보호구에서 아래의 문제점들 중 한 가지라도 발견될 경우에는, 폐기하고 새 것으로 교체해서 공기 중 오염물질으로부터 호흡기를 보호할 수 있도록 한다. 고정끈을 사용해서 호흡용 보호구를 폐기한다.

| | | | |
|---|---|---|---|
